শিক্ষক সহায়িকা

# শিল্পকলা

(চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা)

তৃতীয় শ্রেণি



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত ২০২৪ শিক্ষাবর্ষ হতে
শিক্ষকদের জন্য পরীক্ষামূলক সংস্করণ

# শিক্ষক সহায়িকা

# শিল্পকলা

(চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা)

## তৃতীয় শ্রেণি


**রচনা**

---

**চারু ও কারুকলা**
রবিউল ইসলাম
জাকির হোসেন ফকির

**সংগীত**
রীনাত ফওজিয়া
নিরেশ চন্দ্র মুখার্জী

**নৃত্যকলা**
মুনমুন আহমেদ
ওয়ার্দা রিহাব

**নাট্যকলা**
ড. রশীদ হারুন
তানভীর নাহিদ খান

**শিল্প নির্দেশনা**

---

হাশেম খান

**সমন্বয়ক**

---

রেজাউল করিম বয়াতী



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

**কর্তৃক প্রকাশিত**



প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত



প্রথম মুদ্রণ: ............., ২০২৪

**চিত্রাঙ্কন**

জাকির হোসেন ফকির

আ.স.ম. আফতাব হোসেন হিমেল

**গ্রাফিক্স**

মৃনাল কৃষ্ণ দাস


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য


মুদ্রণ:

# প্রসঙ্গ কথা

শিক্ষাক্রম উন্নয়ন ও পরিমার্জন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)-এর একটি নিয়মিত ও ধারাবাহিক কার্যক্রম। 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১২ সালে প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন করা হয়। পরিবর্তনশীল পৃথিবীর সঙ্গে তাল মিলিয়ে চলতে ও সামগ্রিক বৈশ্বিক আর্থ-সামাজিক প্রেক্ষাপটে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পদার্পণের লক্ষ্যমাত্রা অর্জনে এবং চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে একটি নিরাপদ, উন্নত ও উদ্ভাবনী দেশের মর্যাদায় পৌঁছে দিতে সক্ষম একটি প্রজন্ম গড়ে তোলার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনার আলোকে একটি অভিন্ন কাঠামোতে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। শিশুর অভিজ্ঞতাভিত্তিক শিখন পরিকল্পনা করে তার সামগ্রিক বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে ২০২১ সালে সর্বশেষ শিক্ষাক্রম পরিমার্জিত হয়। আর এই পরিমার্জিত শিক্ষাক্রমে শিল্পকলা বিশেষ গুরুত্ব পেয়েছে। শিল্পকলার চারটি শাখা (চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা) কে সমন্বিতভাবে একটি শিক্ষক সহায়িকা প্রবর্তন করা হয়েছে।

শিশুর মানসিক বিকাশে এবং সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিল্পকলার চর্চা অপরিহার্য। প্রকৃতিগতভাবে প্রতিটি শিশু নিজের ভেতরে শিল্পসত্তা নিয়ে জন্মগ্রহণ করে। শিশু বয়সের আঁকিবুকি, সুর, তাল, লয়, ছন্দ চর্চার মাধ্যমে একজন মানুষ ধীরে ধীরে সুন্দর-সুশৃঙ্খল এবং রুচিশীল হয়ে গড়ে উঠতে পারে। রং, রেখা ও আঁকার ব্যবহার শেখানোর মাধ্যমে চারু ও কারুকলা, দেহভঙ্গি এবং সংলাপের মাধ্যমে কোনো চরিত্রকে রূপদানের মাধ্যমে অভিনয়শিল্প শিশুদের সৃজনশীলতার বিকাশ ঘটাতে সাহায্য করে। এসবের সাহায্যে বিদ্যালয়ে একটি শিশু আনন্দের সঙ্গে শিক্ষাকে উপভোগ করতে পারবে। সূক্ষ্ম অনুভূতি চর্চার মাধ্যমে পরিবার-পরিজন, দেশ-প্রকৃতি, সংস্কৃতি এবং ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হয়ে ভবিষ্যতে একটি শিশু পরিপূর্ণ মানুষ হয়ে গড়ে উঠবে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং-এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক সহায়িকাটি প্রণয়ন করা হয়েছে। এটি প্রণয়ন, যৌক্তিক মূল্যায়ন ও চূড়ান্তকরণের কাজে বিভিন্ন পর্যায়ে যাঁরা মেধা ও শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। যাঁদের জন্য এটি প্রণয়ন হয়েছে, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে বইটির যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিক্ষক সহায়িকাটির পরীক্ষামূলক সংস্করণে অনিচ্ছাকৃত মুদ্রণজনিত ত্রুটি-বিচ্যুতি মুক্ত রাখার সর্বোচ্চ চেষ্টা করা হয়েছে। এ বিষয়ে সম্মানিত শিক্ষকগণের সুচিন্তিত মতামত ও পরামর্শ আমরা সবসময়ই প্রত্যাশা করি।

**প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সাধারণ নির্দেশনা

শিখন-শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের সক্রিয় ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং একবিংশ শতাব্দীর দক্ষতাসমূহ অর্জনের লক্ষ্যে প্রাথমিক স্তরের শিল্পকলা বিষয়ের শিক্ষক সহায়িকা আগের চেয়ে আরো শিক্ষার্থী-বান্ধব এবং অনুসন্ধানমূলক শিক্ষনে বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে। তৃতীয় শ্রেণির এই শিক্ষক সহায়িকায় যুগপোযোগী বিষয়বস্তু নির্ধারণের পাশাপাশি শিখন-শেখানো কার্যক্রম ও মূল্যায়নের ক্ষেত্রে বিশেষ পরিবর্তন আনা হয়েছে। সকল শিক্ষর্থীর পূর্ণ শিখণ নিশ্চিত করার লক্ষ্যে ধারাবাহিক মূল্যায়নের ব্যবস্থা সংযোজন করা হয়েছে। শিক্ষার্থীর শিখন দৃশ্যমান করা ও শিক্ষার্থীর শিখন দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রতিটি পাঠে প্রয়োজনীয় ক্ষেত্রে শিখন সংগঠক (গ্রাফিক অর্গানাইজার) সংযোজন করা হয়েছে।

শিক্ষাক্রমে বর্ণিত শিখনফলসমূহ সঠিকভাবে অর্জনের উদ্দেশ্যে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শিক্ষক নিম্নের বিষয়গুলো বিবেচনা করবেন।

১. প্রতি পাঠ শুরুর পূর্বে পাঠসংশ্লিষ্ট বিষয়বস্তু, শিখনফল এবং শিখন-শেখানো কার্যাবলি মনোযোগসহকারে পড়ে প্রস্তুতি গ্রহণ করবেন।

২. শিখন নিশ্চিতকরণে প্রত্যেক শিক্ষার্থীর শিখন-চাহিদা বিবেচনা করবেন।

৩. সার্বিক মানসিক ও ভাষাগত বৈচিত্র্য বিবেচনায় শিখন-শেখানো কৌশল নির্ধারণ করবেন।

৪. শিখন-শেখানো কার্যাবলি পরিচালনার ক্ষেত্রে যথাসম্ভব শিক্ষার্থী-কেন্দ্রিক পদ্ধতি ও কৌশল অবলম্বন করবেন।

৫. শিখন-শেখানো কার্যক্রমকে অন্তর্ভুক্তিমূলক (Inclusive) করার জন্য শারীরিক ও মানসিক সক্ষমতাভেদে সকল শিক্ষার্থী যেন শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারে, তা নিশ্চিত করবেন।

৬. পাঠের সময় শিক্ষক সহায়িকার প্রতি পাঠে বর্ণিত উকরণসমূহ যথাযথভাবে ব্যবহার করবেন।

৭. পাঠসংশ্লিষ্ট উকরণসমূহ শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার পূর্বেই সংগ্রহ বা তৈরি করবেন। উপকরণ সংগ্রহ, তৈরি, ব্যবহার ও সংরক্ষণে শিক্ষার্থীদের সম্পৃক্ত করবেন।

৮. পাঠসংশ্লিষ্ট পরিকল্পিত কাজ সম্পূর্ণ করার জন্য শিক্ষক সহায়িকায় বর্ণিত নির্দেশনা যথাসম্ভব অনুসরণ করবেন। যেমন–

- কাজটি সম্পন্ন করার জন্য সময় নির্দিষ্ট করে দেবেন।
- শিক্ষার্থী কাজটা করবে এবং শিক্ষক প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করবেন।
- পাঠসংশ্লিষ্ট হাতে-কলমে কাজসমূহ বিশেষ গুরুত্ব সহকারে সম্পন্ন করবেন।
- যে সকল শিক্ষার্থীর শিখন দুর্বলতা রয়েছে তাদের ক্ষেত্রে বিশেষ নজর দেবেন।

- শিক্ষার্থীর শিখন ধারণা/ভুল ধারণা/অসম্পূর্ণ ধারণা প্রয়াসের ক্ষেত্রে ইতিবাচক থাকবেন এবং শিক্ষার্থীকে ধারণা প্রকাশে উৎসাহ প্রদান করবেন। সময় নিয়ে যুক্তিনির্ভর ও ফলপ্রসূ আলোচনার জন্য এ সকল ধারণা ব্যবহার করবেন।
- একক/দলগতকাজ শিক্ষার্থীদের দিয়ে উপস্থাপন করবেন।
- প্রত্যেক শিক্ষার্থীর সামাজিক মর্যাদাবোধ সম্পর্কে সর্বদা সচেতন থাকবেন।

৯. পাঠসংশ্লিষ্ট মূল্যায়ন চেকলিষ্ট ব্যবহার করে পাঠ চলাকালে শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়ন করবেন এবং মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন।

১০. শিক্ষার্থীর শিখন দুর্বলতা চিহ্নিত করে প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান ও নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণপূর্বক পুনর্মূল্যায়ন করবেন।

১১. শিক্ষক পাঠদানের সময় আন্তঃবিষয়ক পদ্ধতি (Inter-disciplinary Approach) অনুসরণ করে [যেমনঃ শব্দভান্ডার, ভাষাগত দক্ষতা, গাণিতিক দক্ষতা, অংকন দক্ষতা, সূক্ষ্ম ও স্থুল পেশি পরিচালনা দক্ষতা, মূল্যবোধ ও নৈতিকতাবিষয়ক দক্ষতা] এক বিষয়ের যোগ্যতার সঙ্গে অন্যান্য বিষয়ের যোগ্যতার সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন।

১২. শিক্ষক সহায়িকায় প্রতিটি অধ্যায়কে কয়েকটি পাঠে বিভাজন করা হয়েছে। শিক্ষার্থীর মানসিক পরিপক্বতা, সামর্থ্য, যোগ্যতা ও শিখন অগ্রগতি বিবেচনা করে প্রয়োজনে পাঠসংখ্যা বাড়াতে বা কমাতে পারবেন।

১৩. চারু ও কারুকলার প্রতি পাঠে ছবি আঁকার রঙ, তুলি, কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী সব সময় শিক্ষার্থীদের হাতের কাছে রাখতে সাহায্য করবেন।

১৪. সংগীতের প্রতি পাঠে প্রথম অথবা শেষ অংশে ১০ মিনিট সারগাম অনুশীলন করানোর চেষ্টা করবেন। শিক্ষার্থীদের উচ্চ স্বরে সারগাম অনুশীলন করতে বলবেন।

১৫. সংগীতের পাঠে প্রয়োজনীয় বাদ্যযন্ত্র যেমনঃ হারমোনিয়াম, তবলা-বায়া, ঢোল, অডিও, ভিডিও ও মাল্টিমিডিয়া ইত্যাদি ব্যবহার করবেন।

১৬. শিক্ষক যখন নৃত্যকলার ক্লাসে প্রবেশ করবেন, তখন তাকে এমন প্রাণবন্ত থাকতে হবে যাতে শিক্ষার্থীরা তাকে দেখেই অনুপ্রাণিত হয়।

১৭. নাট্যকলার প্রতি পাঠে নির্দিষ্ট বিষয়ের কর্মপ্রণালি সহজ সাবলীল ভাষা, বাচন ও শারীরিক ভঙ্গিমায় উপস্থাপন করে শিশুদের আগ্রহী করে তুলতে হবে।

১৮. শিক্ষক সহায়িকায় বর্ণিত শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল ছাড়াও অন্য কোনো কার্যকর পদ্ধতি ও কৌশল প্রয়োজন অনুযায়ী ব্যবহার করেত পারবেন।

১৯. শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য এই শিক্ষক সহায়িকার শেষে পারদর্শিতার নির্দেশক যুক্ত করা হয়েছে। শিক্ষক প্রতি অধ্যায় শেষে উল্লিখিত পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে শিক্ষার্থীর শিখন অগ্রগতি মূল্যায়ন করবেন।

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| **চারু ও কারুকলা** | | **১** |
| প্রথম অধ্যায় | উপকরণের সাথে পরিচিতি এবং আঁকা-গড়া | ৩ |
| দ্বিতীয় অধ্যায় | দেশীয় সমাজ এবং সংস্কৃতির বিষয় নিয়ে আঁকা-গড়া | ১৭ |
| তৃতীয় অধ্যায় | আকাঁ-গড়ার মাধ্যমে প্রাকৃতিক সৌন্দর্য ফুটিয়ে তোলা | ২৫ |
| চতুর্থ অধ্যায় | অভিজ্ঞতার আলোকে আঁকা এবং গড়া | ৩৫ |
| **সংগীত** | | **৪১** |
| প্রথম অধ্যায় | সংগীত সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা | ৪৩ |
| দ্বিতীয় অধ্যায় | জাতীয় সংগীত | ৫০ |
| তৃতীয় অধ্যায় | লোক সংগীত | ৬০ |
| চতুর্থ অধ্যায় | ছড়া গান | ৭০ |
| পঞ্চম অধ্যায় | উদ্দীপনামূলক গান | ৭৯ |
| **নৃত্যকলা** | | **৮৭** |
| প্রথম অধ্যায় | জীবন ও প্রকৃতি | ৮৯ |
| দ্বিতীয় অধ্যায় | দেশীয় সংস্কৃতি | ১০১ |
| তৃতীয় অধ্যায় | জীবন ও প্রকৃতি সংশ্লিষ্ট নৃত্য | ১১৪ |
| চতুর্থ অধ্যায় | নীতি, মানবিকতা ও সামাজিক দায়িত্ববোধ | ১২৫ |
| **নাট্যকলা** | | **১৩৫** |
| প্রথম অধ্যায় | নাট্যকলার ধারণা ও অভিনয়ের প্রারম্ভিক প্রস্তুতি | ১৩৭ |
| দ্বিতীয় অধ্যায় | অভিনয়ের প্রস্তুতি: শারীরিক ও মানসিক | ১৪৭ |
| তৃতীয় অধ্যায় | স্বকীয় চিন্তা ও কল্পনার মাধ্যমে সৃজনশীলতা প্রকাশ | ১৫৩ |
| চতুর্থ অধ্যায় | অভিনয়: নৈতিকতা ও মানবিকতা এবং সামাজিক দায়িত্ববোধ | ১৬১ |
| **পারদর্শিতার নির্দেশক** | | **১৬৮** |

# চারু ও কারুকলা



## প্রথম অধ্যায়

# উপকরণের সাথে পরিচিতি এবং আঁকা-গড়া

### শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

১.১ প্রকৃতির রং, রূপ, বৈচিত্র্য, সুর, ছন্দ, সৌন্দর্য অবলোকন করে চর্চার মাধ্যমে শিল্পকলার বিভিন্ন মাধ্যমের সাথে সম্পর্ক স্থাপন করতে পারা।

সেশন
১

## কাদামাটির ফলক চিত্র নির্মাণ

পূর্বের শ্রেণিতে শিশুরা ছবি আঁকার বিভিন্ন উপকরণ চেনার পাশাপাশি সেগুলো সংগ্রহ করে ব্যবহার করা, উপকরণ সম্পর্কে তত্ত্বীয় এবং ব্যবহারিক ধারণা অর্জন করেছে। এই সেশনে উপকরণ ব্যবহার করে শিশুরা আনন্দের সাথে খেয়াল খুশিমতো রিলিফ শিল্পকর্ম তৈরি করবে। উপকরণের মাধ্যমে রিলিফ শিল্পকর্ম তৈরি করতে গিয়ে শিশুরা বিভিন্ন শিল্পকর্মের বৈশিষ্ট্য সম্পর্কে জানবে।



## শিখন-শেখানো উপকরণ

নরম কাদামাটি, বাঁশের চটি, বেলনা, বিভিন্ন মাপের কাঠের বিট, কাঠের ছুরি, পানির পাত্র ইত্যাদি।

## বিষয়বস্তু

- নরম কাঁদামাটিকে হাতের সাহায্যে চটকে কাজের উপযোগী করা;
- কাঁদামাটির ফলক তৈরি করা;
- ইচ্ছেমতো রিলিফ শিল্পকর্ম তৈরি করা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময়ের মাধ্যমে শিখন সহায়ক এবং আনন্দদায়ক পরিবেশ তৈরি করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন;
- রিলিফ শিল্পকর্ম তৈরি করার জন্য প্রয়োজনীয় উপকরণ নমুনা হিসেবে সংগ্রহ করে শ্রেণিকক্ষে আসবেন অথবা স্থিরচিত্র প্রদর্শন করে উপকরণ সম্পর্কে ধারণা প্রদান করবেন। প্রত্যেক শিশুকে সেগুলো হাতে নিয়ে নেড়ে চেড়ে দেখতে বলবেন;
- শিশুদেরকে হাতে কলমে জ্ঞান দেবার জন্য শিক্ষক শ্রেণিকক্ষে একটি বড়ো বোর্ডের (ফুলশিট বোর্ড) উপর একটি বড়ো কাগজ ক্লিপের সাহায্যে আটকে স্থাপন করবেন এবং মাটির তৈরি রিলিফ শিল্পকর্মের একটি নমুনাচিত্র এঁকে দেখাবেন;

- ফলক তৈরির জন্য প্রয়োজনীয় মাটি, ফলক তৈরির কৌশল এবং অঙ্কিত নমুনা থেকে মাটির ফলকে ছাপ ফেলা ও খোদাই করার কৌশল সম্পর্কে শিশুদেরকে ধারণা প্রদান করবেন। কাগজে না এঁকেও যে সরাসরি ফলকের উপর ছাপ ফেলা যায় সে বিষয়ও শিশুদের বুঝিয়ে দেবেন। প্রয়োজনে শ্রেণিকক্ষে ফলকচিত্র তৈরির ভিডিয়ো প্রদর্শন করবেন তারপর শিশুদেরকে সংগৃহীত উপকরণ দিয়ে মাটির ফলক তৈরিতে উৎসাহ প্রদান করবেন;
- ক্লাস চলাকালীন শিক্ষক শিশুদের কাজ ঘুরে ঘুরে দেখবেন;
- কোনো শিশু বুঝতে না পারলে তাকে আবারও কাজের কৌশল বুঝিয়ে দেবেন। তবে তার কাজে হাত দেওয়া থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে শিক্ষার্থীদের শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের মাধ্যমে শিল্পকর্মগুলো দেখার পরিবেশ তৈরি করবেন এবং পরবর্তী কাজে উৎসাহ প্রদান করবেন;
- আঁকার সরঞ্জামাদি গুছিয়ে রাখতে বলবেন এবং প্রয়োজনে সহায়তা দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।



## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# প্রকৃতির রঙের সাথে মিলিয়ে উপকরণের ব্যবহার

এই সেশনে শিশুরা প্রকৃতির বিভিন্ন উপাদান পর্যবেক্ষণ করবে। প্রকৃতির বিভিন্ন বিষয়বস্তু অবলোকন করে ধারণা অর্জনের মাধ্যমে নিজের পছন্দ মতো ছবি এঁকে রং করবে।










## শিখন-শেখানো উপকরণ

বিভিন্ন প্রকার কাগজ, কার্টিজ পেপার বা ছবি আঁকার উপযুক্ত সাধারণ কাগজ, পেনসিল (২ই,৩ই অথবা সাধারণ পেনসিল), রং পেনসিল, প্যাস্টেল রং, ইত্যাদি।

## বিষয়বস্তু

- প্রকৃতি পর্যবেক্ষণ;
- হৃদয় দিয়ে উপলব্ধি করা;
- ইচ্ছেমতো রং ব্যবহার করে ছবি আঁকা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে শিখন সহায়ক পরিবেশ তৈরি করবেন।
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক শিশুদেরকে প্রকৃতির বিভিন্ন বিষয়বস্তু পর্যবেক্ষণের মাধ্যমে তার পছন্দের বিষয় নিয়ে আনন্দঘন পরিবেশে ছবি আঁকায় অংশগ্রহণ করতে সহায়তা করবেন;

- শিশুরা প্রকৃতির বিভিন্ন উপাদান এবং উপাদান সমূহের রং, রূপ, বৈচিত্র্য পর্যবেক্ষণ করবে এবং তাদের দেখা বিষয়গুলো হৃদয়ে ধারণ করে সে বিষয়গুলোকে নিয়ে ছবি আঁকার প্রয়োজনীয় উপকরণ সম্পর্কে জানতে পারবে। শিক্ষক তালিকায় বর্ণিত উপকরণসমূহ নমুনা হিসেবে সংগ্রহ করে শ্রেণিকক্ষে নিয়ে আসবেন। সংগৃহীত উপকরণ ব্যবহার করে কিভাবে প্রাকৃতিক বিষয়ের সাথে মিল করে ছবি এঁকে রং করা যায় সে বিষয়ে ধারণা প্রদান করবেন। এছাড়াও শিশুরা অন্যান্য উপকরণ সম্পর্কেও কীভাবে ধারণা পেতে পারে সে বিষয়ে জানার উৎসাহ দেবেন;
- এক্ষেত্রে শিক্ষক প্রকৃতির যে কোন বিষয়ের ছবি এঁকে প্রয়োজনীয় রং ব্যবহার করে করণীয় কৌশল সম্পর্কে শিশুদেরকে ধারণা দেবেন;
- শিশুদেরকে তাদের দেখা প্রাকৃতিক পরিবেশ থেকে ইচ্ছেমতো বিষয় নিয়ে ছবি এঁকে রং করতে উৎসাহ দেবেন। শিক্ষক ক্লাস চলাকালীন শিশুদের কাজ ঘুরে ঘুরে দেখবেন;
- প্রশ্নোত্তরের মাধ্যমে শিশুর অগ্রগতি সম্পর্কে জেনে নেবেন। কোনো শিশু বুঝতে না পারলে বা পিছিয়ে থাকলে তাকে আবারও কাজের কৌশল বুঝিয়ে দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া বা বিষয় নির্বাচন করা থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তাদের নিজের ছবি সম্পর্কে বর্ণনা প্রদানে উৎসাহ দেবেন;
- আঁকার সরঞ্জামাদি গুছিয়ে রাখতে বলবেন এবং প্রয়োজনে সহায়তা দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# রঙিন কাগজের মাধ্যমে প্রাণ-প্রকৃতির সৌন্দর্য তুলে ধরা

এই সেশনে শিশুরা প্রকৃতির বৈচিত্র্য এবং সৌন্দর্য অবলোকন করে হৃদয়ে ধারণ করে তার ভিত্তিতে নিজের পছন্দমতো বিষয় নিয়ে কারুকর্ম তৈরি করবে।



## শিখন-শেখানো উপকরণ

বিভিন্ন প্রকার রঙিন কাগজ, পেনসিল, ছুরি, কাঁচি, আঠা ইত্যাদি।

## বিষয়বস্তু

- বৈচিত্র্যময় প্রকৃতিকে অবলোকন করা;
- বিভিন্ন রঙের কাগজ কেটে রঙিন প্রজাপতি এবং পাখি তৈরি করা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন;
- শিক্ষক ক্লাস শুরুর পূর্বে নিজের সংগ্রহ করা উপকরণ ব্যবহার করে কিভাবে কাগজের উপর ড্রইং করে তা কাঁচি বা ছুরি দিয়ে কেটে এবং আঠাদিয়ে মোটা কাগজের উপর লাগাতে হয় তা শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের শিখিয়ে দেবেন;
- শিক্ষক শিশুদের মাঝে বিভিন্ন প্রকার রঙিন কাগজ, কাঁচি, আঠা ইত্যাদি সরবরাহ করবেন। এই ধরনের কাগজ কোথা থেকে সংগ্রহ করা যায় সে বিষয়েও ধারণা প্রদান করবেন;
- শিশুদেরকে বিভিন্ন প্রকার কাগজের উপর প্রজাপতি, পাখি ড্রইং করে কাঁচি দিয়ে কেটে মোটা কাগজের উপর আঠা দিয়ে লাগাতে উৎসাহ দেবেন। ক্লাস চলাকালীন শিক্ষক শিশুদের কাজ ঘুরে ঘুরে দেখবেন এবং কাগজ কাটার সময় কাঁচি বা ছুরি সাবধানে ব্যবহার করার জন্য নির্দেশনা দেবেন;
- কোনো শিশু বুঝতে না পারলে বা পিছিয়ে থাকলে তাকে আবারও কাজের কৌশল বুঝিয়ে দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া বা বিষয় ও রং নির্বাচন করা থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য প্রদান করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন;
- কাজ শেষে নিজের উপকরণ গুছিয়ে রাখতে বলবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৪

# ছবি আঁকার মাধ্যমে প্রকৃতির নানা বিষয়ের মাঝে সাদৃশ্য খুঁজে পাওয়া

এই সেশনে শিশুরা প্রকৃতির নানান বৈচিত্র্য গভীরভাবে অবলোকন করে সেসব বিষয় হৃদয়ে ধারণ করবে। তার দেখা বিষয়বস্তুর মধ্যে তুলনামূলক পার্থক্য বুঝে সেসব বিষয়ের উপর ভিত্তি করে ইচ্ছেমতো ছবি এঁকে রং করবে।



## শিখন-শেখানো উপকরণ

বিভিন্ন প্রকার কাগজ (কার্টিজ পেপার অথবা ছবি আঁকার উপযুক্ত সাধারণ কাগজ), পেনসিল (2B, 3B অথবা সাধারণ পেনসিল), রং পেনসিল, প্যাস্টেল রং, জলরং, বিভিন্ন মাপের তুলি, কালার প্যালেট, পানির পাত্র, ইত্যাদি।

## বিষয়বস্তু

- প্রকৃতিকে গভিরভাবে পর্যক্ষেণ;
- গাছ-পালা, ফুল-ফল, লতা-পাতা ইত্যাদির মিল-অমিল বুঝতে পারা।





## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময়ের মাধ্যমে শিখন সহায়ক পরিবেশ তৈরি করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- প্রকৃতির নানা বিষয়ের ভিন্নতাকে অভিজ্ঞতার মাধ্যমে শিক্ষার্থীদের উপলব্ধি করতে সহায়তা করার জন্য শিক্ষক প্রকৃতির বিভিন্ন বস্তুর (বিভিন্ন রকম ও রঙের ফুল-ফল, লতা-পাতা, ছোটো-বড়ো গাছ ইত্যাদি) ছবি প্রজেক্টরের মাধ্যমে অথবা সরাসরি দেখাবেন এবং শিক্ষার্থীদের মনোযোগ সহকারে দেখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের ছবিগুলোর (দেখানো বস্তুর) আকার-আকৃতি, রং ইত্যাদি সম্পর্কে প্রশ্ন করে এ সম্পর্কে তাদের ধারণা স্পষ্ট করতে সহায়তা করবেন। শিক্ষার্থীদের প্রশ্ন করবেন- "প্রকৃতির বিভিন্ন বস্তুর এই ভিন্নতা কী ইতোপূর্বে তোমরা খেয়াল করেছ"? শিক্ষক শিক্ষার্থীদের উত্তর নিয়ে কিছুটা আলোচনা করবেন;
- শিক্ষক ছবি আঁকার উপোযোগী কাগজ বোর্ডে ক্লিপ দিয়ে আটকিয়ে পূর্বে দেখানো ছবিগুলোর মধ্য থেকে আকার-আকৃতি ভেদে কয়েকটি ছবি এঁকে দেখাবেন। আঁকার কৌশল শিক্ষার্থীদের ভালোভাবে দেখতে বলবেন। এরপর শিক্ষক আঁকা ছবিগুলো প্রকৃতির সাথে মিল রেখে রং দেবেন এবং শিক্ষার্থীদের মনোযোগ সহকারে দেখতে বলবেন;
- সকল শিক্ষার্থীকে নিজ নিজ কাগজে শিক্ষকের দেখানো উপায়ে প্রথমে পেনসিল দিয়ে আঁকতে বলবেন পরবর্তীতে আঁকা ছবিগুলো রং করতে বলবেন;
- শিক্ষক ঘুরে ঘুরে সকলের আঁকা দেখবেন প্রয়োজনে সহায়তা দেবেন। আঁকা শেষে ছবিগুলো দেওয়ালে ঝুলিয়ে সকলকে দেখতে বলবেন এবং প্রশংসা করবেন;
- সব শেষে ছবি আঁকার সরঞ্জামাদি গুছিয়ে রাখতে বলবেন এবং প্রয়োজনে সহায়তা দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।









## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৫

# প্রকৃতির নানা বিষয়ের মাঝে সাদৃশ্য দেখিয়ে কাগজের শিল্পকর্ম তৈরি

এই সেশনে শিশুরা নিজেদের পছন্দের বিষয়কে মোটা এবং শক্ত কাগজ কেটে আঠা দিয়ে অন্য কাগজের উপর লাগিয়ে মনের আনন্দে দ্বিমাত্রিক কিংবা ত্রিমাত্রিক কারুকর্ম তৈরি করবে।



## শিখন-শেখানো উপকরণ

বিভিন্ন প্রকার রঙিন, শক্ত ও মোটা কাগজ, পেনসিল, কালি, রং, আঠা, কাঁচি ইত্যাদি।

## বিষয়বস্তু

- প্রকৃতির সূক্ষ্ম সূক্ষ্ম বিষয় জানা;
- মিল-অমিল, সামঞ্জস্য-অসামাঞ্জস্য বুঝা;
- কারুশিল্পের মাধ্যমে প্রকাশ।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে আনন্দঘন পরিবেশে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক শিশুদেরকে দ্বিমাত্রিক এবং ত্রিমাত্রিক শিল্পকর্ম সম্পর্কে ধারণা প্রদান করবেন;
- শিক্ষক শিশুদেরকে পিতা-মাতা, শহরের দালানকোঠা এবং গ্রামের খড়ের ঘর, বাঘ ও বিড়াল, বাইসাইকেল এবং রিকশা ইত্যাদির গঠনগত মিল-অমিল এবং সামঞ্জস্য এবং অসামঞ্জস্যতা সম্পর্কে বুঝিয়ে দেবেন। একটা বিষয়ের সাথে অন্য বিষয়ের যে পার্থক্য খুঁজে পাওয়া যায় তা শিশুদেরকে বুঝিয়ে বলার পাশাপাশি কিভাবে দ্বিমাত্রিক বা ত্রিমাত্রিক শিল্পকর্ম তৈরি করতে হয় তার ধারণা প্রদান করবেন;
- দ্বিমাত্রিক বা ত্রিমাত্রিক শিল্পকর্ম তৈরির উপকরণ সম্পর্কে ধারণা প্রদান করবেন;

- শিক্ষক নিজের সংগৃহীত উপকরণের সাহায্যে বর্ণনা অনুযায়ী একটি কারুকর্মের নমুনা শিশুদের সামনে তৈরি করে দেখাবেন- কীভাবে দ্বিমাত্রিক বা ত্রিমাত্রিক শিল্পকর্ম তৈরি করতে হয়। এরপর শিশুদেরকে তাদের পছন্দমতো বিষয় নিয়ে কারুকর্ম তৈরি করতে উৎসাহ দেবেন;
- শিশুদেরকে কাঁচি বা ছুরি ব্যবহারে সতর্ক থাকার নির্দেশনা দেবেন;
- কোনো শিশু বুঝতে না পারলে বা পিছিয়ে থাকলে তাকে আবারও কাজের কৌশল বুঝিয়ে দিয়ে এগিয়ে নেবেন। কাজে হাত দেওয়া বা বিষয় ও রং নির্বাচন করা থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের কারুকর্ম সম্পর্কে বর্ণনা প্রদানসহ পরস্পরের শিল্পকর্ম সম্পর্কে ইতিবাচক মন্তব্যের মাধ্যমে সে বিষয়ে উৎসাহ দেবেন। কাজ শেষে সকল শিশুদের নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## দ্বিতীয় অধ্যায়

# দেশীয় সমাজ এবং সংস্কৃতির বিষয় নিয়ে আঁকা-গড়া


### শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

২.১ দেশীয় সংস্কৃতির এক বা একাধিক উপাদান-উপকরণকে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।

সেশন
১

## ছবি আঁকার মাধ্যমে নিজস্ব সংস্কৃতির প্রকাশ

এই সেশনে শিশুরা দেশীয় সংস্কৃতি সম্পর্কে জেনে বুঝে নিজস্ব সংস্কৃতিকে হৃদয়ে লালন করে সে বিষয়ের উপর ইচ্ছেমতো ছবি এঁকে রং করবে।




## শিখন-শেখানো উপকরণ

কার্টিজ পেপার বা ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন প্রকার কাগজ, পেনসিল (2B, 3B অথবা সাধারণ পেনসিল), রং পেনসিল, প্যাস্টেল রং, জলরং, বিভিন্ন মাপের তুলি, কালার প্যালেট, পানির পাত্র, ইত্যাদি।

## বিষয়বস্তু

- সমাজ সংস্কৃতিকে গভীরভাবে পর্যবেক্ষণ;
- সামাজিক আচার অনুষ্ঠানে অংশগ্রহণ;
- সামাজিক আচার অনুষ্ঠানের পার্থক্য বুঝা;
- ছবি আঁকার মাধ্যমে প্রকাশ করা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন;
- শিশুদের নিজের সমাজ, সম্প্রদায় কিংবা তাদের দেখা অন্য কোনো সমাজ বা সম্প্রদায়ের বিভিন্ন সামাজিক এবং ধর্মীয় আচার-আচরণ সম্পর্কে গল্প বলতে উৎসাহ প্রদান করবেন;
- শিক্ষক নিজের দেখা নতুন বিষয় নিয়ে শিশুদের গল্প শোনাবেন। শিশুরা নিজের সমাজ থেকে দেখা বা সহপাঠীদের কাছ থেকে সামাজিক কোনো গল্প শুনে বর্ণনা অনুযায়ী ঘটনা থেকে ভালোলাগা বিষয় নিয়ে মনের আনন্দে ইচ্ছেমতো ছবি এঁকে যেন রং করে সে বিষয়ে শিক্ষক নির্দেশনা প্রদান করবেন;
- ক্লাস চলাকালে সময়ে শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে দেখবেন। পিছিয়েপড়া শিশুদেরকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া বা বিষয় ও রং নির্বাচন করা থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের ছবি সম্পর্কে বর্ণনা দেওয়াসহ পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন। কাজ শেষে সকল শিশুকে নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# দেশীয় সংস্কৃতি বিষয়ে ছবি আঁকা

এই সেশনে শিশুরা দেশীয় সংস্কৃতি সম্পর্কে জেনে বুঝে অন্তরে লালন করে সে বিষয়ের উপর ইচ্ছেমতো ছবি এঁকে রং করবে।





## শিখন-শেখানো উপকরণ

কার্টিজ পেপার বা ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন প্রকার কাগজ, পেনসিল, (2B, 3B অথবা সাধারণ পেনসিল), রং পেনসিল, প্যাস্টেল রং, জলরং, বিভিন্ন মাপের তুলি, কালার প্যালে, পানির পাত্র, ইত্যাদি।

## বিষয়বস্তু

- দেশীয় সংস্কৃতিকে জানা;
- হৃদয় দিয়ে  উপলব্ধি করা;
- শ্রদ্ধাবোধের প্রতিফলন ঘটিয়ে ছবি আঁকা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক শিশুদেরকে জাতীয় ফুল-ফল, পশু-পাখি, জাতীয় দিবস ইত্যাদিকে বিষয় করে ছবি এঁকে ইচ্ছেমতো যে কোন রং করতে উৎসাহ দেবেন;
- সেশন চলাকালীন শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে দেখবেন। পিছিয়েপড়া শিশুদেরকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া কিংবা বিষয় এবং রং নির্বাচন করা থেকে শিক্ষক বিরত থাকবেন;
- কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের ছবি সম্পর্কে বর্ণনা দেওয়াসহ পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন। কাজ শেষে সকল শিশুদের নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# কারুশিল্পের মাধ্যমে জাতীয় প্রতীক কিংবা জাতীয় দিবস এর উপস্থাপন

পূর্বের সেশনের ন্যায় এই সেশনে শিশুরা দেশীয় সংস্কৃতি সম্পর্কে জেনে বুঝে অন্তরে লালন করে সে বিষয়ের উপর ইচ্ছেমতো কারুশিল্প তৈরি করবে।



## শিখন-শেখানো উপকরণ

বিভিন্ন প্রকার রঙিন ও মোটা কাগজ, পেনসিল, আঠা, কাঁচি, ছুরি ইত্যাদি।

## বিষয়বস্তু

- দেশীয় সংস্কৃতিকে ভালোবাসা;
- সংস্কৃতির বিভিন্ন উপাদানকে কারুকর্মের মাধ্যমে ফুটিয়ে তোলা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক শিশুদেরকে মোটা এবং শক্ত কাগজের উপর জাতীয় ফুল-ফল, পশু-পাখি, জাতীয় দিবস ইত্যাদির ছবি এঁকে তার উপর বিভিন্ন প্রকার রঙিন কাগজ কেটে বা ছিঁড়ে আঠা দিয়ে লাগিয়ে কোলাজ চিত্র ফুটিয়ে তুলতে নির্দেশনা দেবেন;
- প্রয়োজনে শিক্ষক আগে থেকে এ ধরনের কোনো কোলাজ চিত্রের নমুনা সঙ্গে নিয়ে আসবেন। এছাড়াও শিক্ষক কোলাজ চিত্র তৈরির কৌশল সম্পর্কিত কোনো ভিডিয়ো চিত্র শ্রেণিকক্ষে প্রদর্শনের মাধ্যমে এর তৈরির নিয়ম-কানুন শিশুদের বুঝিয়ে দেবেন;
- ক্লাস চলাকালীন শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে দেখবেন। পিছিয়েপড়া শিশুদেরকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া বা বিষয় নির্বচন থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের শিল্পকর্ম সম্পর্কে বর্ণনা দেওয়াসহ পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন;
- শিল্পকর্ম তৈরির সময়ে কাঁচি বা ছুরি ব্যবহারে সাবধানতা অবলম্বন করতে বলবেন। কাজ শেষে সকল শিশুকে নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# তৃতীয় অধ্যায়

# আঁকা-গড়ার মাধ্যমে প্রাকৃতিক সৌন্দর্য ফুটিয়ে তোলা


## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ সামাজিক ও প্রাকৃতিক বিষয়সমূহের রং, রূপ, সুর, ছন্দ ইত্যাদি শিল্পচর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।

সেশন ১

## ছবি আঁকার মাধ্যমে পারিবারিক এবং সামাজিক সম্পর্কের প্রকাশ

এই সেশনে শিশুরা প্রকৃতি পর্যবেক্ষণের মাধ্যমে প্রকৃতির প্রতি মমত্ববোধ এবং আন্তরিকতার প্রতিফলন ঘটিয়ে সে বিষয়ের উপর ইচ্ছেমতো ছবি এঁকে রং করবে।




### শিখন-শেখানো উপকরণ

কার্টিজ পেপার বা ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন প্রকার কাগজ, পেনসিল (২ই, ৩ই অথবা সাধারণ পেনসিল), রং পেনসিল, প্যাস্টেল রং, জলরং, বিভিন্ন মাপের তুলি, কালার প্যালেট, পানির পাত্র, ইত্যাদি।

## বিষয়বস্তু

- সমাজ এবং প্রকৃতি সম্পর্কে ধারণা অর্জন;
- সমাজে বসবাসকারী সদস্যদের পারস্পরিক সম্পর্কের ধারণা অর্জন;
- অপরের প্রতি স্নেহ-মমতা-আন্তরিকতার বিষয়ে যত্নবান হওয়া;
- ছবি আঁকার মাধ্যমে সমাজের প্রতিচ্ছবি ফুটিয়ে তোলা;



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক এই সেশনে শিশুদেরকে সমাজ ও প্রকৃতি সম্পর্কে সরাসরি কিংবা ফটোগ্রাফি অথবা ভিডিয়ো চিত্রের মাধমে ধারণা প্রদান করবেন। এছাড়াও শিশুদেরকে তাদের দেখা বিভিন্ন সামাজিক বা প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে গল্প বলতে উৎসাহ দেবেন;

- শিশুদেরকে সমাজের পরস্পরের প্রতি সহযোগিতা, সহমর্মিতার বিষয়েও ধারণা প্রদানসহ তাদের কাছ থেকেও পরস্পরের প্রতি দায়িত্ব-কর্তব্য সম্পর্কে গল্প শোনাবেন;
- শিক্ষক শিশুদের দেখানো সামাজ এবং সামাজিক পরিবেশ অথবা তাদের বেড়াতে গিয়ে দেখা প্রাকৃতিক পরিবেশ বিষয়ে অর্জিত অভিজ্ঞতার আলোকে ইচ্ছেমতো ছবি এঁকে রং করতে নির্দেশনা দেবেন;
- শিশুদের শিল্প চর্চায় রং বা বিষয় নির্বাচনে কোনোরূপ নির্দেশনা প্রদান থেকে শিক্ষক বিরত থাকবেন। পিছিয়েপড়া শিশুদেরকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের ছবি সম্পর্কে বর্ণনা দেওয়াসহ পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ দেবেন। কাজ শেষে সকল শিশুকে নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।


### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন ২

# কারুশিল্পের মাধ্যমে সমাজ এবং প্রকৃতিকে তুলে ধরা

এই সেশনে শিশুরা প্রকৃতি পর্যবেক্ষণের মাধ্যমে প্রকৃতির প্রতি মমত্ববোধ এবং আন্তরিকতার প্রতিফলন ঘটিয়ে সে বিষয়ের উপর ইচ্ছেমতো কারুকর্ম তৈরি করবে।



## শিখন-শেখানো উপকরণ

সাদা, সবুজ এবং লাল রঙের পোস্টার কাগজ, পাট, রঙিন উল বা সুতা, তালপাতা, খেজুরপাতা, বাঁশের চটি, ছুরি, কাঁচি, আঠা, মোটা কাগজ ইত্যাদি।

## বিষয়বস্তু

- সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে ধারণা অর্জন;
- অপরের প্রতি ভালোবাসা এবং সহযোগিতা করার মানসিকতা;
- মানবিক হওয়া;
- অপরের উপকারে আসে এমন ধরনের কারুশিল্প নির্মান।





## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক এই সেশনে শিশুদেরকে সমাজ ও প্রকৃতিতে দৈনন্দিন কাজে ব্যবহৃত হয় এমন সব বস্তু এবং উপাদান সম্পর্কে ধারণা প্রদান করবেন;
- নিজের তৈরি বা বাজার থেকে সংগৃহীত কোনো কারুকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনসহ সেগুলোর ব্যবহারিক বিষয়ে ধারণা প্রদানসহ এই ধরনের কারুশিল্প তৈরির কৌশল শিশুদের সামনে করে দেখাবেন;
- শিক্ষক এসব বিষয়ের উপর নির্মিত স্থির বা ভিডিয়ো চিত্র প্রদর্শন করবেন;
- কারুশিল্পের ধারণা থেকে নিজের ইচ্ছেমতো কারুশিল্প তৈরি করতে শিশুদের উৎসাহ প্রদান করবেন। বিষয় নির্ধারণে শিশুদের ইচ্ছেরই প্রাধান্য দেবেন;
- কোনো শিশু যদি বুঝতে না পারে তাহলে তাকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন। শিক্ষক শিশুদের কাজে হাত দেওয়া থেকে বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের ছবি সম্পর্কে বর্ণনা সহ পরস্পরের ছবি সম্পর্কে ইতি বাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন। কাজ শেষে সকল শিশুকে নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# ভালো লাগার বিষয়ে ছবি আঁকা

এই সেশনে শিশুরা প্রকৃতি পর্যবেক্ষণের মাধ্যমে প্রকৃতির বিভিন্ন দিক পর্যবেক্ষণ করবে এবং নিজের জীবনের সাথে পর্যবেক্ষণকৃত পরিবেশের ভালোলাগা বিষয়ের প্রতিফলন ঘটিয়ে সে বিষয়ের উপর ইচ্ছেমতো ছবি এঁকে রং করবে।




## শিখন-শেখানো উপকরণ

কার্টিজ পেপার বা ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন প্রকার কাগজ, পেনসিল (2B, 3B অথবা সাধারণ পেনসিল), রংপেন্সিল, প্যাস্টেল রং, জলরং, বিভিন্ন মাপের তুলি, রংদানী, পানির পাত্র, ইত্যাদি।

## বিষয়বস্তু

- জীবন এবং প্রকৃতিকে অনুধাবন করা;
- জীবন এবং প্রকৃতির রূপ এবং সৌন্দর্য অবলোকন করা;
- জীবনের বৈচিত্র্য বুঝতে পারা;
- ছবি আঁকার মাধ্যমে জীবনের রং ও রূপের প্রকাশ ঘটানো।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক শিশুদেরকে সমাজ ও প্রকৃতি সম্পর্কে সরাসরি কিংবা ফটোগ্রাফি অথবা ভিডিয়ো চিত্রের মাধমে ধারণা প্রদান করবেন;
- নিজেদের দেখা বিভিন্ন সামাজিক বা প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে গল্প বলতে শিশুদের উৎসাহ দেবেন। এছাড়াও শিক্ষক শিশুদেরকে সমাজের পরস্পরের প্রতি সহযোগিতা, সহমর্মিতার বিষয়েও ধারণা প্রদান করবেন, শিশুদের কাছ থেকেও পরস্পরের প্রতি দায়িত্ব-কর্তব্য সম্পর্কে গল্প শুনবেন;
- শিক্ষক শিশুদেরকে দেখানো সামাজ এবং সামাজিক পরিবেশ অথবা বেড়াতে গিয়ে নিজেদের দেখা সামাজিক বা প্রাকৃতিক পরিবেশ বিষয়ে অর্জিত অভিজ্ঞতার আলোকে ইচ্ছেমতো ছবি এঁকে রং করতে নির্দেশনা প্রদান করবেন। রং বা বিষয় নির্বাচনে কোনো প্রকার নির্দেশনা প্রদান থেকে শিক্ষক বিরত থাকবেন। পিছিয়েপড়া শিশুদেরকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন;
- শিশুদের ছবিতে কোনো প্রকার সংশোধন করা থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশুর শিল্পকর্ম শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করবেন এবং তারা যেন নিজেদের ছবি সম্পর্কে বর্ণনা দেওয়াসহ পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন। কাজ শেষে সকল শিশুকে নিজের উপকরণ যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৪

# বিভিন্ন রকম পাতার মাধ্যমে খেলনা তৈরি

এই সেশনেও শিশুরা প্রকৃতির নানান উপাদান পর্যবেক্ষণের মাধ্যমে প্রকৃতির প্রতি মমত্ববোধ এবং আন্তরিকতার প্রতিফলন ঘটিয়ে সে বিষয়ের উপর ইচ্ছেমতো কারুকর্ম তৈরি করবে।



## শিখন-শেখানো উপকরণ

তালপাতা, খেজুরপাতা, বাঁশের চটি, ছুরি, কাঁচি, ইত্যাদি।

## বিষয়বস্তু

- গভীরভাবে জীবন ও প্রকৃতিকে দেখা;
- প্রকৃতির নানান উপাদান পর্যবেক্ষণ করা;
- কারুশিল্পের মাধ্যমে জীবনের রং এবং রূপের প্রকাশ ঘটানো।









## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;
- শিক্ষক এই সেশনে শিশুদেরকে বিভিন্ন ধরনের পাতা দিয়ে মজার মজার কারুশিল্প তৈরি করার বিষয়ে ধারণা প্রদান করবেন;
- শিক্ষক আগে থেকে খেজুরপাতা, নারিকেলপাতা, তালপাতা ইত্যাদি সংগ্রহ করে শ্রেণিকক্ষে নিয়ে আসবেন এবং শিশুদের সামনে নিজে পাতা দিয়ে চশমা, ঘড়ি, চরকা ইত্যাদি ধরনের কারুশিল্প তৈরির কৌশল শিশুদের শেখাবেন;
- শিক্ষক পাতার তৈরি অন্যকোনো কারুশিল্পের স্থির চিত্র বা তৈরি কৌশলের ভিডিয়ো চিত্র প্রদর্শন করতে পারেন;
- শিক্ষক শিশুদের দেখানো কারুশিল্পের ধারণা থেকে নিজের ইচ্ছেমতো কারুশিল্প তৈরি করতে উৎসাহ প্রদান করবেন। বিষয় নির্ধারণে শিশুদের ইচ্ছেরই প্রাধান্য দেবেন;
- পিছিয়েপড়া শিশুদেরকে অথবা কোনো শিশু যদি বুঝতে না পারে তাহলে তাকে অতিরিক্ত সময় দিয়ে এগিয়ে নেবেন। শিশুদের কাজে হাত দেওয়া থেকে শিক্ষক বিরত থাকবেন। কাজ শেষে সকল শিশু তাদের তৈরি শিল্পকর্ম নিজেরা ব্যবহারের মাধ্যমে যেন প্রদর্শন করে শিক্ষক সেভাবে উৎসাহ দেবেন এবং তারা যেন নিজেদের ছবি সম্পর্কে বর্ণনা প্রদান সহ পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে উৎসাহ প্রদান করবেন। কাজ শেষে সকল শিশুকে নিজের তৈরি কারুশিল্প যত্ন সহকারে গুছিয়ে সংরক্ষণ করতে উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## চতুর্থ অধ্যায়

# অভিজ্ঞতার আলোকে আঁকা এবং গড়া

### শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে জেনে শিল্পকলা চর্চার মাধ্যমে তা প্রকাশ করতে পারা।

সেশন
১

## জীবন ঘনিষ্ঠ বিষয়ে ছবি আঁকা

এই সেশনে শিশুরা জীবন, প্রকৃতি ও পরিবেশ এবং সমাজের বিভিন্ন পেশার মানুষের জীবনাদর্শ থেকে অভিজ্ঞতা অর্জন করে সেই অভিজ্ঞতার ভিত্তিতে ছবি আঁকবে।




## শিখন-শেখানো উপকরণ

কার্টিজ পেপার অথবা ছবি আঁকার উপযুক্ত বিভিন্ন প্রকার কাগজ, পেনসিল (2B, 3B অথবা সাধারণ পেনসিল), রং পেনসিল, প্যাস্টেল রং, জলরং, বিভিন্ন মাপের তুলি, কালার প্যালেট, পানির পাত্র, ইত্যাদি।

## বিষয়বস্তু

- দৈনন্দিন জীবনকে গভীরভাবে পর্যবেক্ষণ;
- মানবতাবোধ এবং শৃঙ্খলাবোধের চর্চা;
- পরিবার এবং সমাজের বিভিন্ন পেশার মানুষের সাথে মেশা;
- মনুষত্ব, মূল্যবোধ এবং সামগ্রিক অভিজ্ঞতাকে ছবি আঁকার মাধ্যমে প্রকাশ করা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন;
- শিক্ষক এই সেশনে শিশুদেরকে সমাজের নানা পেশার মানুষের কর্মকান্ড সম্পর্কে ধারণা প্রদান করবেন। সমাজের সকল শ্রেণি-পেশার মানুষের গুরুত্বের বিষয়ে শিশুদেরকে অবহিত করবেন। সকল পেশার মানুষদের সমানভাবে সম্মান করার বিষয়েও শিশুদের বুঝিয়ে বলবেন;
- পৃথিবীর সকল দেশেই সকল পেশার মানুষের পেশাদারিত্বের জন্যই দেশ উন্নয়নের দিকে এগিয়ে যায় সে বিষয়ে শিক্ষক শিশুদের বুঝিয়ে বলবেন। যেকোনো পেশার মানুষকে শিশুরা যেন সম্মান করে সে বিষয়েও শিশুদের বুঝিয়ে বলবেন;
- শিশুদের কাছ থেকে বিভিন্ন পেশার মানুষের দায়িত্ব সম্পর্কে তার কোনো অভিজ্ঞতা থাকলে তা শ্রেণিকক্ষে বলতে উৎসাহ প্রদানের পাশাপাশি সমাজ এবং পরিবারের প্রতি দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে তাদের ধারণা সম্পর্কেও বলতে বলবেন;
- সমাজে সকল স্তরের মানুষের প্রতি শ্রদ্ধা, স্নেহ ইত্যাদি বিষয়েও ধারণা প্রদান করবেন;
- শিশুদের অর্জিত অভিজ্ঞতার আলোকে তার ইচ্ছেমতো বিষয় নিয়ে ছবি এঁকে রং করতে নির্দেশনা দেবেন। বিষয় নির্বাচন বা শিশুদের কাজে হস্তক্ষেপ করা থেকে শিক্ষক বিরত থাকবেন। তুলামূলকভাবে পিছিয়েপড়া শিশুদের কাজে উৎসাহ দিয়ে এগিয়ে নিতে সহায়তা করবেন। কাজ শেষে সকল শিশুর কাজ শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করে একে অপরের ছবি সম্পর্কে মন্তব্য করা বা নিজের ছবি সম্পর্কে বর্ণনা দেওয়ার পরিবেশ তৈরি করবেন। শিশুরা যেন পরস্পরের ছবি সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে নির্দেশনা দেবেন। কাজ শেষে সকলের উপকরণ যেন সযত্নে সংগ্রহ করে সে বিষয়েও শিশুদের উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# জীবন ঘনিষ্ঠ বিষয়ে কারুশিল্প নির্মাণ

এই সেশনেও শিশুরা জীবন, প্রকৃতি ও পরিবেশ এবং সমাজের বিভিন্ন পেশার মানুষের জীবনাদর্শ থেকে অভিজ্ঞতা অর্জন করে সেই অভিজ্ঞতার ভিত্তিতে কারুশিল্প তৈরি করবে।





**শিখন-শেখানো উপকরণ**

বিভিন্ন প্রকার রঙিন কাগজ, রং, পেনসিল, কার্ডবোর্ড, টিস্যু পেপারের মন্ড, কাঁচি, আঠা, ছুরি ইত্যাদি

## বিষয়বস্তু

- জীবনের বাস্তবতা সম্পর্কে জানা;
- জীবনের প্রয়োজনীয় দিক গুলোকে চিহ্নিত করতে শেখা;
- বিভিন্ন প্রকার উৎসব এবং পার্বনে সাজ-সজ্জার সাথে যুক্ত থাকা;
- অর্জিত অভিজ্ঞতার আলোকে কারুশিল্প নির্মাণ করা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক এবং শিক্ষার্থীদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সেশন শুরু করবেন;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের পূর্বজ্ঞান যাচাই করবেন;
- আজকের সেশনের বিষয়, উদ্দেশ্য এবং মূলপ্রশ্ন উপস্থাপন করবেন;

- শিক্ষক শিশুদের সমাজের নানা পেশার মানুষের ব্যবহার্য বিভিন্ন রকম জিনিসপত্র সম্পর্কে ধারণা প্রদান করবেন। এছাড়াও বিভিন্ন রকম সামাজিক অনুষ্ঠানের সাজ-সজ্জায় ব্যবহৃত উপকরণ বা সাজ-সজ্জার নিয়মের ভিন্নতা সম্পর্কেও শিশুদের ধারণা প্রদান করবেন;
- শিশুদের সুন্দরভাবে ধারণা প্রদানের লক্ষে শিক্ষক পূর্ব থেকে সাধ্যানুযায়ী সমাজের বিভিন্ন স্তরে ব্যবহৃত সাজ-সজ্জার বা ব্যবহারিক উপকরণ সংগ্রহ করে শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। যে ধরনের ব্যবহারিক জিনিস বহণযোগ্য নয় প্রয়োজনে সেগুলোর ফটোগ্রাফি প্রদর্শন করবেন। প্রদর্শিত জিনিসগুলোর আদলে পূর্ব থেকে সংগৃহীত উপকরণের মাধ্যমে কীভাবে তৈরি করা যায় সে কৌশল শিশুদের শিখিয়ে দেবেন;
- শিশুদেরকে ইচ্ছেমতো বিষয় বা জিনিস তৈরি করতে উৎসাহ প্রদান করবেন। বিষয় নির্বাচন বা শিশুদের কাজে হস্তক্ষেপ করা থেকে শিক্ষক বিরত থাকবেন। পিছিয়েপড়া শিশুদের কাজে উৎসাহ দিয়ে এগিয়ে নিতে সহায়তা করবেন। কাজ শেষে সকল শিশুর কাজ শ্রেণিকক্ষে প্রদর্শনের ব্যবস্থা করে একে অপরের কারুশিল্প সম্পর্কে মন্তব্য করা বা নিজের কারুকর্মের ব্যবহারিক দিক সম্পর্কে বর্ণনা দেওয়ার পরিবেশ তৈরি করবেন। শিশুরা যেন পরস্পরের শিল্প সম্পর্কে ইতিবাচক মন্তব্য করে সে বিষয়ে নির্দেশনা দেবেন। কাজ শেষে সকলের উপকরণ যেন স্বযত্নে সংগ্রহ করে সে বিষয়ে শিশুদের উৎসাহ দেবেন;
- শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# সংগীত



# প্রথম অধ্যায়

# সংগীত সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা

সংগীতের উপাদান হচ্ছে স্বর, তাল, ছন্দ। চিত্তবিনোদনের উদ্দেশ্যে স্বর এবং তাল বিন্যাসের মাধ্যমে হৃদয়গ্রাহী রচনাকে সংগীত বলে।

সংগীতের পরিভাষা অনুযায়ী গীত, বাদ্য ও নৃত্য এই তিনের একত্র সমাবেশ হলো সংগীত। এদের সংজ্ঞা পূর্ববর্তী শ্রেণিতে আলোচনা করা হয়েছে।

এখন আমরা গান এবং গানের বিভিন্ন অংশ নিয়ে আলোচনা করব।

## গান কী

কথা, সুর ও তালের মাধ্যমে কণ্ঠের সাহায্যে মনের ভাব প্রকাশ করাকে গান বলে। গান বলতে কণ্ঠসংগীতকে বোঝায়।

## গানের বিভিন্ন অংশের পরিচয়

- **গানের অংশ চারটি যথা:** অস্থায়ী বা স্থায়ী, অন্তরা, সঞ্চারী এবং আভোগ।
  - **অস্থায়ী বা স্থায়ী:** গানের প্রথম অংশ অস্থায়ী বা স্থায়ী বলা হয়। প্রচলিতভাবে আমরা বলি গানের মুখ।
  - **অন্তরা:** গানের দ্বিতীয় অংশকে অন্তরা বলা হয়। একটি গানে মাত্র একটি অন্তরা যেমন থাকতে পারে, তেমনি একাধিক অন্তরাও থাকতে পারে। গানের দ্বিতীয় এই অংশটিকে গানের প্রথম অন্তরা বলে।
  - **সঞ্চারী:** গানের তৃতীয় অংশকে সঞ্চারী বলা হয়। অন্তরার সুর থেকে সঞ্চারীর সুর ভিন্ন হয়।
  - **আভোগ:** গানের চতুর্থ অংশ আভোগ বলা হয়। আভোগ গানের শেষ অংশ।

## মানব জীবনে সংগীতের ভূমিকা

মানব জীবনের সুখে ও দুঃখে সংগীত হচ্ছে নিত্যসঙ্গী। সংগীতের মাধ্যমে মানুষের কল্পনাশক্তির উন্মেষ ঘটে এবং সৃজনশীলতার বিকাশ হয়। মনের সুকোমল ও সুকুমার বৃত্তিগুলোর ওপর সংগীতের প্রভাব জীবনকে করে তোলে মধুময়, জীবনে বয়ে আনে সম্পূর্ণতা।

সংগীত মানুষের আবেগ প্রকাশের মাধ্যম। মানবজীবনের সামগ্রিক বিকাশের ক্ষেত্রে সংগীতের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংগীত মানব জীবনকে পরিশীলিত করে।

এছাড়া সংগীত মনে যে আনন্দধারা সৃষ্টি করে তা শরীর ও মনকে সতেজ করে, বিদ্যালয়গামী শিশুদের ওপর তা অত্যন্ত ইতিবাচক ভূমিকা রাখে। বিদ্যালয়ে শিশুদের ঝরে পড়ার হার কমে যায়। শিশুদের স্মৃতিশক্তি চর্চা বৃদ্ধি পায়, অধ্যবসায় বৃদ্ধি পায়।

## পালটা সারগাম সাধন

সংগীতে ব্যবহৃত স্বরগুলোকে তাল লয় বজায় রেখে ওলট পালট করে গাওয়া বা বাজানোর প্রক্রিয়াকে পালটা বলে। স্বর সাধনের জন্য পালটা সাধনের গুরুত্ব অপরিসীম।

বিভিন্ন তালে শিক্ষকের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন তালে সারগামের পালটা অনুশীলন করলে কণ্ঠে সাবলীলতা আসবে কণ্ঠ সুমধুর হবে।

### কাহারবা ছন্দে পালটা

পালটা ১: (ক) স - - -, র - - -, গ - - -, ম - - -,
প - - -, ধ - - -, ন - - -, র্স - - -

দ্বিগুণ (খ) স - র - , গ - ম -, প - ধ -, ন - র্স
র্স - ন -, ধ - প -, ম - গ -, র -

চৌগুণ (গ) স র গ ম প ধ ন র্স
র্স ন ধ প ম গ র স


পালটা ১: সস রর গগ মম পপ ধধ নন র্সস
র্সস নন ধধ পপ মম গগ রর সস

### দাদরা ছন্দে পালটা

পালটা ১: (ক) সসস ররর গগগ মমম
পপপ ধধধ ননন র্সর্সর্স
র্সর্সর্স ননন ধধধ পপপ
মমম গগগ ররর সসস

(খ) সরগ রগম গমপ মপধ পধন ধনর্স
র্সনধ নধপ ধপম পমগ মগর গরস



দুই হাতের তালি          দুই হাত খোলা

তালের ছন্দ বিভাগকে তালি এবং খালি দিয়ে দেখাতে হয় – যা উপরের চিত্রে দেখানো হয়েছে।

## সংগীতে ব্যবহৃত বিভিন্ন বাদ্যযন্ত্র

### তবলা-বাঁয়া

তবলা আর বাঁয়া দু'টি যন্ত্র একসাথে বাজানো হয়ে থাকে। সাধারণত ডান হাতে তবলা, বাঁ হাতে বাঁয়া বাজানো হয়ে থাকে। তবলা কাঠের তৈরি। আকারে বাঁয়ার চেয়ে কিছুটা ছোটো। কাঁঠাল বা নিম বা এ জাতীয় কাঠ দিয়ে তৈরি হয়ে থাকে। প্রায় চোঙা আকৃতির এক টুকরা কাঠ নিয়ে কাঠ খুদে ভেতরটা প্রায় অর্ধেক ফাঁপা করে ফেলা হয়। ওপরে চামড়ার ছাউনি দেওয়া হয়। চামড়ার টান নিয়ন্ত্রণ করবার জন্য চামড়ার তৈরি সরু ফিতা বা দোয়ালি লাগানো হয় চারপাশে। এর ভেতর আটটি কাঠের গুটি আটকানো হয়। প্রয়োজনমতো এই

গুটিগুলোকে ওপরে বা নিচে করে তবলার সুর উঁচু বা নিচু করা যায়। বাঁয়া মাটি বা তামা/পিতল এ ধরনের ধাতু দিয়ে তৈরি হতে পারে। একটু চওড়া একটা ফাঁপা কাঠামো তৈরি করে তার ওপর চামড়ার ছাউনি লাগিয়ে বাঁয়া তৈরি করা হয়। ছাউনির টান ঠিক রাখার জন্য বাঁয়াতে ধাতুর তৈরি রিং ব্যবহার করা হয়। তবলা ও বাঁয়ার ছাউনির ওপরে গোল করে কালো রঙের খিরন লাগানো হয়।



### একতারা

নামেই যন্ত্রটির পরিচয়। একটি মাত্র তার লাউয়ের তৈরি একটি খোল এবং কাঠের দণ্ডের ওপরে টানটান করে আটকানো হয়। গোল করে কাটা আধখানা লাউয়ের খোলা অংশে চামড়ার ছাউনি দেওয়া হয়। খোলের ভেতর থেকেই লম্বা করে একটা কাঠ বা বাঁশের দণ্ড আটকানো হয়। দণ্ডের শেষ মাথায় কাঠের তৈরি খুঁটি লাগানো হয়। একে বয়লা বলে। বয়লার সঙ্গে তার জড়ানো হয়। তারের অন্য প্রান্ত লাউয়ের নিচের দিকে একটি আংটায় লাগানো হয়। সুর মেলাবার জন্য বয়লা ঘুরিয়ে তার টানটান অথবা ঢিলা করা হয়। এরপর এই তারে টোকা দিলেই সুমধুর সুর উৎপন্ন হয়। একতারার খুব কাছাকাছি কয়েকটি যন্ত্র হলো, লাউ, গোপীযন্ত্র, খুনখুনে।



### বেহালা

বেহালা তারের যন্ত্র। এটি ছড় দিয়ে বাজাতে হয়। বেহালার দেহ পাতলা কাঠের তৈরি। নিচের অংশ অর্থাৎ খোলটি ফাঁপা। এর ওপরে দণ্ড বসানো হয়। দণ্ডের ওপর দিয়ে তার চলে যায়। বেহালায় তার থাকে চারটি। এগুলোর এক প্রান্ত বেহালার নিচের প্রান্তে লাগানো একটি ছোটো কাঠামোর সাথে আটকানো থাকে। কাঠামোটিকে 'টেলপিস' বলা হয়। অপরপ্রান্ত দণ্ডের শেষ প্রান্তে বারটি খুঁটির সাথে জড়িয়ে রাখা হয়। বেহালার আগমন ইউরোপ থেকে হলেও আমাদের দেশের শহরে এবং গ্রামে সব ধরনের গানের সাথে বেহালার ব্যবহার খুবই জনপ্রিয়।



## সংগীত সাধকগণের পরিচিতি

# ওস্তাদ মুন্সী রইসউদ্দিন



ওস্তাদ মুন্সী রইসউদ্দিন মাগুরা জেলার নাকোল গ্রামে ১০ জানুয়ারি ১৯০১ খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন। খুব ছোটোবেলা থেকে তিনি সংগীতের প্রতি আকৃষ্ট হন। ফুফাতো ভাই শামসুল হকের কাছে তিনি সংগীতের প্রথম সেশন নেন। ম্যাট্রিক পাশ করার পর তিনি চাকরির উদ্দেশে কোলকাতা যান। সেখানে কিছুদিন চাকরি করেন এবং প্রসিদ্ধ সংগীতজ্ঞ রাসবিহারী মল্লিকের কছে ১২ বছর ধ্রুপদ ও খেয়াল শিক্ষালাভ করেন। তারপর প্রখ্যাত সংগীতজ্ঞ গিরিজাশঙ্কর চক্রবর্তী পরিচালিত সংগীতকলা ভবনে ভর্তি হয়ে উচ্চাঙ্গ সংগীতে সার্টিফিকেট লাভ করেন। ১৯৫৫ সালে ওস্তাদ মুন্সী রইসউদ্দিন বুলবুল ললিতকলা একাডেমির সহ অধ্যক্ষ এবং ১৯৬৪ সালে অধ্যক্ষ নিযুক্ত হন। সংগীত শিক্ষার্থীদের কাছে সংগীতকে সহজবোধ্য করে তোলার জন্য তিনি বেশ কয়েকটি গ্রন্থ রচনা করেন। তার মধ্যে অভিনব শতরাগ, ছোটোদের সারেগামা প্রভৃতি উল্লেখযোগ্য। ১৯৬৭ সালে তদানীন্তন পাকিস্তান সরকার তাঁকে 'প্রাইড অব পারফরম্যান্স' সম্মানে ভূষিত করে। ১৯৮৬ সালে তাঁকে মরণোত্তর 'একুশে পদক' প্রদান করা হয়। ১৯৭৬ সালের ১১ এপ্রিল তিনি পরলোকগমন করেন।

# আলতাফ মাহমুদ



প্রখ্যাত সুরকার, সংস্কৃতি কর্মী এবং শহিদ মুক্তিযোদ্ধা আলতাফ মাহমুদের জন্ম বরিশাল জেলার মুলাদি উপজেলার পাতারচর গ্রামে। বরিশাল জিলা স্কুলে পড়ার সময় সংগীতে তাঁর হাতেখড়ি হয়। ম্যাট্রিক পাশ করার পর তিনি চিত্রকলা শেখার জন্য ক্যালকাটা আর্ট স্কুলে ভর্তি হন। প্রথমে সেখানকার প্রখ্যাত বেহালাবাদক সুরেন রায়ের কাছে সংগীতে তালিম নেন। পরে প্রখ্যাত উচ্চাঙ্গ সংগীতজ্ঞ ওস্তাদ আবদুল কাদের খাঁর কাছে তালিম নেন। দেশে ফিরে তিনি গানে সুরারোপ করতে থাকেন। তিনি একজন ভাষাসৈনিক ছিলেন এবং শহিদ দিবস নিয়ে রচিত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির বর্তমান সুর তাঁরই করা। এই গানটির জন্য তিনি বাংলাদেশের জনগনের কাছে চিরস্মরণীয় হয়ে আছেন। তিনি একজন সক্রিয় মুক্তিযোদ্ধা ছিলেন। তাঁর বাসায় মুক্তিযোদ্ধোদের একটি গোপন ক্যাম্প করা হয়েছিল এবং প্রচুর গোলাবারুদ তিনি তাঁর বাগানে মাটির নিচে লুকিয়ে রেখেছিলেন। এসব ঘটনা জানাজানি হয়ে গেলে ১৯৭১ সালের ৩০ আগস্ট মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনী আলতাফ মাহমুদকে ঢাকার আউটার সার্কুলার রোডের বাসা থেকে চোখ বেঁধে কোথাও নিয়ে যায়। পরে তাঁর আর কোনো খোঁজ পাওয়া যায়নি।

# আবদুল আলীম



বিখ্যাত পল্লীগীতি শিল্পী আবদুল আলীমের জন্ম মুর্শিদাবাদে ২৭ জুলাই ১৯৩১ খ্রিস্টাব্দে। ছোটোবেলা থেকেই তিনি সংগীতের প্রবল অনুরাগী ছিলেন। তখন থেকেই গ্রামোফোন রেকর্ডের গান শুনে শিখে নিতেন এবং পালা-পারবনে গাইতেন। পরবর্তী সময়ে লোকসংগীতে এবং শাস্ত্রীয় সংগীতে মূলত কানাইলাল শীল এবং সৈয়দ ওয়ালিউল ইসলামের কাছে তালিম গ্রহণ করেন। কলম্বিয়া, হিজ মাস্টার্স ভয়েস, গ্রামোফোন কোম্পানি অব পাকিস্তান এবং বাংলাদেশ গ্রামোফোন কোম্পানি থেকে তাঁর অসংখ্য রেকর্ড বের হয়েছে। তিনি ঢাকার সংগীত মহাবিদ্যালয়ে পল্লীগীতি বিভাগে অধ্যাপনা করেছেন। তিনি ১৯৭৭ সালে মরনোত্তর 'একুশে পদ 'এবং ১৯৯৭ সালে মরণোত্তর 'স্বাধীনতা পুরস্কার' লাভ করেন। আবদুল আলীম ১৯৭৪ সালের ৫ সেপ্টেম্বর ঢাকার পিজি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

# দ্বিতীয় অধ্যায়

# জাতীয় সংগীত

গান : আমার সোনার বাংলা

কথা ও সুর : রবীন্দ্রনাথ ঠাকুর

তাল : দাদরা

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

১.১ প্রকৃতির রং, রূপ, বৈচিত্র্য, সুর, ছন্দ, সৌন্দর্য অবলোকন করে চর্চার মাধ্যমে শিল্পকলার বিভিন্ন মাধ্যমের সাথে সম্পর্ক স্থাপন করতে পারা।

সেশন
১

## আবৃত্তি

**শিখন-শেখানো উপকরণ**

- শিখন শেখানো উপকরণ:
- জাতীয় সংগীতের বাণী
- জাতীয় পতাকা
- বিদ্যালয়ের সমাবেশের চিত্র
- জাতীয় সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

**বিষয়বস্তু:** জাতীয় সংগীত একটি জাতির পরিচয়বাহী দেশাত্মবোধক গান। বিশ্বের সকল দেশেরই জাতীয় এবং রাষ্ট্রীয় সংগীত আছে। জাতীয় সংগীতে জাতির প্রকৃতি, পরিচয়, ঐতিহ্য, ইতিহাস,সংগ্রাম ও দেশটির প্রতি নাগরিকের মমত্ববোধের অনুভূতি ফুটে ওঠে। বাংলাদেশের জাতীয় সংগীত রচনা করেছেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর। এই গান আমাদের মহান মুক্তিযুদ্ধে অনুপ্রেরণা জুগিয়েছে। স্বাধীনতার পর "আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি" গানটির প্রথম দশ চরণ বাংলাদেশের জাতীয় সংগীতরূপে গৃহীত হয়।

গানটিতে জন্মভূমিকে 'মা' বলে সম্বোধন করা হয়েছে। গানটিতে বাংলা মায়ের একটি মমতাময়ী রূপ ফুটে উঠেছে। বাংলার আকাশ, বাতাস, ফুল, ফল, ফাগুণের আমের মুকুল, নদীর কূলে বটের ছায়ায় প্রশান্তি, স্নেহ-মায়ায় বাংলা যেন মায়ের একটি আঁচল এ সকল দিককবির বাণীতে অসাধারণ রূপ লাভ করেছে। আমাদের দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে দিনের কার্যক্রম শুরু হওয়ার আগে জাতীয় পতাকা উত্তোলন করে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করে জাতীয় সংগীত পরিবেশন করা হয়।



## জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস, আমার প্রাণে বাজায় বাঁশি ॥
ও মা, ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে,
মরি হায়, হায় রে-
ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি ॥
কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।
মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হায়, হায় রে-
মা, তোর বদনখানি মলিন হলে, ও মা, আমি নয়নজলে ভাসি ॥

মা পা II গা মা -গমগা । রা -সা - রসা I ণ্ধা -ধা -া । -া ধা ণা
আ মার সো না ০০র বা ০ ০ও লা ০ ০ ০ আ মি

I সা সরা -গমা । -গমগা রসা রসা I ণা সা -া । -রা -া -সরা I
তো মা০ ০০ ০০য় ভা০ লো০ বা সি ০ ০ ০ ০

I -সা -া সা । সা সা -া I রমা মা -া । পা পা -া I
০ ০ চি র দি ন তো০ মা র্ আ কা ০
I -া -া সা । সা সা -া I রমা মা -া । পা পা -মা I
০ শ্ চি র দি ন তো০ মা র্ আ কা শ্

I পা পা -ধণা । ধা পা মা I পা পা -ধণা । ধা পা -া I
তো মা ০র্ বা তা স আ মা ০র প্রা ণে ০

I -া -া -া । ধ- ণর্সা র্সরা I ণর্সা ণা -া । ধা পা -ধা I
০ ০ ০ ০ ও মা০ আ মা র্ প্রা ণে ০

I মপা মগা -া । মা গা -পা
বা০ জা য়্ বাঁ শি০ ০

-া -া মা II গা { মা ধা -া । ধা ধা -না I র্সা র্সা -র্রগা । র্রা র্সা -র্রর্সা I
০ ০ ও মা ফা গু ০ নে তো র্ আ মে র্ ব নে ০০

I না র্সা নধা । -া ধা -না I না র্সা -া । -র্রা র্সর্রগা -র্রা I
ঘ্রা ণে ০০ ০ পা গল্ ক রে ০ ০ ০০০ ০

I -র্সা -া -া । -া (না না I না -া -া । র্সা -া -া I
০ ০ ০ ০ ম রি হা ০ ০ ০ ০ ০

I নর্সা -নর্রা -র্সা । ণা ধা পমা} I না না । না -র্সা র্সা । র্সা র্সা -র্রা
হা০ ০য় রে ও মা ০০ ও মা অ ০ ঘ্রা ণে তো র্

I ণর্সা ণা -া । ধা পা -মা I পা -ণা ণা । ধা পা -া I
ভ০ রা ০ ক্ষে তে ০ কী ০ দে খে ছি ০

I -া -া -া । -া র্সা র্সর্রা I ণর্রা -া ণা । ধা পা -ধা I
০ ০ ০ ০ আ মি০ কী০ ০ দে খে ছি ০
I মপা মগা -া । মা গমা -পা II
ম০ ধু র হা সি০ ০

II -া -া সা । সা রসা -ণা I ণা -া সরা । সা ণধা -া I
০ ০ কী শো ভা০ ০ কী০ ০ ছা০ য়া গো০ ০

I -া -া সা । ধা ধা -ণা I সা -গা গ । গা গমা -পা I
০ ০ কী স্নে হ ০ কী ০ মা য়া গো০ ০

I -মপমা -গা গমা । গা রসা রা I গা গা -া । মা পা -ধপা I
০০০ ০ কী০ আঁ চ ল্ বি ছা ০ য়ে ছ ০০

I মা গা -রসা । সা গা -া I গা মা -গা । রা সা -রসা I
ব টে ০র্ মূ লে ০ ন দী র্ কূ লে ০০

I পা সা -া । -রা -সরগা -রা I -সা -া -া । -া মা গা I
র্ লে ০ ০ ০০০ ০ ০ ০ ০ ০ মা তোর্

II মা ধা -া । ধা ধা না I র্সা র্সা -া । র্রা র্সা -র্রর্সা I
মু খে র্ বা ণী ০ আ মা ০র কা নে ০০

I না র্সা নধা । -া ধা না I না র্সা -া । -র্রা র্সর্রর্গা -র্রা I
লা গে ০০ ০ সু ধার্ ম তো ০ ০ ০০০ ০

I -র্সা -া -া । -া (না না I না -া -া । র্সা -া -া I
০ ০ ০ ০ ম রি হা ০ ০ ০ ০ য়্

I নর্সা -নর্রা -র্সা । পা ধা -পমা} I না না । না না র্সা । র্সা র্সা -র্রা I
হা০ ০য়্ রে মা তো ০র্ মা তোর ব দ ন খা নি ০

I ণর্সা ণা -া । ধা পা -মা I পা পা -ধণা । পধা পা -া I
ম০ লি ন্ হ লে ০ আ মি ০০ ন০ য় ০

I -া -া -া । -া র্সা র্সর্রা I ণর্সা ণা -া । ধা পা -ধা I
০ ০ ০ ন্ ও মা০ আ মি ০ ন য় ন

I মপা ণপা -া । মা গমা -পা II II
জ০ লে ০ ভা সি০ ০

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করে সেশন শুরু করবেন;
- শিক্ষার্থীদের বলবেন ,আমরা প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে জাতীয় সংগীতের কিছু অংশ গাইতে শিখেছি। জাতীয় সংগীতের সাথে মিল আছে এমন গানের একটি করে নাম বলো। শিক্ষার্থীদের বলা নামগুলো বোর্ডে লিখবেন, প্রয়োজনে নিজেও ২/১টি গানের নাম বলবেন। এবং কেন এ গানগুলোর সাথে জাতীয় সংগীতের সম্পর্ক সে বিষয়ে ব্যাখ্যা দিয়ে বলবেন, এ গানগুলো দেশপ্রেমমূলক গান;
- শিক্ষার্থীদের ২/১জনকে তাদের পরিচিত গানের দুই চরণ করে গাইতে বলবেন। অদের সুর, তাল, ছন্দ যাই হোক এটা বিবেচনায় নেওয়ার প্রয়োজন নাই;
- বলবেন, ইতোপূর্বে আমরা 'আমার সোনার বাংলা' থেকে 'আমি কী দেখেছি মধুর হাসি' পর্যন্ত আবৃত্তি করতে ও গাইতে শিখেছিলাম, তোমাদের মনে আছে কি? উত্তর পাবার পর ২/৩ জন শিশুকে আবৃত্তি করতে ও গাইতে বলবেন। শিক্ষার্থীদের পরিবেশন শোনার পর আপনি জাতীয় সংগীতের প্রথম চরণ থেকে 'আমি কী দেখেছি মধুর হাসি' পর্যন্ত আবৃত্তি করে ও গেয়ে শোনাবেন। এবং শিক্ষার্থীদের নিয়েও কয়েকবার গাইবেন যেন পূর্বের সেশন মনে করতে পারে;
- বলবেন, আজ আমরা জাতীয় সংগীতের 'কী শোভা, কী ছায়া গো' থেকে 'আমি নয়নজলে ভাসি'অর্থাৎ জাতীয় সংগীতের শেষ চরণ পর্যন্ত আবৃত্তি করতে শিখব। তাহলে আমাদের পুরো জাতীয় সংগীত আবৃত্তি করতে শেখা হবে। জাতীয় সংগীতের বাণীর উপর সহজ ও সরল ভাষায় ব্যাখ্যা দিবেন। বলবেন, জাতীয় সংগীত একটি জাতির পরিচয়বাহী দেশাত্মবোধক গান। এ গানে জাতির প্রকৃতি, পরিচয়, ঐতিহ্য, ইতিহাস, সংগ্রাম ও দেশের প্রত্যেক নাগরিকের মমত্ববোধের অনুভূতি বিশেষ আবেগমণ্ডিত ভাবে তুলে ধরা হয়। এরপর গীতিকার ও সুরকারের নাম বলবেন;
- বাংলাদেশের প্রকৃতি ও পরিবেশের একটি চিত্র এবং জাতীয় সংগীতের বাণী পাশাপাশি পোস্টার পেপারে প্রদর্শন করবেন;
- আজকের সেশনের নির্ধারিত অংশ- 'কী শোভা, কী ছায়া গো' থেকে 'আমি নয়নজলে ভাসি' অর্থাৎ জাতীয় সংগীতের শেষ চরণ পর্যন্ত প্রমিত উচ্চারণে কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে;
- হাতে তালি দিয়ে শিক্ষক আবৃত্তি করবেন, শিক্ষার্থীরাও হাতে তালি দিয়ে আবৃত্তি করবে;
- শিক্ষক প্রথম চরণ আবৃত্তি করবেন, শিক্ষার্থীরা পরের চরণ আবৃত্তি করবে। এভাবে কয়েকবার অনুশীলন করাবেন;
- শিক্ষার্থীদের দুটি দলে ভাগ করবেন। নাম দিবেন- গোলাপ ও জবা। প্রথমে গোলাপ দল গানের প্রথম চরণ আবৃত্তি করবে তারপর জবা দল পরের চরণ আবৃত্তি করবে। এভাবে সবাই গানটির আজকের সেশনের নির্ধারিত অংশ আবৃত্তি করবে। পরে সবাই একসাথে আবৃত্তি করবে। এভাবে গানের কথার সাথে ভালোভাবে পরিচিত হবে। আঁচল, বিছায়েছ, কূলে এই শব্দগুলোর শুদ্ধ উচ্চারণ শিক্ষার্থীদের দিয়ে বার বার অনুশীলন করাবেন;
- উচ্চারণে সমস্যা হলে শিক্ষক শুদ্ধ করে দেবেন এবং উচ্চারণে শুদ্ধতা আনায়নের জন্য অনুশীলন করাবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# গান গাওয়া

### শিখন-শেখানো উপকরণ

- জাতীয় সংগীতের বাণী
- জাতীয় পতাকা
- বিদ্যালয়ের সমাবেশের চিত্র
- জাতীয় সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

### শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন:
- শিক্ষার্থীদের বলবেন, তোমরা কি মনে করতে পারো পূর্বের সেশনে আমরা জাতীয় সংগীতের কতটুকু অংশ গাইতে শিখেছিলাম? ২/৩ জনের উত্তর শুনবেন পরে বলবেন, আমরা জাতীয় সংগীতের 'কী শোভা, কী ছায়া গো' থেকে 'আমি নয়নজলে ভাসি' অর্থাৎ শেষ চরণ পর্যন্ত আবৃত্তি করতে ও গাইতে শিখেছি। কয়েকজনকে আবৃত্তি করতে বলবেন:

- ২/৩ জনের আবৃত্তি শোনার পর ধন্যবাদ দিবেন। বলবেন, আজ আমরা জাতীয় সংগীতের 'কী শোভা, কী ছায়াগো' থেকে 'আমি নয়নজলে ভাসি' অর্থাৎ শেষ চরণ পর্যন্ত গাইতে শিখব;
- বাংলাদেশের প্রকৃতি ও পরিবেশের একটি চিত্র এবং জাতীয় সংগীতের বাণী পাশাপাশি পোস্টার পেপারে প্রদর্শন করবেন;
- শিক্ষক সঠিক সুর, তাল, ছন্দ বজায় রেখে 'কী শোভা, কী ছায়া গো' থেকে 'আমি নয়নজলে ভাসি' পর্যন্ত কয়েকবার গেয়ে শোনাবেন শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে ও শিক্ষকের সাথে গাইবে;
- শিক্ষক হাতে তালি দিয়ে গান গাইবেন শিক্ষার্থীরাও শিক্ষকের সাথে হাতে তালি দিয়ে গাইবে;
- শিক্ষার্থীদের গোলাপ ও জবা নামে দুটি দলে ভাগ করবেন। গোলাপ দল, 'কী শোভা' থেকে 'নদীর কূলে কূলে' পর্যন্ত গাইবে জবা দল মনোযোগ দিয়ে শুনবে। আবার জবা দল 'মা তোর মুখের বাণী' থেকে 'আমি নয়নজলে ভাসি'।। এ পর্যন্ত গাইবে গোলাপ দল মনোযোগ দিয়ে শুনবে। এভাবে পর্যায়ক্রমে ৪/৫ বার অনুশীলন করবে। পরে আজকের সেশনের নির্ধারিত অংশ কয়েকবার একসাথে গাইবে যেন গানটি সবার আয়ত্তে আসে;
- দৈবচয়নের মাধ্যমে শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীর গান শুনবেন। কারো গাইতে কোথাও কোনো সমস্যা হলে শুদ্ধ করে দিবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# গান গাওয়া

## শিখন-শেখানো উপকরণ

- জাতীয় সংগীতের বাণী
- জাতীয় পতাকা
- বিদ্যালয়ের সমাবেশের চিত্র
- জাতীয় সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন বলবেন পূর্বের সেশনে আমরা জাতীয় সংগীতের যতটুক অংশ গাইতে শিখেছিলাম সেটুক সহ প্রথম থেকে সম্পূর্ণ জাতীয় সংগীত আজ গাইব;
- শিক্ষার্থীদের বলবেন, পূর্বের সেশনগুলোতে আমরা জাতীয় সংগীত এর কিছু অংশ শিখেছি এবং ধারণা লাভ করেছি;
- শিক্ষার্থীদের কাছে জানতে চান, কোথায় কোথায় তোমরা এই গান গাইতে শুনেছ? শিক্ষার্থীদের উত্তর শুনে বোর্ডে লিখবেন, আলোচনা করবেন এবং বলবেন, শিক্ষা প্রতিষ্ঠানের দৈনিক সমাবেশ ছাড়াও জাতীয় অনুষ্ঠানে অথবা সভা,কর্মশালা ইত্যাদি অনুষ্ঠানেও জাতীয় সংগীত পরিবেশিত হয়;
- ৩/৪ জন শিক্ষার্থীকে পূর্বের সেশনে শেখা গানের অংশটুকু গাইতে বলবেন;
- শিক্ষক বলবেন, এই গানের তালের নাম দাদরা, ৬- মাত্রা। ছন্দ হাতে তালি দিয়ে দেখিয়ে দিবেন ও অনুশীলন করাবেন;

- সঠিক সুর, তাল, ছন্দ বজায় রেখে জাতীয় সংগীতের 'কী শোভা, কী ছায়া গো' থেকে 'আমি নয়নজলে ভাসি' পর্যন্ত কয়েকবার গেয়ে শোনাবেন শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে এবং গাইবে;
- শিক্ষক হাতে তালি দিয়ে গান গাইবেন  শিক্ষার্থীরাও শিক্ষকের সাথে হাতেতালি দিয়ে গাইবে;
- দৈবচয়নের মাধ্যমে শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীকে শ্রেণির সামনে ডেকে শ্রেণিমুখী হয়ে দাঁড়াতে বলবেন এবং গান গাইতে বলবেন, অন্য শিক্ষার্থীরা শুনবে ও পরে একসাথে গাইবে। এভাবে ৩/৪ বার অনুশীলন করাবেন;
- শিক্ষক বলবেন, আজ আমরা জাতীয় সংগীতের সম্পূর্ণ অংশ অর্থাৎ 'আমার সোনার বাংলা'থেকে 'আমি নয়নজলে ভাসি' পর্যন্ত গাইব। শিক্ষক সম্পূর্ণ গানটি শিক্ষার্থীদের নিয়ে ৪/৫ বার গাইবেন। কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে জাতীয় সংগীতের সম্পূর্ণ অংশ গাইতে বলবেন। এভাবে বার বার অনুশীলনের ফলে জাতীয় সংগীত সবাই গাইতে পারবে;
- বিদ্যালয়ে সমাবেশের মত করে দাঁড়াতে বলে সবাইকে নিয়ে সমবেতভাবে ৩/৪ বার জাতীয় সংগীত  পরিবেশন করবেন। কাউকে কোথাও নিরাময় দেওয়ার প্রয়োজন হলে শিক্ষক সেটি দিবেন। প্রয়োজনে সংগীতের অডিয়ো/ভিডিয়ো শোনাবেন/দেখাবেন;
- এভাবে সব শিক্ষার্থী জাতীয় সংগীত গাইবার উপযুক্ত হবে।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# তৃতীয় অধ্যায়
# লোক সংগীত

**গান** : **বেলা দ্বিপ্রহর ধূ ধূ বালুচর**

**কথা ও সুর** : গীরিন চক্রবর্তী

**তাল** : কাহারবা

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**২.১ দেশীয় সংস্কৃতির এক বা একাধিক উপাদান-উপকরণকে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।**

সেশন
১

## আবৃত্তি

### শিখন-শেখানো উপকরণ

- লোকসংগীতের বাণী
- লোকসংগীতের অডিয়ো/ভিডিয়ো
- গ্রীষ্মকালে বাংলাদেশের প্রকৃতি ও গ্রামীণ জীবনের চিত্র
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

**বিষয়বস্তু:** লোকসংগীতের সাথে বাংলাদেশের মানুষের সম্পর্ক চিরন্তন। অঞ্চলভিত্তিক লোকগান আমাদের দেশের অন্যতম সম্পদ। আমাদের লোক সংগীত বাঙালি সংস্কৃতির অন্যতম উপাদান। দেশের একেক অঞ্চল একেক রকম লোকগানে সমৃদ্ধ। এটিও তেমন একটি প্রসিদ্ধ লোক সংগীত। গ্রীষ্মের কাঠফাটা রোদে চারদিক শুকিয়ে গেলে বৃষ্টির জন্য আমাদের গ্রামীণ সমাজে যে হাহাকার সৃষ্টি হয় তার ছবি এই গানটিতে দেখা যায়। কৃষি প্রধান বাংলাদেশের চাষাবাদের আর প্রচণ্ড গরমের কষ্টের একটি বাস্তব চিত্র ফুটে উঠেছে এই গানে।

**গানের বাণী:**

বেলা দ্বিপ্রহর ধূ ধূ বালুচর
ধুপেতে কলিজা ফাটে, তিয়াসে কাতর।
আল্লা মেঘ দে, পানি দে
ছায়া দেরে তুই আল্লা মেঘ দে।।
আসমান হইল টুডা টুডা, জমিন হইল ফাডা
মেঘরাজা ঘুমাইয়া রইছে
মেঘ দিবো তোর কেডা।।
হালের গরু বাইন্দা গিরস্ত মরে কাইন্দা
ঘরের রমণী কান্দে
ডাইল খিচুড়ি রাইন্ধা।।
ফাইটা ফাইটা রইছে যত খালা- বিলা- নদী
পানির লাইগা কাইন্দা ফিরে পঙ্খী জলধি।।
কপোত-কপোতী কান্দে কূপেতে বসিয়া
শুকনা ফুলের কলি পড়ে ঝরিয়া ঝরিয়া।।
আম পাতা লড়ে চড়ে কাডল পাতা ঝরে
পানি পানি কইরা ঝিলে পান কৌড়ি মরে।।

তাল ছাড়া

I -া -া গা মা । পা মা পা -া । -া -া -া -া । -া -া I
০ ০ বে লা । দ্বি প্র হ ০ । ০ ০ ০ ০ । ০ র্

I ধা -া ধা -পা । পা -মা মা গা । গা -া -া -া । -গমা -গরা -া -া I
ধূ ০ ধূ ০ । বা ০ লু চ । ০ ০ ০ ০ । ০০ ০০ ০ র

I রা গা রা গা । মা মা মগা গা । -া -া -া -া । -গমা -া -গরা I
ধূ পে তে ক । লি জা কা০ টে । ০ ০ ০ ০ ০০ ০ ০০

I ন্ সা রা -া । -া গরা স ন্ । -া -া -া -া । গা মা I
পি য়া সে ০ । ০ ০০ কা০ ত । ০ ০ ০ র । আ ল্লা

তাল সহ

I পা -া পা -া । -া -া গা মা । ধা -া া -া । ধা ধা পা ধা I
ম্যা ঘ্ দে ০ । ০ ০ আ ল্লা । ম্যা ঘ্ দে ০ । পা নি দে ০

I পা পা ধা ধা । ধা পা মগা মা । পা -া পা -া । -া -া -া -া I
ছা য়া দে রে । তু ই আ ল্লা । ম্যা ঘ্ দে ০ । ০ ০ আ ল্লা

I আ -া ধা -া । -া -া গা মা । পা -া পা -া । -া -া -া রা I
ম্যা ঘ্ দে ০ । ০ ০ আ ল্লা । ম্যা ঘ্ দে ০ । ০ ০ ০ ০

I পা ধা র্সা র্সা । র্রা র্মা র্গা র্রা । র্সা র্সা না ধনা । পা ধা -া -া I
আস্ মান্ হই ল । টু টা টু টা । জ মিন্ হই ল০ । ফা টা ০ ০

I পা -ধা র্সা র্সা । র্রা র্মা র্গা র্রা । র্সা র্সা না ধনা । পা ধা মা পা I
ম্যাঘ্ রা জা ঘু । মাই য়া রই সে । ম্যাঘ্ দি ব তোর । ক্যা ডা আ ল্লা

Iপা -ধা র্সা র্সা। র্রা র্রা র্মা র্গা। র্সা র্সা না ধনা। পা ধা -া -াI
হা দের্ গ রু। বা ইন্ ধা ০। পি ঞ্জ র রে০। কাইন্ দা ০ ০

Iপা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা মা পাI
দ রে র র। ম নী কান্ দে। তাইল্ খি চু ড়ি। রাইন্ ধা আ ছা

Iপা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা -া -াI
কাই চ্যা কাই চ্যা। বই ছে য ত। খা লা বি লা। ন দী ০ ০

Iপা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা মা পাI
পা নির্ পাই গা। অইল্ না ম রে। প ঙ্খী উ ড়। ল দী আ ছা

Iপা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা -া -াI
ক পো ত ক। পো তী কান্ দে খো পে তে র। সি য়া ০ ০

Iপা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা মা পাI
ও কলা তু লেছ। ক লি প ড়ে। ম হি মা ম। হি মা আ ছা

Iপা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা -া -াI
আ যু পা তা। ল ড়ে চ ড়ে। কাঁ ডল পা তা। ম রে ০ ০

পা -ধা র্সা র্সা। র্রা র্মা র্গা র্রা। র্সা র্সা না ধনা। পা ধা মা পা
পা নি পা নি। কই রা খি লে। পা ন কৌ ড়ি। ম রে আ ছা

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন:
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, তোমরা নিশ্চয়ই গান শুনেছ? কী গান শুনেছ? তাদের উত্তর নিয়ে বোর্ডে লিখে রাখবেন:

- আবার প্রশ্ন করবেন, গানগুলো কোথায় শুনেছ? ওরা বলবে, টেলিভিশন, রেডিয়ো, বিদ্যালয়ের সাংস্কৃতিক অনুষ্ঠান এসব জায়গায়। বলবেন, মাঝি নৌকা বাইতে গান, গরু-মহিষের গাড়িয়াল গাড়ি চালাতে গান করেন, কৃষক মাঠে কাজ করতে গান করেন, এছাড়া গান করেন বাউল ফকির আরও কতজন। যেন সবার মুখেই গান, অন্তরে গান;
- বলবেন, যেসব গানের কথা আমরা বললাম এ গানগুলোর প্রতিটির ধরন কিন্তু পৃথক। এগুলো কোনটা আধুনিক, কোনটা ভাওয়াইয়া-ভাটিয়ালি বা আঞ্চলিক। এবার শিক্ষার্থীদের বলা বোর্ডে লেখা গানগুলো কোন ধরনের মধ্যে পরেছে তা নিয়ে কিছুটা আলোচনা করবেন। একজন শিক্ষার্থীকে একটি গান গাইতে বলবেন। এবং বলবেন এখন আমরা একটি লোকগান গাইব;
- শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, প্রচণ্ড গরমে আমাদের দেশের গ্রামাঞ্চল ও প্রকৃতির অবস্থা কেমন হয়? তাদের ধারণা শুনবেন;
- ছবি বা চিত্রের সাহায্যে গ্রামীণ জীবন ও পানি শূন্য নদী- নালা, খাল-বিলের অবস্থা বর্ণনা করবেন। বলবেন, আজ আমরা একটি লোক সংগীত গাইব। এই গানটির মাধ্যমে আমরা আমাদের দেশের গ্রীষ্মকালীন প্রকৃতি ও সমাজের রূপ দেখতে পাব। শিক্ষক নিজে একবার গানটি গেয়ে শোনাবেন;
- পোস্টার পেপারে গানের কথা প্রদর্শন করবেন, বিষয়বস্তুর আলোকে গানের বাণী ও আমাদের দেশের গ্রীষ্মকালের রুক্ষ প্রকৃতি, পরিবেশের উপর বর্ণনা দিবেন। গীতিকার ও সুরকারের নাম বলবেন;
- গানের কথা শিক্ষক কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে। এখানে প্রমিত উচ্চারণ মেঘ হলেও গানের জন্য আঞ্চলিক উচ্চারণ হবে ম্যাঘ। শিক্ষার্থীদের এভাবে বাইন্দা, কাইন্দা, রাইন্ধা, পঙ্খী এসব শব্দের উচ্চারণ আঞ্চলিক ভাবে করাবেন। বলবেন, আঞ্চলিক উচ্চারণই এ গানের জন্য সঠিক উচ্চারণ;
- হাতে তালি দিয়ে শিক্ষক আবৃত্তি করবেন শিক্ষার্থীরাও হাতে তালি দিয়ে আবৃত্তি করবে;
- শিক্ষক প্রথম চরণ আবৃত্তি করবেন, শিক্ষার্থীরা পরের চরণ আবৃত্তি করবে। এভাবে কয়েকবার আবৃত্তি অনুশীলন করাবেন;
- শিক্ষক, শিক্ষার্থীদের তিনটি দলে ভাগ করবেন। নাম দিবেন,শাপলা, গোলাপ ও জবা

  শাপলা- 'বেলা দ্বিপ্রহর ... তোর ক্যাডা' পর্যন্ত

  গোলাপ- 'হালের গরু ... পঙ্খী জলধি' পর্যন্ত

  জবা- 'কপোত-কপোতী ... কৌড়ি মরে।। 'পর্যন্ত আবৃত্তি অনুশীলন করবে। অনুশীলন শেষে শাপলা দল প্রথমে তাদের নির্ধারিত অংশ আবৃত্তি করবে। গোলাপ ও জবা দল মনোযোগ দিয়ে শুনবে। এভাবে প্রত্যেক দলের আবৃত্তি অপর দল শুনবে। কয়েকবার সমবেত আবৃত্তি করবে যেন গানের কথা প্রত্যেক শিক্ষার্থীর আয়ত্তে আসে;
- তাল, লয়, ছন্দ ও উচ্চারণে সমস্যা হলে শিক্ষক শুদ্ধ করে দিবেন;
- সবাইকে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানাবেন। বলবেন পরের সেশনে এই গান আমরা গাইব।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# গান গাওয়া

### শিখন-শেখানো উপকরণ

- লোকসংগীতের বাণী
- লোকসংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

### শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন;
- শিক্ষার্থীদের বলবেন- পূর্বের সেশনে আমরা কী করেছিলাম। তাদের কথা শুনবেন এবং ২/১ জনকে তাদের জানা লোকগান গাইতে বলবেন এবং ধন্যবাদ জানিয়ে উৎসাহিত করবেন;

- শিক্ষক বলবেন, লোকসংগীতের সম্পূর্ণ অংশ আবৃত্তি করতে শিখেছি, এবার আমরা গানটি গাইতে শিখব। বিষয়বস্তুর ওপর ভিত্তি করে সহজ ভাষায় গানের ভাবার্থ ব্যাখ্যা করবেন। পুরো গান সঠিক তাল, সুর ঠিক রেখে কয়েকবার গেয়ে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে;
- বলবেন, আজ আমরা লোকসংগীতের 'বেলা দ্বিপ্রহর' থেকে 'ডাইল খিচুড়ি রাইন্ধা'।। পর্যন্ত গাইতে শিখব;
- শিক্ষক ৪/৫ বার গেয়ে শোনাবেন এরপর শিক্ষার্থীদের নিয়ে কয়েকবার গাইবেন। শিক্ষার্থীরা প্রথমে শুনবে পরে শিক্ষকের সাথে হাতে তালি দিয়ে গাইবে;
- শিক্ষক শিক্ষার্থীদের দলগত ভাবে গান গাইবার জন্য নিচের তিনটি দলে ভাগ করে গানের অংশ ভাগ করে দিবেন।

  শাপলা দল- 'বেলা দ্বিপ্রহর' থেকে 'আল্লা মেঘ দে'

  গোলাপ দল- 'আসমান হইল' থেকে 'তোর কেডা'

  জবা দল- 'হালের গরু' থেকে 'ডাইল খিচুড়ি রাইন্ধা'।। পর্যন্ত। দলে ভাগ হয়ে শিক্ষার্থীরা অনুশীলন করবে;
- শিক্ষক শাপলা দলের শিক্ষার্থীদের শ্রেণির অন্য শিক্ষার্থীদের সামনে দাঁড় করিয়ে তাদের অংশটুকু গাইতে বলবেন, অন্য শিক্ষার্থীরা শুনবে। এরপর সবাই মিলে একসাথে গাইবে। অনুরূপ ভাবে গোলাপ আর জবা দল সকল শিক্ষার্থীর সামনে দাঁড়িয়ে তাদের অংশটুকু গাইবে ও সবাইকে নিয়ে অনুশীলন করাবে। তারপর সবাই শিক্ষকের পরিচালনায় সমবেত ভাবে গাইবে। এভাবে বার বার অনুশীলনের ফলে গানের নির্ধারিত অংশ সবার আয়ত্তে আসবে। প্রয়োজনে সংগীতের অডিয়ো/ভিডিয়ো শোনাবেন/দেখাবেন;
- দৈবচয়নের মাধ্যমে শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীর গান পৃথক ভাবে শুনবেন। কারো তাল, ছন্দ, লয় ও গাইতে কোন সমস্যা হলে শুদ্ধ করে দিবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# গান গাওয়া

## শিখন-শেখানো উপকরণ

- লোকসংগীতের বাণী
- লোকসংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন;
- শিক্ষার্থীদের বলবেন- পূর্বের সেশনে আমরা লোকসংগীতের প্রথম চরণ বেলা 'দ্বিপ্রহর থেকে 'ডাইল খিচুড়ি রাইন্ধা' ।। পর্যন্ত গাইতে শিখেছি। আজ আমরা, 'ফাইটা ফাইটা রইছে' থেকে 'পান কৌড়ি মরে 'অর্থাৎগানের শেষ পর্যন্ত গাইতে শিখব;
- বিষয়বস্তুর ওপর ভিত্তি করে সহজ ভাষায় গানের ভাবার্থ আবারো ব্যাখ্যা করবেন। লোকসংগীতের গীতিকার ও সুরকারের নাম বলবেন;
- এ গানটি কাহারবা তালের এবং হাতে তালি দিয়ে তালের অনুশীলন করাবেন;
- শিক্ষক আজকের সেশনের অংশটুকু কয়েকবার গাইবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে। এরপর শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে আরও ৫/৬ বার গাইবেন। তালের সাথে হাতে তালি দিয়ে গাওয়া অনুশীলন করাবেন যেন শিক্ষার্থীরা তালে গাইতে অভ্যস্ত হয়;
- শিক্ষক দলগত ভাবে গান গাইবার জন্য শিক্ষার্থীদের নিচের তিনটি দলে ভাগ করবেন-

শাপলা দল -'ফাইটা ফাইটা' থেকে 'পঙ্খী জলধি'

গোলাপ দল- 'কপোত-কপোতী' থেকে 'ঝরিয়া ঝরিয়া'

জবা দল-'আম পাতা' থেকে 'পান কৌড়ি মরে' ।। পর্যন্ত অনুশীলন করবে;

- শিক্ষক শাপলা দলের শিক্ষার্থীদের শ্রেণির অন্য শিক্ষার্থীদের মুখোমুখি দাঁড় করিয়ে তাদের অংশটুকু গাইতে বলবেন, অন্য শিক্ষার্থীরা শুনবে। এরপর সবাই মিলে একসাথে গাইবে। অনুরূপ ভাবে গোলাপ আর জবা দল সকল শিক্ষার্থীর সামনে দাঁড়িয়ে তাদের অংশটুকু গাইবে ও সবাইকে নিয়ে অনুশীলন করাবে। তারপর সবাই শিক্ষকের পরিচালনায় সমবেত ভাবে গাইবে। এভাবে বার বার অনুশীলনের ফলে গানটি সবার আয়ত্তে আসবে:
- দৈবচয়নের মাধ্যমে শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীর গান এককভাবে শুনবেন। কারো তাল, ছন্দ, লয় ও গাইতে কোন সমস্যা হলে শুদ্ধভাবে পুনরায় গাইতে বলবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন ৪

# গান গাওয়া

### শিখন-শেখানো উপকরণ

- লোকসংগীতের বাণী
- লোকসংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলাবাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন;
- শিক্ষার্থীদের চার দলে ভাগ করবেন, দলে আলোচনা করে নিজ এলাকার দুটি করে লোক বা আঞ্চলিক গানের নাম লিখে উপস্থাপন করতে বলবেন। উপস্থাপন শেষে বলবেন আমাদের প্রত্যেক এলাকাতেই কিছু নিজস্ব গান আছে এগুলো আমরা জানব এবং গাইবার চেষ্টা করব;
- বলবেন, পূর্বের দুটি সেশনে আমরা লোক সংগীতটি পুরো গাইতে শিখেছি আজ আমরা পুরো গানটি পুনরায় অনুশীলন করবো;
- সম্পূর্ণ গান ৩/৪ বার নিজে গাইবেন, শিক্ষার্থীরা শুনবে। পরে শিক্ষার্থীদের নিয়ে সমবেত গাইবেন
- ৫/৬ জন পারগ শিক্ষার্থী নিয়ে একটি দল গঠন করবেন। তাদের শ্রেণির সামনে নিয়ে এসে তাদের নেতৃত্বে সব শিক্ষার্থীদের সম্পূর্ণ গান অনুশীলন করাবেন। যেন সবাই গাইতে পারে;
- কয়েকজন শিক্ষার্থীকে গাইতে বলবেন। কেউ অপারগ হলে পুনরায় শুদ্ধভাবে গানটি গাওয়ার অনুশীলন করাবেন। বলবেন, এরকম গান আরও শুনে তোমরা গাওয়ার চেষ্টা করবে। এভাবে সেশন শেষ করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# চতুর্থ অধ্যায়

# ছড়া গান

গান : মেঘের কোলে রোদ হেসেছে

কথা ও সুর : রবীন্দ্রনাথ ঠাকুর

তাল : দাদরা

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ সামাজিক ও প্রাকৃতিক বিষয় সমূহের রং, রূপ, সুর, ছন্দ ইত্যাদি শিল্প চর্চার সৃজনশীল প্রকাশ করতে পারা।

সেশন ১

## আবৃত্তি

### শিখন-শেখানো উপকরণ

- ছড়া গানের কথা
- বৃষ্টির দিনের চিত্র
- সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার
- রঙিন কাগজ

**বিষয়বস্তু:** বাংলাদেশ ঋতু বৈচিত্রের দেশ। সারা বছর ধরে প্রকৃতি নানান রূপ ধারণ করে। সবার মতো শিশুরাও এই বৈচিত্রে মুগ্ধ হয়। শিশু মনে এর প্রভাব পরে। সে বসন্তে দেখে ফুলের মেলা, শোনে পাখির গান। এক সময় প্রচণ্ড গরমে সে অতিষ্ট হয়। বর্ষার মেঘ, বৃষ্টি প্রকৃতির রূপ, রং, ছন্দ এগুলো তার মনে প্রভাব ফেলে। এগুলো হয়ত তার বোঝার ক্ষমতা নাই কিন্তু অনুভব করতে পারে। ছড়া গান শিশুদের সব সময়ই খুব প্রিয়। ছড়া শুনে শিশু যেমন আনন্দ পায়। তেমনি ছড়া গান শুনে অপার আনন্দ লাভ করে। 'মেঘের কোলে রোদ হেসেছে' এইরকম একটি ছড়া গান যা শিশুকে মনের আনন্দে হারিয়ে নিয়ে যেতে চায়। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর শিশু মনের অনুভূতি এ গানের মাধ্যমে চমৎকার ভাবে ফুটিয়ে তুলেছেন।

**গানের বাণী:**

মেঘের কোলে রোদ হেসেছে, বাদল গেছে টুটি।
আজ আমাদের ছুটি ও ভাই, আজ আমাদের ছুটি।
কী করি আজ ভেবে না পাই, পথ হারিয়ে কোন্ বনে যাই,
কোন্ মাঠে যে ছুটে বেড়াই সকল ছেলে জুটি।
কেয়া-পাতার নৌকো গড়ে সাজিয়ে দেব ফুলে-
তালদিঘিতে ভাসিয়ে দেব, চলবে দুলে দুলে।
রাখাল ছেলের সঙ্গে ধেনু চরাব আজ বাজিয়ে বেণু,
মাখব গায়ে ফুলের রেণু চাঁপার বনে লুটি।

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| II | সা | সা | -রা। | গা | পা | -ধা I | পধা | -না | না। | ধা | পা | -া | I |
| | মে | ঘে | র্ | কো | লে | ০ | রো০ | দ্ | হে | সে | ছে | ০ | |
| I | গা | রা | -া। | গা | গা | -মা I | গা | রা | -গরা। | -সা | -া | -া | I |
| | বা | দ | ল | গে | ছে | ০ | টু | টি | ০০ | ০ | ০ | ০ | |
| I | সা | -া | রা। | গা | -া | রা I | সা | -া | -া। | -া | -া | -া | I |
| | আ | ০ | হা | হা | ০ | হা | হা | ০ | ০ | ০ | ০ | ০ | |
| I | পা | -া | ধা। | র্সা | র্সা | -া I | র্রা | র্সা | -া। | না | ধা | -নাI | |
| | আ | জ | আ | মা | দে | র | ছু | টি | ০ | ও | ভা | ই | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| I | ধপা | -া | ধা । | ধপা | পা | পা I | ধপা | পা | -ধা । | -না | -া | -া | I |
| | আ | জ | আ | মা | দে | র | ছু | টি | ০ | ০ | ০ | ০ | |
| I | সা | -া | রা । | গা | -া | রা I | সা | -া | -া I | -া | -া | -া | II |
| | আ | ০ | হা | হা | ০ | হা | হা | ০ | ০ | ০ | ০ | ০ | |
| II | {পা | -া | গা । | পা | পা | -ধা I | র্গর্সা | র্সা | -া । | র্সা | র্সা | -া | I |
| | কী | ০ | ক | রি | আ | জ | ভে | বে | ০ | না | পা | ই | |
| I | র্সা | -া | র্রা । | র্রা | র্সার্রা | -র্গা | র্গর্রা | -া | র্সা | ধনা | ধপা | -া} | I |
| | প | থ | হা | রি | য়ে০ | ০ | কো | ন্ | ব | নে | যা০ | ই | |
| I | পা | -া | ধা । | র্গর্রা | র্সা | -া I | র্সনা | না | -র্সনা । | নধা | পা | -া | I |
| | কো | ন্ | মা | ঠে | যে | ০ | ছু | টে | ০০ | বে | ড়া | ই | |
| I | পধা | ধা | -পা । | পধা | -পা | া I | গা | গা | -া । | -া | -া | -রা | I |
| | স | ক | ল | ছে | লে | ০ | জু | টি | ০ | ০ | ০ | ০ | |
| I | র্সা | -া | র্রা । | গা | -া | রা I | সা | -া | -া । | -া | -া | -া | II |
| | আ | ০ | হা | হা | ০ | হা | হা | ০ | ০ | ০ | ০ | ০ | |
| II | {ণ্সা | সা | -া । | সা | সা | -রা I | গা | -া | গা । | গা | গা | -া | I |
| | কে০ | য়া | পা০ | পা | তা | র | নৌ | ০ | কো | গ | ড়ে | ০ | |
| I | গা | গা | রা । | গা | গা | ধা I | ধা | ধা | -পধা । | -পপা | -া | -া | I |
| | সা | জি | য় | দে | ব | ০ | ফু | লে- | ০০ | ০ | ০ | ০ | |
| I | গা | -া | ঋা । | গা | গা | মা I | মগা | গা | গা । | গঋা | সা | -া | I |
| | তা | ল | দি | ঘি | তে | ০ | ভা | সি | য়ে | দে | ব | ০ | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | I গা | -া | ধা । | সা | সরা | -গা I | গা | রা | -গরা । | -সা | -া | -া} | I |
| | চ | ল | বে | দু | লে০ | ০ | দু | লে | ০০ | ০ | ০ | ০ | |
| I | {পা | পা | -গা । | পা | পা | -ধা I | ধা | র্সা | র্সা । | র্সা | র্সা | ০ | I |
| | রা | খা | ল | ছে | লে | র | ন | তু | গে | ধে | নু | ০ | |
| I | র্সা | র্সা | র্রা | র্রা | র্সার্রা | র্গা I | র্মা | র্সা | র্সা । | না | ধপা | -া} | I |
| | চ | রা | ০ | ব | আ০ | জ | বা | জি | য়ে | বে | ণু০ | ০ | |
| I | পা | -া | ধা । | র্সা | র্সা | -া I | না | না | -র্সনা । | ধা | পা | -া | I |
| | মা | খ | ব | গা | য়ে | ০ | ফু | লে | ০র্ | রে | ণু | ০ | |
| I | ধা | ধা | -পা | ধা | পা | -া | গা | গা | -া । | -া | -া | রা | I |
| | চাঁ | পা | র্ | ব | নে | ০ | লু | টি | ০ | ০ | ০ | ০ | |
| I | সা | -া | রা । | গা | -া | রা | সা | -া | -া । | -া | -া | -া | IIII |
| | আ | ০ | হা | হা | ০ | হা | হা | ০ | ০ | ০ | ০ | ০ | |

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করে সেশন শুরু করবেন;
- শিক্ষার্থীদের বলবেন, তোমরা বৃষ্টি পড়া দেখেছ? বৃষ্টি হলে কেমন লাগে?
- শিক্ষার্থীদের উত্তর শুনে বোর্ডে লিখবেন, আলোচনা করুন। শিশুদের আলোচনা করার সুযোগ দিবেন এবং আপনি তাদের কথা মন দিয়ে শুনবেন;
- বলুন, এমন কি দেখেছ? বৃষ্টি হয়ে উঠোন, রাস্তা ঘাট ডুবে গেছে। শিশুরা পাতার নৌকা পানিতে ভাসিয়ে খেলা করছে। আবার মেঘ সরে গিয়ে রোদ উঠেছে। বৃষ্টির দিনেই এমন মেঘ, বৃষ্টি আর রোদের খেলা হয়;
- শিক্ষার্থীদের বলবেন, বৃষ্টি নিয়ে তোমরা কি কোন গান শুনেছ? শিক্ষার্থীদের উত্তর শুনবেন;
- এবার শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করবেন। দলে আলোচনা করে বৃষ্টি নিয়ে কে কি গান শুনেছে তার একটি তালিকা তৈরি করতে বলবেন;

- দলগত কাজ শেষে প্রত্যেক দলের উপস্থাপন শুনবেন। আপনার পূর্ব নির্ধারিত গান- মেঘের কোলে রোদ  হেসেছে যদি শিক্ষার্থীদের তালিকার মধ্যে আসে তাহলে বলবেন, তোমাদের তালিকা থেকে নিয়ে এই গান আজ সবাই মিলে গাইব। আর যদি না আসে বলবেন,আমার শোনা একটি বৃষ্টির গান আছে চল সবাই মিলে আমরা গাই;
- শিক্ষার্থীরা গানের যে তালিকা তৈরি করেছে তার মধ্যে থেকে ২/১ জনের গান শুনবেন ও উৎসাহিত করবেন;
- 'মেঘের কোলে রোদ হেসেছে'- গানের কথা এবং বৃষ্টির দিনের চিত্র বোর্ডে প্রদর্শন করবেন। শিক্ষার্থীদের ২/৩ জনকে দিয়ে গানের কথা পড়াবেন। বলবেন, গান গাওয়ার আগে গানের কথা ভালো ভাবে জানতে হয়। এজন্য শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে হয়;
- শুদ্ধ উচ্চারণে করে কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। মেঘ, ছুটি, বেড়াই, জুটি এ শব্দের উচ্চারণ গুলো বার বার অনুশীলন করাবেন। বলবেন ঘ, ছ, ড়, জ এই সব বর্ণের উচ্চারণ শুদ্ধ করতে হলে বার বার অনুশীলন করতে হবে;
- সব শিক্ষার্থীকে নিয়ে গানের কথা আবৃত্তি করবেন। কয়েকবার হাত তালি দিয়ে আবৃত্তি করাবেন;
- কয়েকজন শিক্ষার্থীকে আবৃত্তি করতে বলবেন;
- সম্পূর্ণ গান নিজে ২/৩ বার গেয়ে শোনাবেন। শিক্ষার্থীদের শুনতে বলবেন;
- বলবেন, আজকের সেশনে আমরা আবৃত্তি করলাম, গান শুনলাম। পরের সেশনে গাইব;
- সবাইকে ধন্যবাদ জানিয়ে আজকের সেশন শেষ করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# গান গাওয়া

## শিখন-শেখানো উপকরণ

- ছড়া গানের কথা
- বৃষ্টির দিনের চিত্র
- সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার
- রঙিন কাগজ

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করে সেশন শুরু করবেন;
- শিক্ষার্থীদের বলবেন, গতকালের সেশনে আমরা কী কী করেছিলাম? তাদের কথা শুনবেন। বলবেন, আজকের সেশনে আমরা পূর্ব সেশনের নির্ধারিত গান গাইতে শিখব;
- গানের কথা প্রদর্শন করে ২/১ জনকে পড়তে বলবেন, উচ্চারণ প্রয়োজনে ঠিক করে দিবেন। পুরো গান ২/৩ বার গেয়ে শোনাবেন;
- শিক্ষার্থীদের বলবেন, আজ আমরা 'মেঘের কোলে' থেকে 'সকল ছেলে জুটি' পর্যন্ত গাইব;
- শিক্ষক ৪/৫ বার গান গেয়ে শোনাবেন। এরপর কয়েকবার সমবেত গাইবেন। সবাই ঠিক মত শুনছে কি না তা বোঝার জন্য ২/১ জনকে গাইতে বলবেন;
- শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করবেন। দলে বসে গান অনুশীলন করতে বলবেন। দলগত কাজ শেষে প্রত্যেক দলকে পরিবেশন করতে বলবেন। কোনো সমস্যা হলে ঠিক করে দিবেন;
- যৌথ ও একক ভাবে কয়েকজনের গান শুনবেন। প্রয়োজনে ফলাবর্তন দিবেন। আবার সবাই মিলে এক সাথে গাইবেন যেন গান সবার আয়ত্তে আসে। প্রয়োজনে ছড়া গানের অডিয়ো/ভিডিয়ো শোনাবেন/দেখাবেন;
- পরের সেশনে আমরা গানের পরের অংশ গাইব, বলে ধন্যবাদ জানিয়ে আজকের সেশন শেষ করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# গান গাওয়া

### শিখন-শেখানো উপকরণ

- ছড়া গানের কথা
- বৃষ্টির দিনের চিত্র
- সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার
- রঙিন কাগজ

### শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করে সেশন শুরু করবেন;
- শিক্ষার্থীদের কয়েকজনকে গত সেশনে শেখা গানের অংশটুক মনে করতে ও গাইতে বলবেন;
- শিক্ষার্থীদের বলবেন, গত সেশনে আমরা 'মেঘের কোলে' থেকে 'সকল ছেলে জুটি' পর্যন্ত গাইতে শিখেছি। আজ আমরা 'কেয়া পাতার' থেকে 'চাঁপার বনে লুটি' পর্যন্ত গাইব;

- শিক্ষার্থীদের বলবেন, তোমরা কি বৃষ্টির পানিতে নৌকা ভাসিয়েছ? তাদের উত্তর শুনবেন এবং মজা করে নিজের অভিজ্ঞতাও বলবেন। এতে শিক্ষার্থীরা খুব আনন্দ পাবে;
- গানের নির্ধারিত অংশ সবাই মিলে শুদ্ধ উচ্চারণে ২/৩ বার আবৃত্তি করবেন। ২/১ জনের একক আবৃত্তি শুনবেন। তারপর 'কেয়া পাতার' থেকে 'চাঁপার বনে লুটি' পর্যন্ত গেয়ে শোনাবেন;
- তালের ধারণা ঠিক রাখার জন্য কয়েকবার সবাই মিলে হাত তালি দিয়ে গান অনুশীলন করাবেন;
- শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করবেন। প্রত্যেক দলকে পৃথক জায়গায় বসিয়ে গান অনুশীলন করতে বলবেন। দলগত কাজের সময় নির্ধারণ করে দিবেন;
- কাজ শেষে প্রত্যেক দলকে গান পরিবেশন করতে বলবেন;
- দৈবচয়নের মাধ্যমে কয়েকজনের গান শুনবেন। প্রয়োজনে ফলাবর্তন দিবেন;
- সবাইকে ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন ৪

# গান গাওয়া

### শিখন-শেখানো উপকরণ

- ছড়া গানের কথা
- বৃষ্টির দিনের চিত্র
- সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার
- রঙিন কাগজ

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করে সেশন শুরু করবেন;
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, পূর্বের সেশনগুলোতে আমরা কী কী করেছি? তাদের উত্তর শুনবেন। প্রয়োজনে কী কী কাজ হয়েছে সেটি ধারাবাহিক ভাবে নিজে বলবেন। যেমন- বৃষ্টির দিনের অভিজ্ঞতা শুনেছি, মেঘের কোলে গান আবৃত্তি করতে শিখেছি, গাইতে শিখেছি ইত্যাদি;
- বলবেন, 'ছড়া' গানটি আমরা আবৃত্তি করতে শিখেছি, গাইতে শিখেছি। এখন সম্পূর্ণ গান আবার গাইব;
- শিক্ষক সম্পূর্ণ গান সবাইকে নিয়ে ৪/৫ বার পরিবেশন করবেন। কয়েকজন শিক্ষার্থীকে পৃথকভাবে গাইতে বলবেন। তার ফলে ব্যক্তিগত সমস্যা থাকলে চিহ্নিত করা যাবে ও ফলাবর্তন দেওয়া সহজ হবে;
- শিক্ষার্থীদের চার দলে ভাগ করবেন। প্রত্যেক দলকে পৃথক জায়গায় বসিয়ে গান অনুশীলন করতে বলবেন। দলগত কাজের সময় নির্ধারণ করে দিবেন;
- কাজ শেষে প্রত্যেক দলকে পরিবেশন করতে বলবেন। তারা যেন হাততালি দিয়ে গাইতে পারে তা নিশ্চিত করবেন। এতে তালের ধারণা স্পষ্ট হবে। সব দলের উপস্থাপন শেষে আবার সবাই মিলে একসাথে সম্পূর্ণ গান পরিবেশন করবেন।কারো কিছু জানার থাকলে সেটি নিয়ে আলোচনা করবেন। বলবেন, এই গানটি আমরা সুন্দর ভাবে শিখলাম। এই ধরনের গান আরও সংগ্রহ করে শেখার চেষ্টা করব;
- সবাইকে ধন্যবাদ জানিয়ে সেশন শেষ করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# পঞ্চম অধ্যায়

# উদ্দীপনামূলক গান

| | |
|---|---|
| **গান** | **: মোরা ঝঞ্ঝার মত উদ্দাম** |
| কথা | : কাজী নজরুল ইসলাম |
| তাল | : দাদরা |

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**৪.১ নৈতিকতা ও মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে জেনে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।**

সেশন
১

## আবৃত্তি

**শিখন-শেখানো উপকরণ**

- সংগীতের বাণী
- সংগীতের অডিয়ো
- হারমোনিয়াম
- তবলাবাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

**বিষয়বস্তু:** বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি। কথা ও সুরের অসাধারণ বৈচিত্রের সমন্বয় ঘটিয়েছেন তিনি তার সংগীতে। সংগীতের বিভিন্ন শাখায় তাঁর সাবলীল পদচারণা। শিশুদের নিয়ে রচনা করেছেন বিচিত্র রকমের গান। যেখানে রয়েছে বাধাবন্ধনহীন ছুটে চলার প্রেরণা ও জীবনী শক্তি। এ গানটির মাধ্যমে শিশুরা তাদের অন্তরের উদ্যম ও অবিরাম ছুটে চলার দৃঢ় প্রত্যয়ব্যক্ত করেছেন। গানটির তাল দাদরা, ছয় মাত্রা।

## গানের বাণী

মোরা ঝঞ্ঝার মত উদ্দাম, মোরা ঝর্ণার মত চঞ্চল।
মোরা বিধাতার মত নির্ভয়, মোরা প্রকৃতির মত সচ্ছল।।
আকাশের মত বাধাহীন,
মোরা মরু-সঞ্চর বেদুঈন,
বন্ধনহীন জন্ম-স্বাধীন, চিত্ত মুক্ত শতদল (মোরা)।।
মোরা সিন্ধু-জোয়ার কল-কল
মোরা পাগলা-ঝোরার ঝরা জল
কল-কল-কল্ ছল-ছল-ছল্ কল-কল-কল্ ছল-ছল-ছল্।
মোরা দিল্-খোলা খোলা প্রান্তর,
মোরা শক্তি-অটল মহীধর,
হাসি-গান সম উচ্ছল
বৃষ্টির জল বনফল খাই, শয্যা শ্যামল বন-তল।।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| I - | - | - । | -া | সা | রা I | রা | -গা | গ । | -া | সা | রা I |
| | | | | মো | রা | ঝ | ন্ | ঝা | র্ | ম | ত |
| I রা | -গা | গা । | -া | গা | গা | গা | মা | গা । | মা | রা | রা I |
| উ | দ্ | দা | ম্ | মো | রা | ঝ | র | ণা | র্ | ম | ত |
| I গা | -ধা | ধ । | -া | ধা | ধা I | পগা | পা | ধা । | -সা | র্সা | র্সা I |
| চ | ন্ | চ | ল্ | মো | রা | বি | ধা | তা | র | ম | ত |
| I ধা | -র্সা | ধনধা । | -া | -পা | -পা I | গা | গধা | পধপা । | -া | গা | রা I |
| নি | র | ভ০০ | য় | মো | রা | প্র | কৃ০ | তি০০ | র | ম | ত |
| I ন্ | -রা | -সা । | -া | সা | রা | রা | -গা | গা । | -া | সা | রা I |
| স | চ্ | ছ | ল্ | মো | রা | ঝ | ন্ | ঝা | র্ | ম | ত |
| I রা | -সা | গা । | -া | -া | -া I | | | | | | |
| উ | দ্ | দা | ম্ | ০ | ০ | | | | | | |

I -    -    - ।  -    -    - I  -    -    - ।  -া    পা    পা I
                                              ০    মো    রা

I গা    পা    পা ।  -র্সা    র্সা    র্সা I  র্সা    না    র্সা ।  -া    র্সা    র্সা I
আ    কা    শে    র    ম    ত    বা    ধা    হী    ন    মো    রা

I না    র্সা    না ।  -ধা    ধা    -া    না    নর্রা    র্সা ।  -া    -া    -া I
ম    রু    স    ন্    চা    র    বে    দু    ই    ন    ০    ০

I ধর্সা    -া    না ।  নর্রা    র্সার্রার্সা    -া I  পা    -া    ক্ষা ।  ক্ষধা    পধপা    -া I
ব    ন্    ধ    ন০    হী০০    ন্    জ    ন্    ম    স্বা০    ধী০০    ন্

I গা    া    রা ।  রপা    -া    পা ।  রা    রা    সা ।  -া    সা    রা II
চি    ত্    ত    মু০    ক্    ত    শ    ত    দ    ল্    মো    রা

I -    -    - ।  -া    সা    সা    ন্া    -া    সা ।  ন্া    ন্ধা    -া I
                 ০    মো    রা    নি    ন্    ধু    জো    য়া০    র

I ন্া    রা    সা ।  -া    সা    সা    ন্া    -া    সা ।  ন্া    ন্ধা    -া I
ক    ল    ক    ল্    মো    রা    পা    গ্    লা    জো    য়া    র

I ন্া    রা    সা ।  -া    সা    সা I  সধা    সা    সা ।  -গা    গা    গা I
ঝ    রা    ত    ন্    ক    ল    ক০    ল    ক    ল্    হ্    ল

I গসা    গা    গা ।  -পা    পা    পা I  পগা    পা    পা ।  -র্সা    ধা    পা I
হ০    ল    হ্    ল্    ক    ল    ক    ল    ক    ল্    হ্    ল

I গা    গধা    পা ।  -া    পা    পা I  পগা    -পা    পর্সা ।  র্সা    র্সা    র্সা I
হ্    ল০    হ্    ল্    মো    রা    দি০    ল্    খো০    লা    খো    লা

I র্সা    -না    র্সা ।  -া    র্সা    র্সা    না    -া    র্সা ।  না    নধা    -া I
প্রা    ন্    ত    র্    মো    রা    শ    ক্    তি    অ    ট    ল

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| I না | নর্ঋা | র্সার্ঋর্সা । | -া | -া | -া | ধা | র্সা | র্সা । | -র্গা | র্গা | র্গা I |
| ম | হী০ | ধ | র্ | ০ | ০ | হা | সি | গা | ন্ | স | ম |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| I র্ঋা | -র্গা | র্ঋর্সা । | -া | র্সা | র্সা | র্সা | -া | না । | -র্ঋা | র্সার্ঋর্সা | -া I |
| উ | চ্ | ছ০ | ল্ | ০ | ০ | হা | সি | গা | ন্ | স | ম |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| I র্ঋা | -র্গা | র্ঋর্সা । | -া | র্সা | র্সা | র্সা | -া | না । | -র্ঋা | র্সার্ঋর্সা | -া I |
| উ | চ | ছ০ | ল্ | মো | রা | বৃ০ | ষ্ | টি | র | জ০০ | ল |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| I পা | পা | ক্ষা । | ক্ষধা | পধমা | -া | গা | -া | ঋা । | ঋপা | পা | পাI |
| ব | ন | ফ | ল০ | খা০০ | ই | শ | ষ্ | যা | শ্যা | ম | ল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| I ঋা | ঋা | সা । | -া | সা | সা II |
| ব | ন | ত | ল্ | মো | রা |

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে  শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করে সেশন শুরু করবেন;
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, তোমরা কি কবি কাজী নজরুল ইসলামের নাম শুনেছ? হ্যাঁ উত্তর আসলে বলবেন, তাঁর ২/১ টা কবিতার নাম বলো। ওদের কথা শুনে বোর্ডে লিখবেন, আলোচনা করবেন যেন তারা উৎসাহিত হয়। তোমাদের পাঠ্যপুস্তকেও তাঁর লেখা অনেক কবিতা আছে, তা বলবেন;
- শিক্ষার্থীদের বলা কবিতার মধ্যে 'চল চল চল' কবিতা না থাকলে আপনি বলবেন এবং কবিতা আবৃত্তি করে ও  গান গেয়ে শোনাবেন। বলবেন এটি একটি উদ্দীপনা মূলক কবিতা এবং গান। এটি বাংলাদেশের রণ সংগীত;
- শিক্ষার্থীরা এ গানটি জানলে তাদের গান শুনবেন। কেউ যদি প্রাসঙ্গিক অন্য কোন গান গাইতে চায় সেটিও  শুনবেন;
- শিক্ষার্থীদের বলবেন, আজ আমরা এমন একটি গান শিখতে যাচ্ছি  যার সাথে 'চল চল চল' এই গানের অনেক মিল আছে। কবি এ গানের মাধ্যমে শিশুদের অন্তরের চিন্তাশক্তি, উদ্যম,স্বাধীন ও বাধা-বন্ধনহীনভাবে নিরলস  ছুটে চলার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন;

- বলবেন, আজ আমরা জাতীয় কবি কাজী নজরুল ইসলামের গান ' মোরা ঝঞ্ঝার মত উদ্দাম, মোরা ঝর্ণার মত চঞ্চল'। প্রথমে আবৃত্তি করতে শিখব পরে গাইব। এ গানটি উদ্দীপনামূলক। কথাটি বলে পুরো গানটি কয়েকবার গেয়ে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে;
- পূর্বে লিখিত গানের বাণী বোর্ডে প্রদর্শন করবেন, ২/৩ বার পড়ে শোনাবেন, শিক্ষার্থীরা শুনবে। সংগীতের বাণীর উপর  সহজ- সরল ভাষায় ব্যাখ্যা দিবেন, কঠিন শব্দের অর্থ এবং গীতিকার ও সুরকারের নাম বলবেন;
- বোর্ডে প্রদর্শিত গান শুদ্ধ ও প্রমিত উচ্চারণে কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। ঝঞ্ঝা,সঞ্চর, বেদুঈন, মহীধর, উচ্ছল, শয্যা এ শব্দগুলো বারবার অনুশীলন করাবেন এবং অর্থ বলবেন। সব শিক্ষার্থী যেন মনোযোগ দিয়ে শোনে তা নিশ্চিত করবেন। এরপর শিশুদের নিয়ে  ৩/৪ বার সমবেত আবৃত্তি করবেন। হাতে তালি দিয়ে আবৃত্তি করবেন শিক্ষার্থীরাও হাতে তালি দিয়ে আবৃত্তি করবে;
- শিক্ষক প্রথম চরণ আবৃত্তি করবেন, শিক্ষার্থীরা পরের চরণ আবৃত্তি করবে। এভাবে কয়েকবার আবৃত্তি অনুশীলন করাবেন;
- শিক্ষার্থীদের দুটি দলে ভাগ করবেন। নাম দিবেন শাপলা ও গোলাপ (ফুল, নদী, পাখি যে কোনো নামে দল গঠন করতে পারবেন)। দুই দলকে পৃথক জায়গায় বসিয়ে দিবেন।

  শাপলা দল- 'মোরা ঝঞ্ঝার মত উদ্দাম' থেকে 'চিত্ত মুক্ত শতদল'

  গোলাপ দল- 'মোরা সিন্ধু-জোয়ার কল-কল' থেকে 'শয্যা শ্যামল বন-তল'।। পর্যন্ত দলগত ভাবে আবৃত্তি অনুশীলন করবে। পরে সবাইকে নিয়ে সমবেত আবৃত্তি করাবেন;
- সবাই আবৃত্তি করতে পারছে কি না  তা বোঝার জন্য ৪/৫ জন শিক্ষার্থীকে আবৃত্তি করতে বলবেন। উচ্চারণে ও বোধগম্যতার ক্ষেত্রে সমস্যা থাকলে শুদ্ধ করে দিবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# গান গাওয়া

## শিখন-শেখানো উপকরণ

- সংগীতের বাণী
- সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন;
- শিক্ষার্থীদের বলবেন, পূর্বের সেশনে আমরা গানের সম্পূর্ণ অংশ আবৃত্তি করতে শিখেছি, আজ আমরা গানটি গাইতে শিখব। বিষয়বস্তুর ওপর ভিত্তি করে সহজ ভাষায় গানের ভাবার্থ ব্যাখ্যা করবেন। পুরো গান সঠিক তাল, সুর ঠিক রেখে কয়েকবার গেয়ে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে;
- শিক্ষার্থীদের নিয়ে সমবেত ভাবে ৪/৫ বার গানটি গাইবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের দলগত ভাবে গান গাইবার জন্য নিচের দুটি দলে ভাগ করে গানের অংশ ভাগ করে দিবেন

  শাপলা দল- 'মোরা ঝঞ্ঝার মত উদ্দাম' থেকে 'চিত্ত মুক্ত শতদল'
  গোলাপ দল- 'মোরা সিন্ধু-জোয়ার কল-কল' থেকে 'শয্যা শ্যামল বন-তল'।। পর্যন্ত দলগত ভাবে অনুশীলন করবে। পরে সবাই সমবেতভাবে গাইবে;
- শিক্ষক শাপলা দলের শিক্ষার্থীদের শ্রেণির অন্য সব শিক্ষার্থীদের মুখোমুখি দাঁড় করিয়ে তাদের অংশটুকু গাইতে বলবেন। অন্য শিক্ষার্থীদের শুনতে বলবেন। এরপর সবাই মিলে একসাথে গাইবে। অনুরূপ ভাবে গোলাপ দল সকল শিক্ষার্থীর সামনে দাঁড়িয়ে তাদের অংশটুকু পরিবেশন করবে ও সবাইকে নিয়ে এক সাথে গাইবে। তারপর সবাই শিক্ষকের পরিচালনায় সমবেত ভাবে গাইবে। এভাবে বার বার অনুশীলনের ফলে গানের পুরো অংশ সবার আয়ত্তে আসবে। প্রয়োজনে সংগীতের অডিয়ো শোনাবেন;

- শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীর গান পৃথক ভাবে শুনবেন। কারো সুর, তাল, ছন্দ, লয় ও গাইতে কোন সমস্যা হলে শুদ্ধ করে দিবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# গান গাওয়া

### শিখন-শেখানো উপকরণ

- সংগীতের বাণী
- সংগীতের অডিয়ো/ভিডিয়ো
- হারমোনিয়াম
- তবলা-বাঁয়া
- পোস্টার পেপার
- হোয়াইট বোর্ড ও মার্কার

## শিখন-শেখানো কার্যাবলি

- সবাইকে শুভেচ্ছা জানানোর মাধ্যমে কুশল বিনিময় করবেন;
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, পূর্বের সেশনে আমরা কী গান গেয়েছি ও কী নিয়ম পালন করেছি? শিক্ষার্থীরা উত্তর দিবে। তাদের উত্তর নিয়ে প্রয়োজনে আলোচনা করবেন;
- বলবেন, আমরা যে গান শিখলাম এরকম অন্য কোনো গান তোমরা আর কেউ জানলে গাইতে পারো। কেউ গাইলে ধন্যবাদ দিয়ে উৎসাহিত করবেন;
- বলবেন, আমরা সম্পূর্ণ গান গাইতে শিখেছি, আজ আমরা আবার গাইব যেন, ভালোভাবে মনে রাখতে পারি। পুরো গান সঠিক তাল, সুর ঠিক রেখে কয়েকবার গেয়ে শোনাবেন। শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে শুনবে;
- শিক্ষার্থীদের নিয়ে সমবেত ভাবে ৪/৫ বার গাইবেন;
- শিক্ষার্থীদের দলগত ভাবে গান গাইবার জন্য নিচের দুটি দলে ভাগ করে গানের অংশ ভাগ করে দিবেন

  শাপলা দল- 'মোরা ঝঞ্ঝার মত উদ্দাম' থেকে 'চিত্ত মুক্ত শতদল'

  গোলাপ দল- 'মোরা সিন্ধু-জোয়ার কল-কল' থেকে 'শয্যা শ্যামল বন-তল'।। পর্যন্ত দলগত ভাবে শিক্ষার্থীরা গাওয়া অনুশীলন করবে পরে সবাইকে নিয়ে সমবেতভাবে গাইবেন;
- পারগ ৪/৫ জন শিক্ষার্থী দিয়ে একটি দল গঠন করবেন। তাদের সবার সামনে দাঁড় করিয়ে তাদের নেতৃত্বে কয়েকবার সমবেতভাবে অনুশীলন করাবেন। এভাবে অনুশীলনের মাধ্যমে পুরো গান সবাই গাইবার মতো তৈরি হবে। প্রয়োজনে সংগীতের অডিয়ো/ভিডিয়ো শোনাবেন/দেখাবেন;
- দৈবচয়নের মাধ্যমে শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীর গান পৃথকভাবে শুনবেন। কারো সুর, তাল, ছন্দ, লয় ও গাইতে কোন সমস্যা হলে শুদ্ধ করে দিবেন। পরে আবার সমবেত ভাবে গাইবেন। এভাবে শিখন প্রক্রিয়া সম্পন্ন করবেন এবং ধন্যবাদ দিয়ে সেশন শেষ করবেন।


## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# নৃত্যকলা



# প্রথম অধ্যায়

# জীবন ও প্রকৃতি

জীবন ও প্রকৃতিবিষয়ক নৃত্য

গান : আমাদের ছোটো নদী চলে বাঁকে বাঁকে

কবি : রবীন্দ্রনাথ ঠাকুর

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**১.১ প্রকৃতির রং, রূপ, বৈচিত্র, সুর, ছন্দ, সৌন্দর্য অবলোকন করে চর্চার মাধ্যমে শিল্পকলার বিভিন্ন মাধ্যমের সঙ্গে সম্পর্ক স্থাপন করতে পারা।**

সেশন
১

## নৃত্যের প্রারম্ভিক প্রস্তুতি: শারীরিক প্রস্তুতি, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর পরিচিতি, তালের ধারণা এবং নৃত্যের মাধ্যমে প্রকৃতির সাথে সম্পৃক্ততা।

### এই সেশনে

- শিক্ষক শিক্ষার্থীদের বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও তাঁর রচনা সম্পর্কে জানাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের তাল সম্পর্কে ধারণা দেবেন ও দাদরা তাল শেখাবেন;
- শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীর চর্চা শেখানো হবে;
- শিক্ষক শিক্ষার্থীদের বৈশাখ ঋতু সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার প্রথম চার লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

## নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি

নৃত্য শিশুদের শারীরিকভাবে সবল ও মানসিকভাবে সতেজ রাখে। একটি সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে শিক্ষার্থীরা যেন তাদের পাঠ গ্রহণ করতে পারে, সেজন্য একটি প্রশস্ত পরিষ্কার, পরিচ্ছন্ন, আলো বাতাসযুক্ত কক্ষ প্রয়োজন।

যেখানে শিক্ষার্থীরা তাদের নৃত্যচর্চা স্বতঃস্ফূর্তভাবে করতে পারবে। শিক্ষার্থীরা যেহেতু খালি পায়ে নৃত্যচর্চা করবে তাই তারা ক্লাসে প্রবেশের পূর্বে জুতা খুলে ক্লাসের বাইরে সারিবদ্ধভাবে সাজিয়ে রাখবে। নৃত্য একটি শারীরিক পরিশ্রমের কাজ, তাই পঞ্চাশ মিনিটের ক্লাসের মধ্যে একটি পানি পানের বিরতি দিতে হবে।

## শিক্ষকদের পূর্বপ্রস্তুতি


শ্রেণিকক্ষে পাঠদানের পূর্বে শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের উপর পূর্ণ ধারণা দেবেন। পাঠদানকে কিভাবে প্রাণবন্ত ও আকর্ষণীয় করা যায়, সে বিষয়ে খেয়াল রাখবেন। তবলা, ঢোল, মন্দিরা এবং যাবতীয় উপকরণগুলো সুন্দরভাবে সাজিয়ে রাখবেন। ক্লাস চলাকালীন এই উপকরণগুলোর ব্যবহার শিক্ষার্থীদের বিষয়বস্তুর দিকে আকর্ষণ করবে। অডিয়ো, ভিডিয়ো, মাল্টিমিডিয়া ইত্যাদি কারিগরি বিষয়গুলো ভালোভাবে ব্যবহার করা যাচ্ছে কিনা তা পূর্বেই দেখে নিতে হবে। সম্ভব হলে যে বিষয় বা কবিতার অংশের সাথে নাচ হবে, তা হোয়াইটবোর্ড বা ব্ল্যাকবোর্ডে লিখে রাখবেন। যেসব পোস্টার/চিত্র অথবা ভিডিয়ো শিক্ষার্থীদের দেখানোর জন্য নির্বাচন করেছেন সেগুলো প্রস্তুত রাখবেন। শিশুদের উপযোগী আনন্দময় পাঠ উপস্থাপনের চেষ্টা করবেন। শিক্ষককে অনুসরণ করেই শিক্ষার্থীরা নৃত্যের প্রাথমিক বিষয়গুলো আয়ত্ত করবে। প্রতিটি বিষয় শিক্ষার্থীদেরকে একাধিকবার করে দেখাবেন। নির্বাচিত কবিতা বা গানের নৃত্য শেখানোর আগে শিক্ষার্থীদের কবিতা বা গানের বাণী ও তার অর্থ সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষক বেশ কয়েকবার কবিতা বা গানের বাণী শিক্ষার্থীদের শোনাবেন এবং শিক্ষার্থী তা পড়া/বলার মাধ্যমে আবৃত্তি করবেন।


## নৃত্যকলা

নৃত্য শব্দটি সাধারণত শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ সঞ্চালনার নান্দনিক প্রকাশভঙ্গিকে বোঝায়। গীত, বাদ্য এবং ছন্দের সাথে শারীরিক বা সাংকেতিক ভাষার চিত্রকল্প উপস্থাপনই নাচ। মানব শরীরে অনেকগুলো অঙ্গ-প্রত্যঙ্গ রয়েছে, যা নৃত্যের জন্য ব্যবহৃত হয়। এই সকল অঙ্গ প্রত্যঙ্গগুলোকে ছন্দে ছন্দে নান্দনিকভাবে সঞ্চালনা করতে সক্ষম হলেই তা নৃত্য হয়ে ওঠে। মানুষ সামাজিক প্রাণী, একে অন্যের সাথে ভাব বিনিময়ের মাধ্যমে সামাজিক জীবনযাপন করে। মানুষ যেমন ভাষার মাধ্যমে মনের ভাব বা অনুভূতিকে প্রকাশ করে, তেমনি নান্দনিকভাবে অঙ্গ সঞ্চালনার মাধ্যমে নৃত্যভঙ্গিতেও মনের ভাব-ভাষা প্রকাশ করে থাকে। প্রকৃতিগতভাবে প্রতিটি মানুষের ভেতরেই ছন্দবোধ থাকে, যে কারণে ভাষা আবিষ্কারের আগে মানুষ বিভিন্ন আকার ইঙ্গিতে অঙ্গ সঞ্চালনার মাধ্যমে মনের ভাব-ভাষা আদান-প্রদান করত। বোধ বা জ্ঞান বিকাশের সাথে সাথে এই দৈহিক ছন্দ নান্দনিকভাবে প্রকাশিত হয়ে নৃত্যকলা হিসেবে রূপ লাভ করলো। নৃত্য মূলত মানুষের অঙ্গভঙ্গির একটি অর্থবোধক স্বতঃস্ফূর্ত নান্দনিক প্রকাশ। তাই সুর-তাল-ছন্দের উৎস পেলেই অঙ্গ-প্রত্যঙ্গগুলো আপনা আপনিই নানা ছন্দে জেগে ওঠে, যাকে আমরা নৃত্য বলে জানি। নৃত্যের আরও প্রকরণ আছে, যা পরবর্তীতে আলোচনায় আসবে।

## রবীন্দ্রনাথ ঠাকুর

রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা সাহিত্যের এক উজ্জ্বল নক্ষত্র। তিনি ১৮৬১ সালের ৭ মে কোলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে কবি, ঔপন্যাসিক, সংগীতশ্রষ্টা, চিত্রশিল্পী, নাট্যকার, ছোটোগল্পকার, প্রাবন্ধিক ও দার্শনিক। তবে তাঁর কবি পরিচিতি তাঁকে বিশ্ববরেণ্য করে তুলেছিল। আর তাই রবীন্দ্রনাথকে বিশ্বকবি বা কবিগুরু নামে ভূষিত করা হয়েছিলো। তাঁকে বাংলা ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক মনে করা হয়। ১৯৪১ সালের ৭ আগস্ট এই মহান কবি মৃত্যুবরণ করেন।





### শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১

  # আমাদের ছোটো নদী নাচের ভিডিয়ো লিংক নং - ১
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

### বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- তালের ধারণা;
- নির্বাচিত কবিতার রচয়িতা সম্পর্কে জানানো;
- নির্বাচিত কবিতার বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত কবিতার প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শেখা।


### তাল

সংগীতে অর্থাৎ গীত, বাদ্য ও নৃত্যে তাল শব্দের অর্থ হলো কাল পরিমাণ বা সময়ের মাপ। সংগীতের কাল ও ক্রিয়ার পরিমাণকে তাল বলে। তালের সমান অংশ ও ভাগ কে মাত্রা বলে। কতকগুলো মাত্রার সমষ্টি নিয়ে তাল গঠিত হয়। তাল দুই প্রকার, যথা: সমপদী ও বিষমপদী। তালের বিভাগের মাত্রা সংখ্যা সমান সংখ্যক হলে সমপদী তাল এবং তালের বিভাগের মাত্রা সংখ্যা সমান সংখ্যক না হলে তাকে বিষমপদী তাল বলা হয়।

একটি গান বা নৃত্য একটি নির্দিষ্ট তালে চলে। গান বা নৃত্য শেষ হলেই তাল থেমে যায়। শিক্ষার্থীদের তালের বিষয়টি বোঝানোর সময় মানুষ ও প্রাণীর ভেতরে যে হৃদস্পন্দন হয় তা উদাহরণ হিসেবে বলবেন। একটি নির্দিষ্ট সময়ে হৃদস্পন্দন বা হার্টবিট সমান থাকে। অর্থাৎ একটি বিট থেকে পরের বিট, আবার পরেরটি থেকে তার পরেরটির মাঝখানে সময়ের ব্যবধান সমান থাকে। ঠিক তেমনই তালের সমান অংশ বা মাত্রা সবসময় একই সময়ের ব্যবধান হতে হবে। ঘড়ির সেকেন্ডের কাঁটাকেও উদাহরণ হিসেবে বলা যেতে পারে।

### কবিতার বাণী

আমাদের ছোটো নদী চলে বাঁকে বাঁকে
বৈশাখ মাসে তার হাঁটু জল থাকে।
পার হয়ে যায় গরু, পার হয় গাড়ী,
দুই ধার উঁচু তার, ঢালু তার পাড়ি।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে কুশল বিনিময়;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের নৃত্য সম্পর্কিত ধারণা যাচাই;
- আজকের সেশনের বিষয় উপস্থাপন করবেন;
- শিক্ষার্থীদের সারিবদ্ধভাবে দাঁড় করাবেন। দুজন শিক্ষার্থীর মধ্যে অন্তত তিন ফুট দূরত্ব রাখতে হবে।
- শিক্ষক প্রথমে দুই পা সমানভাবে জোড় অবস্থায় শিড়দাঁড়া সোজা রেখে ও সামনের দিকে দৃষ্টি রেখে কোমরে হাত দিয়ে দাঁড়াবেন ও শিক্ষার্থীদের দাঁড়াতে বলবেন;
- নৃত্য সম্পর্কে সহজ ভাষায় শিক্ষার্থীদের ধারণা দেবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আজ আমরা নৃত্যের কিছু প্রাথমিক বিষয় দেখব;
- ক্লাসের শুরুতে শরীর প্রস্তুত করার জন্য ৫০ পর্যন্ত গণনা করে জগিং করাবেন;
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের শরীরের বিভিন্ন সন্ধিস্থল সম্পর্কে জানাবেন এবং প্রশ্ন উত্তরের মাধ্যমে শরীর চর্চার বিষয়টিতে আরও উৎসাহিত করে তুলবেন;

- শিক্ষার্থীদের তাল সম্পর্কে ধারণা দেবেন;
- শিক্ষার্থীরা প্রাথমিক শরীরের ব্যায়ামগুলোর সন্ধিস্থল (পায়ের গোড়ালি, হাঁটু, কোমর, কাঁধ, ঘাড়ের জয়েন্ট) ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং - ১)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত কবিতার সাথে সামঞ্জস্যপূর্ণ সমাজ ও প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার প্রথম চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার প্রথম চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (আমাদের ছোটো নদী নাচের ভিডিয়ো লিংক নং ১)
- শিক্ষক শিক্ষার্থীদের প্রকৃতিবিষয়ক যে কবিতার অংশ শেখানো হবে সেই কবিতাকে কেন্দ্র করে প্রকৃতির রং, রূপ বা প্রকৃতিবিষয়ক সম্ভাব্য সকল প্রশ্ন বা জিজ্ঞাসা নিয়ে ছাত্রদের সাথে আলোচনা করবেন। যেমন- আমাদের ছোটো নদী কবিতাটি শেখানোর সময় স্বাভাবিকভাবে প্রশ্ন করা যেতে পারে, তারা নদী দেখেছে কিনা, নদীতে পানি থাকে কিনা, নদীর বাঁক থাকে কিনা, নদীর পানি বাড়ে, কমে কিনা ইত্যাদি নানান প্রশ্ন;
- এই পর্যায়ে শিক্ষার্থীরা প্রকৃতি সম্পর্কে কি শিখলো এবং বুঝলো সেবিষয়ক কিছু প্রশ্ন করবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি সহজভাবে শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন;
- শিক্ষক খেয়াল রাখবেন শিক্ষার্থীরা যেন পুরো নৃত্যের ক্লাসটি আনন্দের সাথে করতে পারে।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# নৃত্যের প্রারম্ভিক প্রস্তুতি: সৃজনশীল নৃত্য, পদবিন্যাস ও নৃত্যের মাধ্যমে প্রাকৃতিক পরিবেশের সাথে সম্পৃক্ততা।

**এই সেশনে**

শিক্ষক শিক্ষার্থীদের সৃজনশীল নৃত্য সম্পর্কে ধারণা দেবেন। শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীর চর্চা ও পদবিন্যাস শেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের শরৎকাল সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ

## সৃজনশীল নৃত্য

সৃজনশীল নৃত্য বলতে আমরা বুঝি একটি নতুন নৃত্য ভাবনা যা কিনা একজন যোগ্য, শিক্ষিত নৃত্যশিল্পী তার মনোজগতের সৃষ্টিশীল নৃত্যভাবনায় করে থাকে। সুর, তাল, লয়, ছন্দকে সঙ্গে রেখে, নতুন নতুন অঙ্গভঙ্গির দ্বারা নিজের মনের ভাব ভাবনা প্রকাশ করার নামই হলো সৃজনশীল নৃত্য।

**শিখন-শেখানো উপকরণ**

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১

  # আমাদের ছোটো নদী নাচের ভিডিয়ো লিংক নং - ২
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

### বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- সৃজনশীল নৃত্য সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান;
- নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**নির্বাচিত কবিতার সাথে নৃত্যভঙ্গি শেখা**

**কবিতার বাণী**

চিক্ চিক্ করে বালি, কোথা নাই কাদা,
একধারে কাশবন ফুলে ফুলে সাদা।
কিচিমিচি করে সেথা শালিকের ঝাঁক,
রাতে ওঠে থেকে থেকে শেয়ালের হাঁক।



### শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ;
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলোর ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং ১, ২)
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার সাথে সামঞ্জস্যপূর্ণ সমাজ ও প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইনের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা এবং প্রশ্নোত্তর পর্বে শিক্ষার্থীদের অংশগ্রহণ করানো। এই পর্বের প্রথম পর্বের মত নদী বিষয়ে এবং বর্ণিত প্রকৃতি বিষয়ে সে কি কি শিখলো এবং বুঝলো সেগুলো নিয়ে প্রশ্নোত্তর করা;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (আমাদের ছোটো নদী নাচের ভিডিয়ো লিংক নং- ২)
- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# নৃত্যের প্রারম্ভিক প্রস্তুতি: পদবিন্যাস, নৃত্যের মাধ্যমে প্রকৃতির সাথে সম্পৃক্ততা, একক ও দলগত নৃত্যচর্চা।

**এই সেশনে**

শিক্ষক শিক্ষার্থীদের শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত পদবিন্যাস শেখাবেন। শিক্ষক শিক্ষার্থীদের বর্ষা ঋতু সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার শেষ ছয় লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার শেষ ছয় লাইনের নৃত্যভঙ্গি শিখবে। শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার সম্পূর্ণটির নৃত্যভঙ্গি একক ও দলগতভাবে চর্চা করাবেন। শিক্ষার্থীরা নির্বাচিত কবিতার সম্পূর্ণটি আবৃত্তি করতে শিখবে। এই নৃত্যের পোশাক সম্পর্কে জানবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ

## শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো
  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১
  # আমাদের ছোটো নদী নাচের ভিডিয়ো লিংক নং - ৩
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)


## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- বর্ষা ঋতু সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান;
- নির্বাচিত কবিতার শেষ ছয় লাইনের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত কবিতার শেষ ছয় লাইনের নৃত্যভঙ্গি শেখা।

### নির্বাচিত কবিতার সাথে নৃত্যভঙ্গি শেখা

### কবিতার বাণী

আষাঢ়ে বাদল নামে, নদী ভর ভর
মাতিয়া ছুটিয়া চলে ধারা খরতর।
মহাবেগে কলকল কোলাহল ওঠে
ঘোলা জলে পাকগুলি ঘুরে ঘুরে ছোটে।
দুই কূলে বনে বনে পড়ে যায় সাড়া,
বরষার উৎসবে জেগে ওঠে পাড়া।



## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ এবং
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলোর ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং ১, ২, ৩)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত কবিতার সাথে সামঞ্জস্যপূর্ণ সমাজ ও প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;

- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার পরবর্তী ছয় লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে আষাঢ়, বাদল, কলকল, কোলাহল, ঘোলাজল, বরষার উৎসব, পাড়া এই শব্দগুলো সম্পর্কে প্রশ্ন করে তাদের বিষয়ের প্রতি আগ্রহী করে তুলবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার শেষ ছয় লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার শেষ ছয় লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার সম্পূর্ণটির বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার সম্পূর্ণটির নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (আমাদের ছোটো নদী নাচের ভিডিয়ো লিংক নং -৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত কবিতার সম্পূর্ণটির নৃত্যভঙ্গি একক ও দলগতভাবে চর্চা করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের দুটি দলে বিভক্ত করবেন এবং একটি দল কবিতা আবৃত্তি করবে এবং অপর দলটি নৃত্যচর্চা করবে;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# দ্বিতীয় অধ্যায়

# দেশীয় সংস্কৃতি

**দেশীয় সংস্কৃতি সম্পৃক্ত নৃত্য**

**গান** : ও ধান ভানিরে

**কথা ও সুর** : আব্দুল লতিফ

**তাল** : দ্রুত দাদরা

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**২.১ দেশীয় সংস্কৃতির এক বা একাধিক উপাদান-উপকরণকে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।**

সেশন ১

## লোক সংস্কৃতির উপাদানের সাথে পরিচিতি, দ্রুত দাদরা তালের ধারণা এবং লোকনৃত্য ভঙ্গিমা চর্চা

**এই সেশনেঃ** শিক্ষক শিক্ষার্থীদের দেশীয় সংস্কৃতি ও তার বিভিন্ন উপাদান সম্পর্কে জানাবেন। শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীরচর্চা শেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের নবান্ন উৎসব সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রথম দুই লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রারম্ভিক মিউজিক ও প্রথম দুই লাইন/স্থায়ীর নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতিঃ**

নৃত্য শিশুদেরকে শারীরিকভাবে সবল ও মানসিকভাবে সতেজ রাখে। একটি সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে শিক্ষার্থীরা যেন তাদের পাঠগ্রহণ করতে পারে, সেজন্য একটি প্রশস্ত, পরিষ্কার, পরিচ্ছন্ন, আলো বাতাসযুক্ত কক্ষ প্রয়োজন।

যেখানে শিক্ষার্থীরা তাদের নৃত্যচর্চা স্বতঃস্ফূর্তভাবে করতে পারবে। শিক্ষার্থীরা যেহেতু খালি পায়ে নৃত্যচর্চা করবে তাই তারা ক্লাসে প্রবেশের পূর্বে জুতো খুলে ক্লাসের বাইরে সারিবদ্ধভাবে সাজিয়ে রাখবে। নৃত্য একটি শারীরিক পরিশ্রমের কাজ, তাই পঞ্চাশ মিনিটের ক্লাসের মধ্যে একটি পানি পানের বিরতি দিতে হবে।

## শিক্ষকদের পূর্বপ্রস্তুতি

শ্রেণিকক্ষে পাঠদানের পূর্বে শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের উপর পূর্ণ ধারণা দেবেন। পাঠদানকে কিভাবে প্রাণবন্ত ও আকর্ষণীয় করা যায়, সে বিষয়ে খেয়াল রাখবেন। তবলা, ঢোল, মন্দিরা এবং যাবতীয় উপকরণগুলো সুন্দরভাবে সাজিয়ে রাখবেন। ক্লাস চলাকালীন এই উপকরণগুলোর ব্যবহার শিক্ষার্থীদের বিষয়বস্তুর দিকে আকর্ষণ করবে। অডিয়ো, ভিডিয়ো, মাল্টিমিডিয়া ইত্যাদি কারিগরি বিষয়গুলো ভালোভাবে ব্যবহার করা যাচ্ছে কিনা তা পূর্বেই দেখে নিতে হবে। সম্ভব হলে যে বিষয় বা কবিতার অংশের সাথে নাচ হবে, তা হোয়াইটবোর্ড বা ব্ল্যাকবোর্ডে লিখে রাখবেন। যেসব পোস্টার/চিত্র অথবা ভিডিয়ো শিক্ষার্থীদের দেখানোর জন্য নির্বাচন করেছেন সেগুলো প্রস্তুত রাখবেন। শিশুদের উপযোগী আনন্দময় পাঠ উপস্থাপনের চেষ্টা করবেন। শিক্ষককে অনুসরণ করেই শিক্ষার্থীরা নৃত্যের প্রাথমিক বিষয়গুলো আয়ত্ত করবে। প্রতিটি বিষয় শিক্ষার্থীদেরকে একাধিকবার করে দেখাবেন। নির্বাচিত কবিতা বা গানের নৃত্য শেখানোর আগে শিক্ষার্থীদের কবিতা বা গানের বাণী ও তার অর্থ সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষক বেশ কয়েকবার কবিতা বা গানের বাণী শিক্ষার্থীদের শোনাবেন এবং শিক্ষার্থী তা পড়া/বলার মাধ্যমে আবৃত্তি করবে।

## দেশীয় সংস্কৃতি

**নবান্ন উৎসব:** ধর্ম ও জাতিভেদে বাঙালির বেশ কিছু উৎসব আছে। কিন্তু প্রধান সার্বজনীন উৎসবগুলোর মধ্যে অন্যতম একটি হলো নবান্ন উৎসব। জাতি, ধর্ম, বর্ণ, সম্প্রদায় নির্বিশেষে বাংলার প্রতিটি মানুষ এই উৎসব পালন করে থাকে। এটি বাঙালির চিরন্তন উৎসব। নবান্ন শব্দের অর্থ হলো নতুন অন্ন বা নতুন খাবার। হেমন্ত কালে কৃষক আমন ধান কেটে ঘরে তোলেন। সেই ধানকে কেন্দ্র করে বাড়িতে উৎসবের আমেজ বিরাজ করে। নিমন্ত্রণ করা হয় আত্মীয়স্বজন ও নতুন জামাইকে। ঘরে তোলা নতুন ধান থেকে তৈরি করা চাল, চালের গুড়া। তৈরি করা হয় চিড়া, মুড়ি, মোয়া। রান্না করা হয় নানান ধরনের পিঠা-পায়েস। পাড়া প্রতিবেশী সবাই এই নবান্ন উৎসবে নতুন আনন্দে মেতে ওঠে।





## শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১.২.৩

  # ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ১
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- নির্বাচিত গানের রচয়িতা সম্পর্কে জানানো;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের প্রারম্ভিক মিউজিক ও প্রথম দুই লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**দ্রুত দাদরা তাল : ৬ মাত্রা**
বিভাগ -২
১ তালি ১ খালি

| + | | | | ০ | | |
|---|---|---|---|---|---|---|
| **ধা** | **ধি** | **না** | । | **না** | **তি** | **না** |

সম এর চিহ্ন = +
সম এর চিহ্ন = ০



**গানের বাণী:**

ও ধান ভানিরে ঢেঁকিতে পাড় দিয়া

ঢেঁকি নাচে আমি নাচি হেলিয়া দুলিয়া

ও ধান ভানিরে.....

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে কুশল বিনিময়;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের নৃত্য সম্পর্কিত ধারণা যাচাই;
- আজকের সেশনের বিষয় উপস্থাপন;
- শিক্ষার্থীদের সারিবদ্ধভাবে দাঁড় করাবেন। দুজন শিক্ষার্থীর মধ্যে অন্তত তিন ফুট দূরত্ব রাখতে হবে;
- শিক্ষক প্রথমে দুই পা সমানভাবে জোড় অবস্থায় শিড়দাঁড়া সোজা রেখে ও সামনের দিকে দৃষ্টি রেখে কোমরে হাত দিয়ে দাঁড়াবেন ও শিক্ষার্থীদের দাঁড়াতে বলবেন;
- নৃত্য সম্পর্কে সহজ ভাষায় শিক্ষার্থীদের ধারণা দেবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আজ আমরা নৃত্যের কিছু প্রাথমিক বিষয় দেখব;
- ক্লাসের শুরুতে শরীর প্রস্তুত করার জন্য ৫০ পর্যন্ত গণনা করে জগিং করাবেন;
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম দুই লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের সাথে সামঞ্জস্যপূর্ণ সমাজ ও প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;
- ছবি/পোস্টারে দেখানো বিষয়গুলোর সাথে কারো পূর্ব পরিচয় আছে কিনা, ধান কাটা ও মাথা বা ঘাড়ে করে সেই ধান বয়ে আনার দৃশ্য দেখেছে কিনা, ঢেঁকি, ঢেঁকিতে ধানভানা দেখেছে কিনা, পিঠা পুলি নিজের বা অন্য কারো গ্রামের বাড়িতে তৈরি হতে দেখেছে কিনা ইত্যাদি বিষয়ে প্রশ্ন করবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রারম্ভিক মিউজিক ও গানের প্রথম দুই লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং -১)
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# নৃত্যের মাধ্যমে দেশীয় লোকসংস্কৃতির উপাদানসমূহ পর্যবেক্ষণ এবং নৃত্যভঙ্গি চর্চা

**এই সেশনে**

শিক্ষার্থীরা নির্বাচিত গানের পরবর্তী ৪ লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রথম অন্তরার মিউজিক ও  গানের প্রথম অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ

### শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১,২,৩


  # ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ২
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা )


### বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের প্রথম অন্তরার মিউজিক ও গানের প্রথম অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

গানের বাণীঃ

বাড়ি আইলে ইষ্টিকুটুম ঐ না ধানের গুড়ি কুটুম রে
পিঠা পায়েস বানায় খামু পাড়া পড়শী লইয়া।।





## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ;
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলোর ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে। (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং ১, ২,৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের ইষ্টিকুটুম, পাড়া পড়শী, ধানের গুড়ি পিঠা পায়েস সম্পর্কিত প্রশ্ন করে বিষয়বস্তুর প্রতি আগ্রহী করে তুলবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম অন্তরার মিউজিক ও গানের প্রথম অন্তরা অর্থাৎ পরবর্তী দুই লাইনের নৃত্যভঙ্গির ভিডিয়ো দেখাবেন; (ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং ২)
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম অন্তরার মিউজিক ও গানের প্রথম অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# নৃত্যচর্চার মাধ্যমে দেশীয় সংস্কৃতির বিভিন্ন উপাদান-উপকরণ দেখা ও প্রকাশ করা

**এই সেশনে:** শিক্ষার্থীরা নির্বাচিত গানের পরবর্তী ৪ লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের দ্বিতীয় অন্তরার মিউজিক ও গানের দ্বিতীয় অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ

### শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১,২,৩

  # ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ৩
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- হাতের কাজ ও হস্তমুদ্রার প্রয়োগ;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের দ্বিতীয় অন্তরার মিউজিক ও গানের প্রথম অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নির্বাচিত গানের সাথে নৃত্যভঙ্গি শেখা**

**গানের বাণী:**

ধান বেচিয়া কিনমু শাড়ি পিন্দা যামু বাপের বাড়ি রে..
খালে বিলে আইলে পানি নায়ে ছইয়া দিয়া
ঢেঁকি নাচে আমি নাচি হেলিয়া দুলিয়া
ও ধান ভানিরে।।

## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ;
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলোর ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং ১, ২, ৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করে জানতে চাইবেন তারা খাল, বিল, ছই তোলা নৌকা সম্পর্কে জানে কি না। না জানলে শিক্ষক শিক্ষার্থীদের সহজভাবে বুঝিয়ে বিষয়বস্তুর প্রতি আগ্রহী করে তুলবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের দ্বিতীয় অন্তরার মিউজিক ও গানের দ্বিতীয় অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গির ভিডিয়ো দেখাবেন।; (ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং -৩)

- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের দ্বিতীয় অন্তরার মিউজিক ও গানের দ্বিতীয় অন্তরা অর্থাৎ পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।


সেশন
৪

# লোকনৃত্যের পোশাক সম্পর্কে ধারণা এবং নৃত্যভঙ্গিমার একক ও দলগত চর্চা

**এই সেশনে:** শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের সম্পূর্ণ নৃত্যভঙ্গি একক ও দলগতভাবে চর্চা করাবেন। শিক্ষক শিক্ষার্থীদের নৃত্যচর্চার মাধ্যমে দেশীয় সংস্কৃতির বিভিন্ন উপাদান সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত গানের সম্পূর্ণটি আবৃত্তি করতে শিখবে ও এই নৃত্যের পোশাক সম্পর্কে জানতে পারবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ



## শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩

  # ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ১, ২, ৩
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- হাতের কাজ ও হস্তমুদ্রার প্রয়োগ শেখা;
- নির্বাচিত গানের সম্পূর্ণ নৃত্যভঙ্গি চর্চা করবে।

## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ এবং
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলোর ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং ১, ২, ৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত সম্পূর্ণ গানটির বাণী আবৃত্তি করাবেন;
- বাণী শেখানোর সাথে সাথে তারা খাল, বিল, ধান, নৌকা, ছইতোলা নৌকা ইত্যাদি দেখেছে কিনা প্রশ্নোত্তরের মাধ্যমে সেগুলো জানিয়ে তাদের শেখার আনন্দ আরও বর্ধিত করবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত সম্পূর্ণ গানটির নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (ও ধান ভানিরে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ১, ২, ৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত পুরো গানটির নৃত্যভঙ্গি একক ও দলগতভাবে চর্চা করাবেন;
- এই গানের সাথে নৃত্য পরিবেশনের ক্ষেত্রে শিক্ষার্থীরা প্রয়োজনে দেশীয় লোকসংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ পোশাক যেমন ছেলেরা লুঙ্গি-ফতুয়া এবং মেয়েরা শাড়ি পরিধান করতে পারে;
- শিক্ষক শিক্ষার্থীদের দুটি দলে বিভক্ত করবেন এবং একটি দল গান করবে এবং অপর দলটি নৃত্যচর্চা করবে;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।





## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# তৃতীয় অধ্যায়

# জীবন ও প্রকৃতি সংশ্লিষ্ট নৃত্য

**জীবন ও প্রকৃতিবিষয়ক নৃত্য**
**গান** : মেঘের কোলে রোদ হেসেছে
**কথা ও সুর** : রবীন্দ্রনাথ ঠাকুর
**তাল** : দাদরা

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**৩.১ সামাজিক ও প্রাকৃতিক বিষয়সমূহের রং, রূপ, সুর, ছন্দ ইত্যাদি শিল্পচর্চার মাধ্যমে সৃজনশীলতা প্রকাশ করতে পারা।**

সেশন
১

## নৃত্যের জন্য শারীরিক প্রস্তুতি, দাদরা তালের চর্চা এবং বর্ষা ঋতুর রূপ ও বৈচিত্র্যের সাথে পরিচিতি


**এই সেশনে:** শিক্ষক শিক্ষার্থীদের বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও তাঁর রচনা সম্পর্কে জানাবেন। শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীর চর্চা শেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের বর্ষা ঋতু সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রথম চার লাইন আবৃত্তি করতে ও গাইতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

### নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি

নৃত্য শিশুদেরকে শারীরিকভাবে সবল ও মানসিকভাবে সতেজ রাখে। একটি সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে শিক্ষার্থীরা যেন তাদের পাঠগ্রহণ করতে পারে, সেজন্য একটি প্রশস্ত পরিষ্কার, পরিচ্ছন্ন, আলো বাতাসযুক্ত কক্ষ প্রয়োজন। যেখানে শিক্ষার্থীরা তাদের নৃত্যচর্চা স্বতঃস্ফূর্তভাবে করতে পারবে। শিক্ষার্থীরা যেহেতু খালি পায়ে নৃত্যচর্চা করবে তাই তারা ক্লাসে প্রবেশের পূর্বে জুতো খুলে ক্লাসের বাইরে সারিবদ্ধভাবে সাজিয়ে রাখবে। নৃত্য একটি শারীরিক পরিশ্রমের কাজ, তাই পঞ্চাশ মিনিটের ক্লাসের মধ্যে একটি পানি পানের বিরতি দিতে হবে।

### শিক্ষকদের পূর্বপ্রস্তুতি

শ্রেণিকক্ষে পাঠদানের পূর্বে শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের উপর পূর্ণধারণা দেবেন। পাঠদানকে কিভাবে প্রাণবন্ত ও আকর্ষণীয় করা যায়, সে বিষয়ে খেয়াল রাখবেন। তবলা, ঢোল, মন্দিরা এবং যাবতীয় উপকরণগুলো সুন্দরভাবে সাজিয়ে রাখবেন। ক্লাস চলাকালীন এই উপকরণগুলোর ব্যবহার শিক্ষার্থীদের বিষয়বস্তুর দিকে আকর্ষণ করবে। অডিয়ো, ভিডিয়ো, মাল্টিমিডিয়া ইত্যাদি কারিগরি বিষয়গুলো ভালোভাবে ব্যবহার করা যাচ্ছে কিনা তা পূর্বেই দেখে নিতে হবে। সম্ভব হলে যে বিষয় বা গানের অংশের সাথে নাচ হবে, তা হোয়াইটবোর্ড বা ব্ল্যাকবার্ডে লিখে রাখবেন। যেসব পোস্টার/চিত্র অথবা ভিডিয়ো শিক্ষার্থীদের দেখানোর জন্য নির্বাচন করেছেন সেগুলো ক্লাস শুরুর পূর্বেই প্রস্তুত রাখবেন। শিশুদের উপযোগী আনন্দময় পাঠ উপস্থাপনের চেষ্টা করবেন। শিক্ষককে অনুসরণ করেই শিক্ষার্থীরা নৃত্যের প্রাথমিক বিষয়গুলো আয়ত্ত করবে। প্রতিটি বিষয় শিক্ষার্থীদেরকে একাধিকবার করে দেখাবেন। নির্বাচিত গানের নৃত্য শেখানোর আগে শিক্ষার্থীদের গানের বাণী ও তার অর্থ সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষক বেশ কয়েকবার  গানের বাণী শিক্ষার্থীদের শোনাবেন এবং শিক্ষার্থী তা পড়া/বলার মাধ্যমে আবৃত্তি করবে।



### শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো
  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩
  # মেঘের কোলে রোদ হেসেছে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ১
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা )

### বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- হাতের কাজ ও হস্তমুদ্রার প্রয়োগ শেখা;
- নির্বাচিত গানের রচয়িতা সম্পর্কে জানানো;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**তাল: দাদরা**

**মাত্রা সংখ্যা: ৬**

বিভাগ ২ টি। সমপদী তাল, প্রতি বিভাগে মাত্রা সংখ্যা ৩টি করে। প্রথম মাত্রায় প্রথম তালি বা সম, ৪র্থ মাত্রায় খালি বা ফাঁক।

দাদরা তালের বিভক্তি ও বোল

সম এর চিহ্ন = +

খালির চিহ্ন = o

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| + | | | | o | | | |
| ১ | ২ | ৩ | । | ৪ | ৫ | ৬ | । |
| ধা | ধি | না | । | না | তি | না | । |

নির্বাচিত গানের সাথে নৃত্যভঙ্গি শেখা

গানের বাণীঃ

মেঘের কোলে রোদ হেসেছে,
বাদল গেছে টুটি, আহা হাহা হা।
আজ আমাদের ছুটি ও ভাই,
আজ আমাদের ছুটি, আহা হাহা হা।



## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে কুশল বিনিময়;
- আজকের সেশনের বিষয় উপস্থাপন;
- শিক্ষার্থীদের সারিবদ্ধভাবে দাঁড় করাবেন। দুজন শিক্ষার্থীর মধ্যে অন্তত তিন ফুট দূরত্ব রাখতে হবে;
- শিক্ষক প্রথমে দুই পা সমানভাবে জোড় অবস্থায় শিড়দাঁড়া সোজা রেখে ও সামনের দিকে দৃষ্টি রেখে;
- কোমরে হাত দিয়ে দাঁড়াবেন ও শিক্ষার্থীদের দাঁড়াতে বলবেন;
- ক্লাসের শুরুতে শরীর প্রস্তুত করার জন্য ৫০ পর্যন্ত গণনা করে জগিং করাবেন;

- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- আলাপচারিতা এবং প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন, তারা কখনো মেঘ, বৃষ্টি এগুলো দেখেছে কিনা, বা কখনো রোদ বৃষ্টির খেলা দেখেছে কিনা। যদি দেখে থাকে প্রশ্নের মাধ্যমে সে সর্ম্পকিত ধারণা যাচাই;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (মেঘের কোলে রোদ হেসেছে নৃত্যের ভিডিয়ো লিংক নং -১)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন। কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# নৃত্যচর্চার মাধ্যমে প্রকৃতির বিভিন্ন উপাদান, রং ও বৈশিষ্ট্য অনুধাবন ও কল্পনার সাথে সংমিশ্রণ

**এই সেশনে:** শরীরকে নৃত্যউপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীর চর্চা ও পদবিন্যাস শেখানো হবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের পরবর্তী চার লাইন আবৃত্তি করতে ও গাইতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি :** সেশন ১ এর অনুরূপ

**শিখন-শেখানো উপকরণ**

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নৃত্যের ভিডিয়ো

  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১,২,৩

  # মেঘের কোলে রোদ হেসেছে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ২
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

**বিষয়বস্তু**

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**গানের বাণী:**

কী করি আজ ভেবে না পাই, পথ হারিয়ে কোন বনে যাই,
কোন মাঠে যে ছুটে বেড়াই সকল ছেলে জুটি, আহা, হাহা, হা।

## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ এবং
- আলাপচারিতা এবং প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীরা ছুটির দিনে কি করে, কোথায় বেড়াতে যায়, কি ধরনের আনন্দে মেতে ওঠে সে সম্পর্কিত ধারণা যাচাই;
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের বাণী আবৃত্তি করাবেন এবং গাইতে শেখাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (মেঘের কোলে রোদ হেসেছে নৃত্যের ভিডিয়ো লিংক নং -২)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

## সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# হস্তমুদ্রা, পদবিন্যাস, নৃত্যের পোশাক এবং প্রকৃতির উপাদানগুলোকে নিজস্ব ভাবনা সহযোগে প্রকাশ

**এই সেশনে:** শিক্ষার্থীদের শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত হস্তমুদ্রা ও পদবিন্যাস শেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের এই নৃত্যে ব্যবহৃত পোশাক সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত গানের শেষ চার লাইন আবৃত্তি করতে ও গাইতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের শেষ চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** সেশন ১ এর অনুরূপ

## শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম
- নির্ধারিত ক্লাসের নৃত্যের ভিডিয়ো
  # প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১,২,৩
  # মেঘের কোলে রোদ হেসেছে নৃত্যের ভিডিয়ো লিংক নং - ৩
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গাভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- নির্বাচিত গানের শেষ চার লাইনের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের শেষ চার লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**গানের বাণীঃ**

কেয়া পাতার নৌকো গড়ে সাজিয়ে দেব ফুলে
তালদীঘিতে ভাসিয়ে দেব, চলবে দুলে দুলে।
রাখাল ছেলের সঙ্গে ধেনু চরাব আজ বাজিয়ে বেণু,
মাখবো গায়ে ফুলের রেণু চাঁপার বনে লুটি।
আহা হাহা হা।



## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- আলাপচারিতা ও প্রশ্নের মাধ্যমে জানতে চাইবেন শিক্ষার্থীরা কেয়া পাতার নৌকা, তাল দিঘি, রাখাল ছেলে, ফুল, ফুলের রেণু, ধেনু, বেণু এগুলো দেখেছে কিনা সে সম্পর্কে ধারণা যাচাই করবেন। এবং এই বিষয়গুলো তাদেরকে সহজ ও সুন্দর করে বুঝিয়ে দেবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের শেষ চার লাইনের বাণী আবৃত্তি করতে এবং গাইতে শেখাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের শেষ চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (মেঘের কোলে রোদ হেসেছে নৃত্যের ভিডিয়ো লিংক নং -৩)
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের শেষ চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।



## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# চতুর্থ অধ্যায়

# নীতি, মানবিকতা ও সামাজিক দায়িত্ববোধ

**নীতি, মানবিকতা ও সামাজিক দায়িত্ববোধ সম্পর্কিত নৃত্য**

| | |
|---|---|
| গান | : মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম |
| কবি | : কাজী নজরুল ইসলাম |
| তাল | : দ্রুত দাদরা |

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ নৈতিকতা ও মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে জেনে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।

সেশন ১

## নৃত্যের প্রারম্ভিক প্রস্তুতি: শারীরিক প্রস্তুতি, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর পরিচিতি এবং নৃত্যের মাধ্যমে নৈতিকতা ও মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা চিহ্নিতকরণ ও চর্চা

**এই সেশনে**

- শিক্ষক শিক্ষার্থীদের বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ও তাঁর রচনা সম্পর্কে জানাবেন;
- শরীরকে নৃত্যউপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীর চর্চা শেখাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নৈতিকতা, মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে ধারণা দেবেন;
- শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রথম চার লাইন আবৃত্তি করতে শিখবে;
- শিক্ষার্থীরা নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

### নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি

নৃত্য শিশুদেরকে শারীরিকভাবে সবল ও মানসিকভাবে সতেজ রাখে। একটি সুন্দর ও সুশৃঙ্খল পরিবেশে শিক্ষার্থীরা যেন তাদের পাঠগ্রহণ করতে পারে, সেজন্য একটি প্রশস্ত, পরিষ্কার, পরিচ্ছন্ন, আলো বাতাসযুক্ত কক্ষ প্রয়োজন।

যেখানে শিক্ষার্থীরা তাদের নৃত্যচর্চা স্বতঃস্ফূর্তভাবে করতে পারবে। শিক্ষার্থীরা যেহেতু খালি পায়ে নৃত্যচর্চা করবে তাই তারা ক্লাসে প্রবেশের পূর্বে জুতো খুলে ক্লাসের বাইরে সারিবদ্ধভাবে সাজিয়ে রাখবে। নৃত্য একটি শারীরিক পরিশ্রমের কাজ, তাই পঞ্চাশ মিনিটের ক্লাসের মধ্যে একটি পানি পানের বিরতি দিতে হবে।


### শিক্ষকদের পূর্বপ্রস্তুতি


শ্রেণিকক্ষে পাঠদানের পূর্বে শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের উপর পূর্ণধারণা দেবেন। পাঠদানকে কিভাবে প্রাণবন্ত ও আকর্ষণীয় করা যায়, সে বিষয়ে খেয়াল রাখবেন। তবলা, ঢোল, মন্দিরা এবং যাবতীয় উপকরণগুলো সুন্দরভাবে সাজিয়ে রাখবেন। ক্লাস চলাকালীন এই উপকরণগুলোর ব্যবহার শিক্ষার্থীদের বিষয়বস্তুর দিকে আকর্ষিত করবে। অডিয়ো, ভিডিয়ো, মাল্টিমিডিয়া ইত্যাদি কারিগরি বিষয়গুলো ভালোভাবে ব্যবহার করা যাচ্ছে কিনা তা পূর্বেই দেখে নিতে হবে। সম্ভব হলে যে বিষয় বা কবিতার অংশের সাথে নাচ হবে, তা হোয়াইটবোর্ড বা ব্ল্যাকবোর্ডে লিখে রাখবেন। যেসব পোস্টার/চিত্র অথবা ভিডিয়ো শিক্ষার্থীদের দেখানোর জন্য নির্বাচন করেছেন সেগুলো প্রস্তুত রাখবেন। শিশুদের উপযোগী আনন্দময় পাঠ উপস্থাপনের চেষ্টা করবেন। শিক্ষককে অনুসরণ করেই শিক্ষার্থীরা নৃত্যের প্রাথমিক বিষয়গুলো আয়ত্ত করবে। প্রতিটি বিষয় শিক্ষার্থীদেরকে একাধিকবার করে দেখাবেন। নির্বাচিত কবিতা বা গানের নৃত্য শেখানোর আগে শিক্ষার্থীদের কবিতা বা গানের বাণী ও তার অর্থ সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষক বেশ কয়েকবার কবিতা বা গানের বাণী শিক্ষার্থীদের শোনাবেন এবং শিক্ষার্থী তা পড়া/বলার মাধ্যমে আবৃত্তি করবে।

### কাজী নজরুল ইসলাম

বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম। তিনি ১৮৯৯ খ্রিস্টাব্দে ২৪ শে মে (১১ই জ্যৈষ্ঠ ১৩০৬ বঙ্গাব্দে) ভারতের পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি সাহিত্যের মাধ্যমে গড়ে তুলেছিলেন বিদ্রোহ। বাংলা সাহিত্যে তাঁকে বলা হয় বিদ্রোহী কবি। জীবনের প্রথম প্রহরে তিনি সীমাহীন দুঃখের সম্মুখীন হওয়ায় গ্রামবাসী তাঁর নাম দিয়েছিলো দুখু মিয়া। কাজী নজরুল ইসলাম ছিলেন বিস্ময়কর প্রতিভার অধিকারী। তাঁর কবিতা, গান, গজল, গল্প এবং উপন্যাস বাঙালি জাতিকে

অন্যায়ের বিরুদ্ধে জাগ্রত ও প্রতিবাদী করে তুলেছিলো। পারিবারিক দুঃখ দুর্দশার মধ্যেও তিনি আজীবন বাংলা কাব্য ও সাহিত্যচর্চায় ব্রতী ছিলেন। দীর্ঘদিন অসুস্থ থাকার পর ১৯৭৬ সালের ২৯ শে আগস্ট( ১২ ই ভাদ্র, ১৩৮৩) ঢাকায় মৃত্যুবরণ করেন।





## নৈতিকতা, মানবিকতা ও সামাজিক দায়িত্ববোধ

নৈতিকতা হচ্ছে আচার আচরণ, চারিত্রিক গুনাবলি। নৈতিকতার মধ্যে বিদ্যমান কিছু নিয়মাদি আছে যার মাধ্যমে প্রত্যেক মানুষ তার বিবেক এবং ন্যায়বোধ ধারণ করে। নৈতিকতা একধরনের মানসিক অবস্থা যা একজন মানুষ তার পরিবার ও সমাজের মঙ্গল কামনা করে ভালো কাজের অনুপ্রেরণা দেয়। যেমন সত্য বলা, সৎ পথে চলা, অন্যায়ভাবে কাউকে কষ্ট না দেওয়া এগুলোই মানুষের নৈতিকতার বহিঃপ্রকাশ। মানবিকতা বলতে আমরা মানুষের কার্যাবলির সেইসব গুণের সমষ্টিকে নির্দেশ করি যা মানুষের জন্য হিতকর। সামাজিক দায়িত্ববোধ একটি নৈতিক পরিকাঠামো যা অনুযায়ী প্রতিটি ব্যক্তি ও সংগঠনসমূহের একত্রে কাজ করা উচিত যাতে বৃহত্তর সমাজের লাভ হয়।

### শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম

  # মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ভিডিয়ো লিংক -১
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- হাতের কাজ ও হস্তমুদ্রার প্রয়োগ;
- নির্বাচিত গানের রচয়িতা সম্পর্কে জানানো;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**নির্বাচিত গানের সাথে নৃত্যভঙ্গি শেখা**

**গানের বাণী:**

মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম
মোরা ঝর্ণার মতো চঞ্চল
মোরা বিধাতার মতো নির্ভয়
মোরা প্রকৃতির মতো স্বচ্ছল।

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে কুশল বিনিময়;
- আলাপচারিতার মাধ্যমে শিক্ষার্থীদের নৃত্য সম্পর্কিত ধারণা যাচাই;
- আজকের সেশনের বিষয় উপস্থাপন;
- শিক্ষার্থীদের সারিবদ্ধভাবে দাঁড় করাবেন। দুজন শিক্ষার্থীর মধ্যে অন্তত তিন ফুট দূরত্ব রাখতে হবে;
- শিক্ষক প্রথমে দুই পা সমানভাবে জোড় অবস্থায় শিড়দাঁড়া সোজা রেখে ও সামনের দিকে দৃষ্টি রেখে কোমরে হাত দিয়ে দাঁড়াবেন ও শিক্ষার্থীদের দাঁড়াতে বলবেন;
- নৃত্য সম্পর্কে সহজ ভাষায় শিক্ষার্থীদের ধারণা দেবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আজ আমরা নৃত্যের কিছু প্রাথমিক বিষয় দেখব;
- ক্লাসের শুরুতে শরীর প্রস্তুত করার জন্য ৫০ পর্যন্ত গণনা করে জগিং করাবেন;
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের সাথে সামঞ্জস্যপূর্ণ সমাজ ও প্রকৃতিবিষয়ক ছবি/পোস্টার দেখাবেন;

- শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের বাণীতে ব্যবহৃত শব্দগুলোর (ঝঞ্ঝা, উদ্দাম, ঝর্ণা, চঞ্চল, বিধাতা, নির্ভয় প্রকৃতি, স্বচ্ছল) অর্থ সহজভাবে বুঝিয়ে বলবেন। শিশুরা সবগুলো অর্থ পরিপূর্ণভাবে বুঝতে না পারলেও শিক্ষক বিষয়গুলো তাদের সাথে সহজ ও সুন্দর করে আলোচনা করবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ভিডিয়ো লিংক-১)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের প্রথম চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

সেশন
২

# নৃত্যের জন্য শারীরিক প্রস্তুতি এবং নৃত্যের মাধ্যমে নৈতিকতা ও মানবতাবোধ এবং সামাজিক দায়িত্ববোধ চর্চা

**এই সেশনে:** শিক্ষার্থীদের শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীরচর্চা শেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের নৈতিকতা, মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত গানের পরবর্তী চার লাইন আবৃত্তি করতে শিখবে। শিক্ষার্থীরা নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** প্রথম অধ্যায় সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** প্রথম অধ্যায় সেশন ১ এর অনুরূপ

**শিখন-শেখানো উপকরণ**

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম

  # মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ভিডিয়ো লিংক -২
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- হাতের কাজ ও হস্তমুদ্রার প্রয়োকগ;
- নির্বাচিত গানের রচয়িতা সম্পর্কে জানানো;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত কবিতার পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখা;

**নির্বাচিত গানের সাথে নৃত্যভঙ্গি শেখা**

**গানের বাণী:**

মোরা আকাশের মতো বাঁধাহীন
মোরা মরু সঞ্চার বেদুঈন,
বন্ধনহীন জন্ম স্বাধীন
চিত্তমুক্ত শতদল।

## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ এবং
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের সাথে সামঞ্জস্যপূর্ণ বিষয়ে ছবি/পোস্টার দেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ভিডিয়ো লিংক -২)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের পরবর্তী চার লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# নৃত্যের পোশাক এবং নৈতিকতা, মানবতাবোধ ও সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে জেনে শিল্পকলা চর্চার মাধ্যমে নিজস্ব ভাবনা সহযোগে প্রকাশ

**এই সেশনে:** শিক্ষার্থীদের শরীরকে নৃত্য উপযোগী করে গড়ে তোলার জন্য কিছু নির্ধারিত শরীর চর্চা শেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের নৈতিকতা, মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে ধারণা দেবেন। শিক্ষার্থীরা নির্বাচিত গানের শেষ আট লাইনের আবৃত্তি ও নৃত্যভঙ্গি শিখবে।

**নৃত্যের পাঠদানের পূর্বপ্রস্তুতি:** প্রথম অধ্যায় সেশন ১ এর অনুরূপ।

**শিক্ষকদের পূর্বপ্রস্তুতি:** প্রথম অধ্যায় সেশন ১ এর অনুরূপ

## শিখন-শেখানো উপকরণ

- তবলা-বাঁয়া/ঢোল, মন্দিরা
- পোস্টার/মাল্টিমিডিয়া
- তবলা/ঢোলের অডিয়ো এবং সাউন্ড সিস্টেম

  # মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ভিডিয়ো লিংক -৩
- বিদ্যালয়ের নির্ধারিত পোশাক (কোমরে ওড়না/কোমর বন্ধনী/গামছা)

## বিষয়বস্তু

- শরীরের বিভিন্ন অঙ্গভঙ্গি শেখা;
- পদবিন্যাস বা পায়ের কাজ শেখা;
- হাতের কাজ ও হস্তমুদ্রার প্রয়োগ;
- নির্বাচিত গানের রচয়িতা সম্পর্কে জানানো;
- নির্বাচিত গানের বাণী শিক্ষার্থীদের একাধিকবার শোনানো এবং এর অর্থ বুঝিয়ে বলা;
- নির্বাচিত গানের শেষ আট লাইনের নৃত্যভঙ্গি শেখা।

**নির্বাচিত গানের সাথে নৃত্যভঙ্গি শেখা**

**গানের বাণী:**

মোরা সিন্ধু-জোয়ার কলকল
মোরা পাগলা ঝোরার ঝরা জল
কল-কল-কল, ছল-ছল-ছল
কল-কল-কল, ছল-ছল-ছল।
মোরা দিলখোলা খোলা প্রান্তর,
মোরা শক্তি অটল মহীধর।
হাসি গান সম উচ্ছল
বৃষ্টির জল বনফল খাই
শয্যা শ্যামল বনতল।

## শিখন-শেখানো কার্যাবলি

- সেশন ১ এর অনুরূপ এবং
- এরপর শিক্ষার্থীরা প্রাথমিক শারীরিক ব্যায়ামগুলো ভিডিয়ো দেখে প্রতিনিয়ত চর্চা করবে; (প্রাথমিক শরীরচর্চা ভিডিয়ো লিংক নং- ১, ২, ৩)
- শিক্ষক শিক্ষার্থীদেরকে নির্বাচিত গানের সাথে সামঞ্জস্যপূর্ণ বিষয়ে ছবি/পোস্টার দেখাবেন;
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের শেষ আট লাইনের বাণী আবৃত্তি করাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নির্বাচিত গানের শেষ আট লাইনের নৃত্যের ভিডিয়ো দেখাবেন; (মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ভিডিয়ো লিংক -৩)
- শিক্ষার্থীদের নির্বাচিত গানের শেষ আট লাইনের নৃত্যভঙ্গি শেখাবেন; এই গানের সাথে নৃত্য পরিবেশনের ক্ষেত্রে শিক্ষার্থীরা প্রয়োজনে নজরুল সঙ্গীতের সাথে সামঞ্জস্যপূর্ণ পোশাক যেমন ছেলেরা এবং মেয়েরা পান্‌জাবি ও পায়জামা  পরিধান করতে পারে;
- কোনো শিক্ষার্থী সঠিকভাবে বুঝতে না পারলে শিক্ষক তাকে বুঝিয়ে শুদ্ধ করে দেবেন।



## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# নাট্যকলা



# প্রথম অধ্যায়

# নাট্যকলার ধারণা ও অভিনয়ের প্রারম্ভিক প্রস্তুতি

সমাজ ও পরিবেশের উপর গুরুত্বপূর্ণ প্রভাব রাখে শিল্পকলা। এটি একটি যোগাযোগ মাধ্যমও বটে। শিল্পকলার একটি গুরুত্বপূর্ণ শাখা নাট্যকলা। শিল্পকলা ও সাহিত্যের অন্যতম প্রাচীন শাখা নাট্যকলা সমন্বিত একটি শিল্পমাধ্যম। মানব সভ্যতার সূচনাকাল থেকেই অভিনয়ের প্রচলন ছিলো। মানুষকে সচেতন করে তোলার জন্য যতগুলো শিল্পমাধ্যম আছে নাটক তার মধ্যে অন্যতম। নাটক কেবল পড়ার মধ্যেই সীমাবদ্ধ নয় বরং অভিনয়ের মাধ্যমে উপস্থাপন এর অন্যতম উদ্দেশ্য। নাট্যকলায় অভিনয় প্রদর্শন দ্বারা মানব জীবনের বিভিন্ন ঘটনা উপস্থাপিত হয়।

নাট্যকলার গুরুত্বপূর্ণ উপাদান জীবন্ত অভিনেতা ও দর্শক, একটি ত্রিমাত্রিক আয়তন এবং গল্প বা নাট্যক্রিয়া। নাটকে অভিনয় একটি সৃজনশীল ক্রিয়া। নাট্যাভিনয় পূর্বে লিখিত কোনো পাণ্ডুলিপি ধরে হতে পারে আবার তাৎক্ষণিকভাবে সৃষ্ট কোনো গল্পের ভিত্তিতে হতে পারে। অভিনেতা একজন সৃজনশীল মানুষ। অভিনেতা দর্শকের সামনে একটি গল্প বা ঘটনা সৃজনশীলভাবে উপস্থাপন করেন। এখানে গুরুত্বপূর্ণ বিষয় হলো সরাসরি অংশগ্রহণ। এই ক্রিয়া যথাযথভাবে উপস্থাপনে সার্বিক মনোদৈহিক শিক্ষা ও প্রস্তুতি গুরুত্বপূর্ণ।

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**১.১ প্রকৃতির রং, রূপ, বৈচিত্র্য, সুর, ছন্দ, সৌন্দর্য অবলোকন করে চর্চার মাধ্যমে শিল্পকলার বিভিন্ন মাধ্যমের সাথে সম্পর্ক স্থাপন করতে পারা।**

সেশন
১

## অভিনয়ের প্রারম্ভিক প্রস্তুতি

### এই সেশনে

- অভিনয়ের প্রারম্ভিক প্রস্তুতির অংশ হিসেবে শারীরিক ক্রিয়ার স্বরের মাধ্যমে দেহভাষায় পুনঃসৃজন সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে। বিভিন্ন ঋতু ও মৌসুমে হাঁটা-চলা, অঙ্গভঙ্গি ইত্যাদি অনুশীলনের মাধ্যমে অর্জিত শিক্ষা অভিনয়ের প্রস্তুতিতে প্রয়োগে করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- বিভিন্ন বয়স ও পেশার মানুষের বিভিন্ন ঋতুতে হাঁটার ভঙ্গি, গতি সম্পর্কিত চিত্র, ভিডিয়ো

**বিষয়বস্তু**

জাতীয় ইতিহাস ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতি

## শিখন-শেখানো কার্যক্রম

- শিশুদের শিক্ষাদানে গুরুত্বপূর্ণ যে বিষয়টি মাথায় রাখতে হবে, তা হলো আনন্দ প্রদান করা। আনন্দের মাধ্যমে শিক্ষা বিনিময় হলে শিক্ষার্থীগণ উৎসাহিত হবে। শিক্ষককে হাসিমুখে সহজাত পরিবেশ তৈরি করতে হবে। শিশুদের মনে কোনপ্রকার চাপ তৈরি করা যাবে না। শ্রেণিকক্ষ সবসময় আনন্দমুখর থাকবে। প্রত্যেক শিশুর মধ্যেই অনন্ত সম্ভাবনা আছে। প্রত্যেক শিশুই কোনো না কোনো বিষয়ে সৃজনের ক্ষমতা রাখে। সেই সম্ভাবনা প্রকাশের জন্য শিক্ষককে ধৈর্যের সাথে দায়িত্বশীল আচরণ করে উৎসাহ প্রদান করতে হবে;
- শিক্ষক ও শিক্ষার্থী সবাই খালি পায়ে কক্ষে প্রবেশ করবে;
- শিক্ষার্থীরা অর্ধবৃত্তাকার হয়ে দাঁড়াবে;
- শিক্ষক শ্রেণিকক্ষে সবার সাথে হাসিমুখে কুশল বিনিময় করবেন;
- শিক্ষক আজকের এই সেশনের শিরোনাম বলবেন এবং সবাইকে তার সাথে উচ্চারণ করতে বলবেন। কারও উচ্চারণ করতে সমস্যা হলে সুন্দরভাবে কোমল আচরণ দ্বারা তাকে শুধরে দিতে হবে;
- এই সেশনের বিষয় ও উদ্দেশ্য সহজভাবে ব্যাখ্যা করবেন;
- শিল্পকলার একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে নাট্যকলা ও অভিনয়ের প্রস্তুতি সম্পর্কে শিশুদের বোঝার উপযোগী ভাষায় সরলভাবে ব্যাখ্যা করবেন। নাট্যকলায় অভিনেতা, দর্শক, ক্রিয়া এবং ঘটনার পারস্পরিক সম্পর্কের গুরুত্ব সম্পর্কে অবহিত করবেন।

## বাচিক অনুশীলন

- শিক্ষক শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন, তারা ব্যক্তিজীবনে কিভাবে শ্বাস-প্রশ্বাস নেয় এবং ছাড়ে। শিক্ষক শিক্ষার্থীদের উৎসাহিত করবেন;
- শিক্ষার্থীরা শরীর শিথিল করে দাঁড়াবে;
- সবাইকে বুক ভরে শ্বাস নিতে, ধরে রাখতে এবং ছাড়ার অনুশীলন করাবেন। শিক্ষক নিজেই দেখিয়ে দিবেন। শ্বাস নেবার সময় ফুসফুস পূর্ণ করে এবং ছাড়ার সময় সম্পূর্ণ বাতাস বের করে দেওয়ার বিষয়ে উৎসাহিত করবেন;
- অন্তত দশবার এই অনুশীলন করাবেন। পরবর্তী সকল সেশনের শুরুতে এই অনুশীলন করাবেন;
- এবার শিক্ষার্থীদের তাদের ইচ্ছেমতো বিভিন্ন স্বর উচ্চারণ করতে বলবেন। যার যা ইচ্ছা সে সেটা উচ্চারণ করবে। শিশুরা যেন আনন্দের সাথে অংশগ্রহণ করে, সে বিষয়ে খেয়াল রাখতে হবে;

- এবার স্বরবর্ণসমূহের (ই, এ, অ্যা, আ, অ, ও, উ) উচ্চারণ নানা স্বরগ্রামে এবং এলোমেলোভাবে অনুশীলন করাবেন। প্রথমে সবাই ই উচ্চারণ করবে। তারপর আলাদাভাবে ক্রমান্বয়ে এ, অ্যা, আ, অ, ও, উ উচ্চারণ করবে। সবাই যেন উৎসাহের সাথে আনন্দ নিয়ে অংশগ্রহণ করে শিক্ষক সে বিষয়ে পর্যবেক্ষণ করবেন। আলাদাভাবে উচ্চারণ করার পর এবার শিক্ষার্থীরা ধারাবাহিকভাবে একসাথে (ই, এ, অ্যা, আ, অ, ও, উ) উচ্চারণ করবে। অনুশীলনে শিক্ষার্থীরা ঠোঁট, ওষ্ঠ, জিহ্বা, চোয়াল ইত্যাদির সঠিক ব্যবহার করার বিষয়ে উৎসাহ প্রদান করবেন;
- এরপর শিক্ষক ব্যঞ্জনবর্ণের বিভিন্ন ধ্বনি ধীরে উচ্চারণ করবেন এবং শিক্ষার্থীদেরও তার সাথে উচ্চারণ করতে বলবেন। শিক্ষক প্রথমে উচ্চারণ করবেন, (ক, চ, ট, ত, প); শিক্ষার্থীরাও উচ্চারণ করবে (ক, চ, ট, ত, প)। কয়েকবার এভাবে অনুশীলনের পর পর্যায়ক্রমে অন্যান্য বর্গের ধ্বনি উচ্চারণ অনুশীলন করাতে হবে, (খ, ছ, ঠ, থ, ফ); (গ, জ, ড, দ, ব); (ঘ, ঝ, ঢ, ধ, ভ);
- অন্তত দশবার এই অনুশীলন করাবেন। শিক্ষার্থীদের আনন্দময় অংশগ্রহণের বিষয়ে শিক্ষক সচেষ্ট থাকবেন। পরবর্তী সকল সেশনের শুরুতে এই অনুশীলন করাবেন।

## শারীরিক অনুশীলন

- শিক্ষার্থীরা শরীর শিথিল করে দাঁড়াবে;
- সবাইকে দূরত্ব বজায় রেখে হাঁটতে বলবেন;
- শিক্ষার্থীরা ইচ্ছেমতো যেভাবে খুশি হাঁটবে। শিক্ষার্থী সংখ্যা শ্রেণিকক্ষের তুলনায় বেশি হলে প্রয়োজনে একাধিক দলে ভাগ করে নেবেন;
- কিছুক্ষণ এভাবে হাঁটার পর শিক্ষার্থীদের আরাম করে বসতে বলবেন। তাদের ভালো লেগেছে কিনা জানতে চাইবেন। কিছুক্ষণ বিশ্রামের পর শিক্ষার্থীদের আবার ইচ্ছেমত হাঁটতে বলবেন;
- এবার নতুন অনুশীলনে শিক্ষার্থীদের বুঝিয়ে বলবেন, তারা যেন হাঁটতে হাঁটতে গরমকাল বললে গরমের সময় রাস্তায় যেভাবে হাঁটে, সেভাবে হাঁটবে। শীতকাল বললে শীতের সময় ঠাণ্ডায় কাবু হয়ে রাস্তায় যেভাবে হাঁটে, সেভাবে হাঁটবে। আবার বর্ষাকাল বললে বৃষ্টিতে ভিজে হাঁটার মতো হাঁটবে। কারও বুঝতে সমস্যা হলে সুন্দর করে বুঝিয়ে বলবেন। অবশ্যই খেয়াল রাখতে হবে শিশুরা যেন আনন্দের সাথে হাঁটে। কোনোভাবেই যেন শিশুদের উপর কোনো ধরনের চাপ তৈরি না হয়। শিক্ষক নিজে প্রয়োজনে আনন্দের সাথে শিশুদের বিভিন্ন ধরনের হাঁটা দেখিয়ে দিবেন। শিশুদের বারবার উৎসাহ প্রদান করতে হবে;
- শিক্ষার্থীদের ঋতু ও মৌসুম অনুযায়ী হাঁটায় সাহায্য করার জন্য শিক্ষক কিছু নির্দেশনা প্রদান করবেন। যেমন গরমকালে রোদের তাপে মানুষ ঘেমে যেতে পারে; শীতকালে ঠাণ্ডায় কাঁপতে পারে, সোয়েটার বা চাদর ব্যবহার করতে পারে; বর্ষাকালে বৃষ্টিতে জামাকাপড় ভিজে যেতে পারে, বৃষ্টির জন্য স্বাভাবিক সময়ের চাইতে সাবধানে হাঁটবে ইত্যাদি। শিক্ষক শিক্ষার্থীদের দেখিয়ে দিবেন;
- শিক্ষার্থীদের আনন্দপূর্ণ পরিবেশে এই অনুশীলন করাতে হবে। শিক্ষার্থীরা যেন অগ্রহী হয় সে বিষয়ে সচেতন থাকতে হবে;
- কিছুক্ষণ অনুশীলনের পর ক্লান্ত হয়ে গেলে সবাইকে বসে বিশ্রাম নিতে বলবেন;
- বিশ্রামরত অবস্থায় অনুশীলনটি শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন। শিক্ষার্থীগণ তাদের অভিজ্ঞতা বর্ণনা করবে। শিক্ষক যত্নের সাথে শিক্ষার্থীগণকে বলার জন্য উৎসাহিত করবেন;
- ভালো লাগলে কেন ভালো লেগেছে তা জানতে চাইবেন। কোন সমস্যা হলে সমাধান করবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য আনন্দপূর্ণ আবহ তৈরি করুন যেন তারা ভালো লাগা নিয়ে অংশগ্রহণে আগ্রহী হয়;
- শিক্ষার্থীদের নিকট শারীরিক অনুশীলনের কারণ ও উদ্দেশ্য ব্যাখ্যা করুন;
- যারা অনুশীলনটি ভালোভাবে দক্ষতার সাথে সম্পন্ন করতে পেরেছে তাদেরকে প্রশংসা করুন;
- যারা সমস্যার সম্মুখীন হয়েছে, তাদের সমস্যার সমাধান করুন এবং উৎসাহ প্রদান করুন;
- সবার সাথে কুশল বিনিময় করে ক্লাসের সমাপ্তি ঘোষণা করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# নাট্যকলা ও অভিনয়ের শারীরিক প্রস্তুতি : যোগাসন অনুশীলন

### এই সেশনে

- শিক্ষার্থীরা যোগাসন সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ এবং শতরঞ্জি

### বিষয়বস্তু

প্রকৃতি ও পরিবেশ

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক ও শিক্ষার্থী কক্ষে প্রবেশ করে মনোযোগ স্থির করবে;
- শিক্ষক সবার সাথে হাসিমুখে কুশল বিনিময় করবেন;
- পূর্বের সেশনের বিষয়ে আলোচনা করবেন;
- শিক্ষার্থীগণ শ্বাস-প্রশ্বাস এবং স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের অনুশীলন করবে;
- শিক্ষক সবাইকে শরীরের সুস্থতার বিষয়ে আলোকপাত করবেন। শিক্ষার্থীদের তিনি প্রশ্ন করবেন- শরীরের সুস্থতার জন্য আমাদের কী করা উচিত? শিক্ষার্থীগণ যে উত্তরই দিক, উত্তর প্রদান করলে তিনি তাদের উৎসাহ দিবেন এবং বলবেন শরীরের সুস্থতার জন্য আমাদের শরীরের যত্ন নেওয়া ও ব্যায়াম করা উচিৎ। শরীরের যত্ন নেওয়ার অন্যতম একটি উপায় যোগাসন;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম বলবেন এবং যোগাসন সম্পর্কে ব্যাখ্যা করবেন।

## শারীরিক অনুশীলন

- আজকের অনুশীলন নৌকার মতো আসন। তাই এর নাম নৌকাসন;
- সবাই প্রথমে মেরুদণ্ড সোজা করে দাঁড়াবে। দু'পায়ের পাতার মাঝে ২ ইঞ্চি দূরত্ব থাকবে। দু'হাত স্বাভাবিকভাবে নিচে থাকবে। সামনে দূরের কোনো বিন্দুতে দৃষ্টি স্থির করতে হবে;
- ধীরে ধীরে বসবে;
- তারপর চিৎ হয়ে ধীরে ধীরে শুয়ে পড়বে;
- এবার শরীরের ভার কোমরের উপর রেখে শরীরটাকে সামনের দিকে বাঁকাতে থাকবে যেন কোমর থেকে একদিকে মাথা ঘাড় পিঠ এবং অন্যদিকে পা মাটি থেকে প্রায় ৪৫ ডিগ্রি কোণাবস্থায় শূন্যে উঠে আসে। হাত দুটো মাটির সমান্তরালে সোজা সামনে হাঁটুর দিকে এমনভাবে টানটান ছড়িয়ে রাখবে যেন হাঁটুর দু'পাশে দু'হাতের তালু হাঁটুর দিকে মুখ করে থাকে। দৃষ্টি সামনের দিকে থাকবে। সাধ্যমতো বেশ কয়েক সেকেন্ড এ অবস্থায় থাকবে;



- নির্দিষ্ট বিন্দুতে স্থিরদৃষ্টিতে এভাবেই থাকবে। এসময় শরীরের ভারসাম্য বজায় রাখতে হবে;
- কিছুক্ষণ এই অবস্থানে থাকার পর শ্বাস ত্যাগ করতে করতে ধীরে ধীরে শুয়ে পড়বে;
- কিছুক্ষণ বিশ্রাম নিয়ে আবার নৌকাসন অনুশীলন করবে;
- সবাই যেন শরীরের ভারসাম্য বজায় রেখে যোগাসন সম্পন্ন করতে পারে, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে;
- যোগাসন অনুশীলন শেষ হবার পর সবাইকে আরাম করে বসতে বলবেন;
- শিক্ষার্থীদের মধ্যে যে যতটুকুই পারুক, শিক্ষক সবাইকে উৎসাহিত করবেন।

## সারসংক্ষেপ

- যোগাসনের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করুন;
- শিক্ষার্থীদের প্রতি যত্নশীল আচরণ করুন;
- হাসিমুখে সবার প্রতি শুভকামনা করে ক্লাসের সমাপ্তি করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# অভিনয়ের প্রস্তুতি : ধ্বনি উচ্চারণ ও মানস গঠন

### এই সেশনে

- ধ্বনি উচ্চারণ সম্পর্কে ধারণা লাভ করবে। ধ্বনির যথাযথ উচ্চারণের মাধ্যমে শিক্ষার্থীর মনঃসংযোগ বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা করবে। এর ফলে শিক্ষার্থীর সুস্থ মানসিক গঠন হবে। প্রমিত উচ্চারণে কথা বলতে, আবৃত্তি করতে এবং পাঠাভিনয় করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ

## বিষয়বস্তু

প্রকৃতি ও পরিবেশ

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক ও শিক্ষার্থী সবাই খালি পায়ে কক্ষে প্রবেশ করবে;
- শিক্ষার্থীগণ শ্বাস-প্রশ্বাস এবং স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের অনুশীলন করবে;
- শিক্ষার্থীরা গোল হয়ে বসবে;
- এবার শিক্ষক শিক্ষার্থীদের নিকট প্রশ্ন করবেন ভালো মানুষ কাকে বলে? শিক্ষার্থীগণ তাদের মতো করে উত্তর দিবে। শিক্ষক তাদের উৎসাহ প্রদান করে ভালো মানুষের উদাহরণ প্রসঙ্গে 'আদর্শ ছেলে'র কথা বলবেন;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম, বিষয় ও উদ্দেশ্য ব্যাখ্যা করবেন;

## বাচিক অনুশীলন

- তারপর পাঠ্য ছড়া/কবিতা থেকে উৎসাহ দিয়ে সঠিক উচ্চারণে পাঠ করতে বলবেন;
- এবার সব শিক্ষার্থী সঠিক উচ্চারণসহ আবৃত্তি করবে

আদর্শ ছেলে–

**কুসুম কুমারী দাশ**

আমাদের দেশে হবে সেই ছেলে কবে
কথায় না বড়ো হয়ে কাজে বড়ো হবে?
মুখে হাসি বুকে বল, তেজে ভরা মন
'মানুষ হইতে হবে'– এই যার পণ
বিপদ আসিলে কাছে হও আগুয়ান
নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ?
হাত পা সবারই আছে, মিছে কেন ভয়?
চেতনা রয়েছে যার, সে কি পড়ে রয়?
সে ছেলে কে চায় বল, কথায় কথায়
আসে যার চোখেজল, মাথা ঘুরে যায়?
মনে প্রাণে খাট সবে, শক্তি কর দান,
তোমরা 'মানুষ' হলে দেশের কল্যাণ।

- মদনমোহন তর্কালংকার এর লেখা

**'আমার পণ'**

সকালে উঠিয়া আমি মনে মনে বলি,
সারা দিন আমি যেন ভালো হয়ে চলি।
আদেশ করেন যাহা মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ করি ভালো মনে।
ভাইবোন সকলেরে যেন ভালোবাসি,
এক সাথে থাকি যেন সবে মিলেমিশি।
ভালো ছেলেদের সাথে মিশে করি খেলা,
পাঠের সময় যেন নাহি করি হেলা।
সুখী যেন নাহি হই আর কারো দুখে,
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।

- শিক্ষার্থীরা যেন যথাযথ উচ্চারণে আবৃত্তি করতে পারে সে বিষয়ে শিক্ষক যত্নবান থাকবেন। সঠিক উচ্চারণ অনুশীলনের জন্য শিক্ষক শিক্ষার্থীদের ধৈর্যের সাথে উৎসাহ প্রদান করবেন। কারও উচ্চারণে দুর্বলতা থাকলে অধিক যত্ন নিয়ে আনন্দের সাথে অনুশীলন করাতে হবে। অনুশীলন শেষ হলে শিক্ষার্থীরা বসে বিশ্রাম নেবে:
- আবৃত্তি অনুশীলন শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন;
- শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়।
- শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৪

# অভিনয়ের প্রস্তুতি: বাচিক ও শারীরিক ভাষা সৃজন

### এই সেশনে

- বাচিক ও শারীরিক ভাষা সম্পর্কে ধারণা লাভ করবে। সুস্থ মানসিক গঠন হবে। মৌখিক ও শারীরিক ভাষার মাধ্যমে প্রকাশ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ

### বিষয়বস্তু

প্রকৃতি ও পরিবেশ

### শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক ও শিক্ষার্থী সবাই খালি পায়ে কক্ষে প্রবেশ করবে;
- শিক্ষার্থীগণ শ্বাস-প্রশ্বাস এবং স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের অনুশীলন করবে;
- শিক্ষার্থীরা গোল হয়ে বসবে;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম, সেশনের বিষয় ও উদ্দেশ্য ব্যাখ্যা করবেন।

## শারীরিক অনুশীলন

- শিক্ষক ঐতিহ্যবাহী লোকজ সংস্কৃতি বিষয়ে কথা বলবেন। তারা গরু দৌড়, নৌকা বাইচ, মোরগ লড়াই, বানর নাচ সম্পর্কে জানে কিনা জিজ্ঞেস করবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন ঐতিহ্যবাহী লোকজ সংস্কৃতির স্থির চিত্র ও ভিডিয়ো দেখাবেন। সম্ভব হলে গরু দৌড়, নৌকা বাইচ, মোরগ লড়াই, বানর নাচ ইত্যাদি দেখাতে নিয়ে যাবেন। শিক্ষার্থীগণ মনোযোগ দিয়ে তা পর্যবেক্ষণ করবে;
- অতঃপর শিক্ষার্থীরা কি কি দেখলো, সে বিষয়ে শিক্ষক জানতে চাইবেন। শিক্ষক শিক্ষার্থীদের সাথে ঐতিহ্যবাহী লোকজ সংস্কৃতির উপাদান ও ক্রিয়ার মৌখিক ও শারীরিক অনুকরণ করে দৃশ্য তৈরি করবে। শিক্ষার্থীরা যেন আনন্দের সাথে অনুকরণ করার উৎসাহ পায় শিক্ষক সেদিকে নজর রাখবেন;
- কয়েকবার অনুশীলন করার মাধ্যমে শিক্ষার্থীগণ মৌখিক ও শারীরিক ভাষার মাধ্যমে প্রকাশ করতে পারবে;




- শিক্ষার্থীরা যথাযথ উচ্চারণে ও শারীরিক ভাষার প্রকাশ ঘটাতে পারে সে বিষয়ে শিক্ষক যত্নবান থাকবেন। কারও সমস্যা হলে শিক্ষক যত্নের সাথে তাদের সমস্যা সমাধান করবেন। অনুশীলনের জন্য শিক্ষক শিক্ষার্থীদের ধৈর্যের সাথে উৎসাহ প্রদান করবেন। অনুশীলন শেষ হলে শিক্ষার্থীরা বসে বিশ্রাম নেবে;
- মৌখিক ও শারীরিক ভাষার অনুশীলন শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন। শিক্ষার্থীদের অনুভূতি ব্যক্ত করার ক্ষেত্রে শিক্ষক স্নেহশীলতার সাথে উৎসাহ প্রদান করবেন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# দ্বিতীয় অধ্যায়

# অভিনয়ের প্রস্তুতি: শারীরিক ও মানসিক

সংস্কৃতির মাধ্যমে জগত সম্পর্কে আমাদের জ্ঞান তৈরি হয়। সংস্কৃতির মাধ্যমে মানুষের সাথে মানুষের যোগাযোগ তৈরি হয়। মানুষের বিশ্বাস, ভাষা, খাওয়া-দাওয়া, নৈতিকতা, মূল্যবোধ, দায়বদ্ধতা সব কিছুই সংস্কৃতির অন্তর্ভুক্ত। একটি দেশে স্বতন্ত্র মূল্যবোধ ও জীবনাচরণের বিভিন্ন গোষ্ঠীর মানুষ থাকে। সব জনগোষ্ঠীই নিজস্ব স্বাতন্ত্র্য বজায় রেখে সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণ করে।

শিক্ষার্থীর অভিনয়ের প্রস্তুতির ক্ষেত্রে শরীর ও মনের যেমন স্বতন্ত্র প্রস্তুতির প্রয়োজন রয়েছে, তেমনি দেহ ও মনের যূথবদ্ধ অভিব্যক্তি সৃষ্টির লক্ষ্যে শিক্ষার্থীদের মধ্যে প্রয়োজনীয় উদ্দীপনা সৃষ্টি করা প্রয়োজন।

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**২.১ দেশীয় সংস্কৃতির এক বা একাধিক উপাদান-উপকরণকে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা।**

সেশন
১

## দেশীয় খেলাধুলা অনুশীলনের মাধ্যমে শারীরিক ও মানসিক প্রস্তুতি

### এই এই সেশনে

- সংস্কৃতির অন্যতম উপাদান দেশীয় খেলাধুলা সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করবে। বিভিন্ন ধরনের খেলাধুলা সম্পর্কে বলতে ও খেলতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- পর্যাপ্ত আলো বাতাসযুক্ত পরিষ্কার কক্ষ কিংবা বিদ্যালয়ের খেলার মাঠ

### বিষয়বস্তু

সাংস্কৃতিক বৈচিত্র্য

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক শ্রেনিকক্ষে অথবা বিদ্যালয়ের মাঠে সবার সাথে কুশল বিনিময় করবেন;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম, বিষয় ও উদ্দেশ্য ব্যাখ্যা করবেন;
- সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে ব্যাখ্যা করবেন। মানুষের বৈচিত্র্যময় ভাষা, আচরণ, অভ্যাস, বিশ্বাস ইত্যাদির গুরুত্ব সম্পর্কে অবহিত করবেন।

## শারীরিক অনুশীলন

- এবার শিক্ষার্থীগণ কোন কোন দেশীয় খেলা সম্পর্কে জানে, সে বিষয়ে শিক্ষক জানতে চাইবেন;
- শিক্ষার্থীগণ উত্তর প্রদানের পর তিনি তাদের উৎসাহিত করবেন;
- এবার শিক্ষক দেশীয় খেলাধুলা হিসেবে এক্কা-দোক্কা ও গোল্লাছুট খেলা সম্পর্কে পরিচয় করিয়ে দেবেন;
- এক্কা-দোক্কা খেলা;
- বাংলাদেশের সর্বত্র এক্কা-দোক্কা খেলার প্রচলন রয়েছে। এই খেলাটি মুখ্যত মেয়েরা খেললেও ছেলেরাও খেলে। এক এক অঞ্চলে এক্কা-দোক্কার আলাদা নাম রয়েছে। যেমন- কুতকুত, সাতখোলা ইত্যাদি;
- এক্কা-দোক্কা খেলায় উঠোন বা খোলা পরিসরে মাটিতে আঁচড় কেটে বড়ো আয়তাকার ছক কাটা হয়। দুই ভাবে ছক কেটে এক্কা-দোক্কা খেলা সম্ভব। একটিতে আড়াআড়িভাবে ছয়টি খোপ করা হয়। অন্যটিতে ছয়টি ঘরের চার ও ছয় নম্বর খোপটিকে আবার মাঝখান থেকে দু'ভাগ করা হয়;
- এক্কা-দোক্কা এক পায়ে ভর করে লাফিয়ে খেলতে হয় তাই এখানে দু'ভাগ বিশিষ্ট চার নম্বর খোপটি হচ্ছে বিশ্রামঘর। ছয়টি খোপের নাম হচ্ছে- এক্কা, দোক্কা, তেক্কা, চৌক্কা, পক্কা ও লাষ্ঠি। মাটির ভাঙা হাঁড়ির টুকরা হচ্ছে এক্কা-দোক্কা খেলার উপকরণ। এগুলোকে চাড়া বলে;



- খেলাটি চাইলে নিজে নিজে বা দু'জন মিলে খেলা যায়। তবে প্রতিযোগিতার ক্ষেত্রে দুই বা ততোধিক অংশগ্রহণকারী প্রয়োজন। খেলার সময় এক এক করে প্রতিটি ঘরে চাড়া ফেলে এক পায়ে ভর করে লাফিয়ে এক খোপের চাড়া পায়ের আঙুলের টোকা দিয়ে অন্য খোপে নিয়ে যেতে হয়। চাড়া যদি কোনো দাগের ওপর থেমে যায় কিংবা পা দাগ স্পর্শ করে তাহলে যে খেলছে সে দান হারাবে। তখন দ্বিতীয় জন দান পায়। যে সফলভাবে সব ছক পার হয়ে আসতে পারে সে খেলায় জিতে যায়;
- আবার বিভিন্ন অঞ্চলে আরও কিছু নিয়মেও এক্কা-দোক্কা খেলা হয়। যেমন চাড়াটি কপালে রেখে উর্ধ্বমুখী হয়ে খোপগুলো অতিক্রম করে খেলা;
- আরেকটি নিয়মে চোখ বন্ধ করে পেছন ফিরে উল্টোদিক থেকে খোপে চাড়া ফেলে এক্কা-দোক্কা খেলা সম্ভব;
- খেলা শেষ হলে শিক্ষার্থীগণ আরাম করে বসবে;
- কিছুক্ষণ বিশ্রাম নেওয়ার পর এবার দেশীয় খেলাধুলা হিসেবে গোল্লাছুট খেলা সম্পর্কে পরিচয় করিয়ে দেবেন;



- দুই দলে সবাই ভাগ হয়ে গোল্লাছুট খেলা শুরু করতে হবে। খেলা শুরুর আগে একটা ছোট্ট গর্ত বা কাঠি দিয়ে গোল দাগ দিয়ে ঘিরে খেলা চলবে। এই গর্ত বা কাঠি দিয়ে দাগ দেওয়ার নামই গোল্লা। আর দূরে কোনো গাছ বা খুঁটি কে সীমানা ধরা হয়। ওই গোল্লা থেকে দৌড়ে সীমানাকে ছোঁয়াই খেলার প্রধান লক্ষ্য। গোল্লা থেকে ছুটে গিয়ে সীমানা ছোঁয়ার কারণেই এই খেলার নাম হয়েছে গোল্লাছুট। অন্য পক্ষের খেলোয়াড়রা তাদের ঘিরে দূরে দাঁড়িয়ে থাকে। দলনেতাকে ধরে ঘুরতে থাকা খেলোয়াড়রা কৌশলে দৌড় দিয়ে সীমানাকে ছুঁতে চেষ্টা করবে। আর অন্য দল ছুটে চলে দৌড় দেওয়া খেলোয়াড়কে সীমানা ছোঁয়ার আগে ছুঁয়ে দিতে চেষ্টা করবে। যদি ছুঁয়ে দিতে পারে তাহলে ওই খেলোয়াড় খেলা থেকে বাদ যাবে। এক পক্ষের খেলা শেষ হলে অন্য পক্ষ খেলার সুযোগ পাবে;
- দেশীয় খেলা অনুশীলনের পর ক্লান্ত হয়ে গেলে সবাইকে বসে বিশ্রাম নিতে বলবেন;
- খেলাটি শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন;
- ভালো লাগলে কেন ভালো লেগেছে তা জানতে চাইবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের নিকট দেশীয় সংস্কৃতি সম্পর্কে ব্যাখ্যা করুন;
- দেশীয় সংস্কৃতি চর্চায় উৎসাহিত করুন;
- দেশীয় খেলাধুলা চর্চার প্রতি আগ্রহী করে তুলুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# প্রাকৃতিক পরিবেশের বিভিন্ন দৃশ্য অঙ্গাভঙ্গিসহ উপস্থাপন

### এই এই সেশনে

- সংস্কৃতির বিভিন্ন উপাদান সম্পর্কে জানতে পারবে। বিভিন্ন উৎসবের বিষয় অনুশীলনের মাধ্যমে ভাব ভঙ্গিসহ উপস্থাপন করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- পর্যাপ্ত আলো বাতাসযুক্ত পরিষ্কার কক্ষ কিংবা বিদ্যালয়ের খেলার মাঠ
- বৈশাখ বরণ, চৈত্র সংক্রান্তি, নবান্ন ইত্যাদির চিত্র, অডিয়ো ভিডিয়ো

### বিষয়বস্তু

সাংস্কৃতিক বৈচিত্র্য

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক সবার সাথে পূর্বের ক্লাসের বিষয়ে আলোচনা করবেন;
- সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে ব্যাখ্যা করবেন। মানুষের বৈচিত্র্যময় ভাষা, আচরণ, অভ্যাস, বিশ্বাস ইত্যাদির গুরুত্ব সম্পর্কে অবহিত করবেন।

## শারীরিক অনুশীলন

- শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে কিছুক্ষণ হাঁটবে;
- হাঁটা শেষ হবার পর গোল হয়ে দাঁড়াবে;
- শিক্ষক শিক্ষার্থীদের সাথে বৈশাখ বরণ সম্পর্কে আলোচনা করবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে বৈশাখী মেলার একটি দৃশ্য নির্মাণ করবেন;
- মেলায় নানা ধরনের দোকান থাকবে। বিভিন্ন ধরনের খেলনার দোকান, মুড়ি-মুড়কি-নিমকি-মিষ্টির দোকান, নাগরদোলা, বায়োস্কোপ ইত্যাদি থাকবে। কেউ কেউ ক্রেতার ভূমিকায় থাকবে এবং কেউ কেউ বিক্রেতার ভূমিকায়। বিভিন্ন বয়স, পেশা, ধর্ম-বর্ণের মানুষ থাকবে। একে অপরকে শ্রদ্ধা ও সৌহার্দ্যের সাথে কুশল বিনিময় করবে;
- শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে নবান্ন উৎসবের একটি দৃশ্য তৈরি করবেন। নতুন ফসল কেটে কৃষকরা বাড়ির উঠানে নিয়ে আসবে। কৃষাণ-কৃষাণীরা গান গাইতে গাইতে ধান ভানবে, ঢেঁকির তালে বাড়ির আঙিনা মুখরিত হবে। ঢেঁকি ছাঁটা চাল দিয়ে ভাত রান্না হবে। আনন্দঘন পরিবেশে নতুন চালের পিঠা, ক্ষীর-পায়েস প্রভৃতি নানা খাবার তৈরি হবে। খাওয়া দাওয়ার মাধ্যমে সবাই মিলে নবান্ন উৎসব পালিত হবে;





- শিক্ষার্থীরা বিভিন্ন চরিত্রে অভিনয় করবে;
- অনুশীলনের পর শিক্ষক সবার সাথে মত বিনিময় পালন করবো।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়;
- শিক্ষার্থীদের নিয়মিত উৎসাহ প্রদান করুন;
- শিক্ষার্থীদের নিকট দেশীয় সংস্কৃতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য সম্পর্কে ব্যাখ্যা করুন;
- সবার সাথে কুশল বিনিময় করে ক্লাসের সমাপ্তি ঘোষণা করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# তৃতীয় অধ্যায়

# স্বকীয় চিন্তা ও কল্পনার মাধ্যমে সৃজনশীলতা প্রকাশ

কল্পনা হলো পঞ্চইন্দ্রিয়গ্রাহ্য বাস্তবতায় অনুপস্থিত কোনোকিছুর মানসিক ছবি তৈরি করার ক্রিয়া বা সক্ষমতা। মানব মনের চালিকাশক্তি হলো কল্পনা। স্বকীয় চিন্তা ও কল্পনার মাধ্যমে মানুষ সৃজনশীলতা প্রকাশ করে। আমাদের দৈনন্দিন জীবন কল্পনা দ্বারা প্রভাবিত হয়। কোমলমতি শিক্ষার্থীরা মনোদৈহিক প্রক্রিয়ায় অর্থাৎ কল্পনা করে এবং অঙ্গপ্রত্যঙ্গের ক্রিয়া দ্বারা তার পরিচিত বিভিন্ন মানুষ ও ঘটনার অনুকরণ করার প্রক্রিয়ার সাঙ্গে পরিচিত হবে। চিন্তা ও কল্পনার দ্বারা নিজস্ব অভিজ্ঞতার আলোকে নাট্যিক দৃশ্য তৈরির এই প্রচেষ্টা কোমলমতি শিশুদের সুস্থ মানসিক বিকাশে সাহায্য করবে।

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**৩.১ সামাজিক ও প্রাকৃতিক বিষয়সমূহের রং, রূপ, সুর, ছন্দ ইত্যাদি শিল্পকলা চর্চার মাধ্যমে সৃজনশীলতা প্রকাশ করতে পারা।**

সেশন
১

## অভিনয়ের প্রস্তুতি: অভিনয়ের মাধ্যমে প্রাকৃতিক পরিবেশ উপস্থাপন

### এই এই সেশনে

- চিন্তা ও কল্পনার সাহায্যে অভিনয় অনুশীলন করবে। সরাসরি পর্যবেক্ষণ করে এবং স্থিরচিত্র ও ভিডিয়ো দেখে বিভিন্ন পরিবেশ ও পরিস্থিতির অভিনয় অনুশীলন করবে।

### শিখন-শেখানো উপকরণ

- শিক্ষার্থীদের বিভিন্ন পরিস্থিতি, নাটক/নাট্যাংশের চিত্র, অডিয়ো, ভিডিয়ো
- হোয়াইট বোর্ড/ব্যাক বোর্ড, মার্কার/চক, ডাস্টার

### বিষয়বস্তু

চিন্তা ও কল্পনা

### শিখন-শেখানো কার্যক্রম


- শিক্ষক ও শিক্ষার্থী সবাই কক্ষে প্রবেশ করার পর বসবে এবং মনঃসংযোগ স্থাপন করতে সচেষ্ট হবে;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম বলবেন, বোর্ডে লিখবেন এবং সবাইকে তার সাথে উচ্চারণ করতে বলবেন;
- শিক্ষার্থীকে প্রথমত তার ইচ্ছেমতো হাঁটা, চলা, অঙ্গভঙ্গি করার জন্য বলবেন। তাদের যত্ন নিয়ে উৎসাহিত করবেন। এরপর তার কোন নিকটাত্মীয়র কথা জিজ্ঞেস করবেন। তার বাবা-মা, কাকা-কাকি, ফুপা-ফুপি, মামা-মামি এরকম নিকটাত্মীয়গণ কিভাবে কথা বলে, হাসে, তাকায় ইত্যাদি ভেবে করে দেখাতে বলবেন। শিশুরা যেন আনন্দের সাথে কল্পনা করে সৃজনশীল আবহ খুঁজে পায়, সে বিষয়ে যত্নের সাথে খেয়াল রাখতে হবে;
- এবার চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা সম্পর্কে সহজ ভাষায় ব্যাখ্যা করবেন। মানুষের আচরণ, চলন-বলন, অঙ্গভঙ্গি ইত্যাদি সম্পর্কে বলবেন এবং এসব পর্যবেক্ষণের বিষয়ে অবহিত করবেন।

## শারীরিক অনুশীলন

- সব শিক্ষার্থী মিলে একটি বৃত্ত তৈরি করবে। এই বৃত্তে চক্রাকারে কিছুক্ষণ হাঁটবে। তারপর সারিবদ্ধ বা অর্ধবৃত্ত হয়ে দাঁড়াবে;
- শিক্ষার্থীদের তাদের পরিচিত বিভিন্ন প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে শিক্ষক বর্ণনা করবেন। শিক্ষার্থীদের নিকট তারা কী কী ফুল, ফল ও গাছ চেনে, সে বিষয়ে জানতে চাইবেন। শিক্ষার্থীগণ উত্তর প্রদান করলে শিক্ষক তাদের উৎসাহ প্রদান করবেন;
- এরপর প্রাকৃতিক পরিবেশের বিভিন্ন স্থিরচিত্র ও ভিডিয়ো দেখানো হবে। শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে প্রাকৃতিক পরিবেশে পর্যবেক্ষণ করতে নিয়ে যাবেন। তিনি শিক্ষার্থীদের বিভিন্ন ফুল, ফল, বৃক্ষ, বাগান ঘুরে দেখাবেন;
- শিক্ষক শিক্ষার্থীদের বসন্তের প্রাকৃতিক দৃশ্যের কথা বলবেন। বসন্তের বাতাস মানুষকে প্রশান্তি দেয়, মুগ্ধ করে। এই ঋতুতে ফুল ফুটে, নতুন গাছের পাতা গজায়, নতুন গাছের জন্ম হয়। গাছপালা বেড়ে উঠে, ফুল ও ফলের পরবর্তী বেড়ে ওঠায় এই সময়ের জলবায়ু গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এই ঋতুতে রক্তকাঞ্চন, কুসুম, নাগেশ্বর, মহুয়া, গামারি, অশোক, রুদ্রপলাশ, শিমুল, মণিমালা, মাদার, ক্যামেলিয়া ইত্যাদি ফুল ফোটে;




- শিক্ষার্থীরা কয়েকটি গ্রুপে ভাগ হবে। বসন্তের ফুল, পাতা, গাছ নিয়ে অভিনয় দৃশ্য নির্মাণ করবে। শিক্ষক শিক্ষার্থীদের সাথে বসে আনন্দের সাথে বাচ্চাদের অভিজ্ঞতা শুনে দৃশ্য নির্মাণে সহায়তা করবেন। দৃশ্যে শিক্ষার্থীরা একে অপরকে বিভিন্ন প্রস্ফুটিত ফুল, কচি পাতা, গাছের বিষয়ে কথা বলবে, ফুলের গন্ধ শুঁকবে, ফুলের রং চিনবে, গাছের পাতা স্পর্শ করবে, বসন্তের বাতাসে বিমোহিত হবে;
- সকল ছাত্রছাত্রী যেন অভিনয়ক্রিয়া আনন্দের সাথে অংশগ্রহণ করে, সে বিষয়ে শিক্ষক সর্বোচ্চ যত্ন নিবেন;



- অভিনয় উপস্থাপনের পর সবাইকে বসে বিশ্রাম নিতে বলবেন;
- বিশ্রামরত অবস্থায় অনুশীলনটি শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন;
- শিক্ষার্থীর অনুভূতি শুনে শিক্ষক সবাইকে উৎসাহিত করবেন;
- ভালো লাগলে কেন ভালো লেগেছে তা জানতে চাইবেন। কোন সমস্যা হলে সমাধান করবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়;
- শিক্ষার্থীদের নিকট বিভিন্ন ঘটনা, পরিস্থিতি ও দেশীয় সংস্কৃতির নানা উপাদান সম্পর্কে ব্যাখ্যা করুন;
- সবার সঙ্গে কুশল বিনিময় করে ক্লাসের সমাপ্তি ঘোষণা করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# অভিনয়ের প্রস্তুতি: নাট্যিক ক্রিয়ার অনুকরণ

### এই এই সেশনে

- নাট্যিক ক্রিয়া নির্মাণের অনুশীলন করবে;
- বিভিন্ন পরিস্থিতি ও অভিজ্ঞতার অনুকরণ অনুশীলন করবে।

### শিখন-শেখানো উপকরণ

- শিক্ষার্থীদের পরিচিত নানা পরিস্থিতির চিত্র, অডিয়ো, ভিডিয়ো

### বিষয়বস্তু

চিন্তা ও কল্পনা

### শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক ও শিক্ষার্থী সবাই খালি পায়ে কক্ষে প্রবেশ করবে;
- শিক্ষার্থীরা অর্ধবৃত্তাকার হয়ে দাঁড়াবে;
- শিক্ষক শ্রেনিকক্ষে সবার সাথে কুশল বিনিময় করবেন;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম, বিষয় ও উদ্দেশ্য ব্যাখ্যা করবেন;
- চিন্তা, কল্পনা, সৃজনশীলতা ও নাট্যিক ক্রিয়া সম্পর্কে ব্যাখ্যা করবেন। মানুষের আচরণ, চলন-বলন, অঙ্গাভঙ্গি ইত্যাদি সম্পর্কে বলবেন এবং এসব পর্যবেক্ষণের বিষয়ে অবহিত করবেন।

## শারীরিক অনুশীলন

- সব শিক্ষার্থী মিলে একটি বৃত্ত তৈরি করবে। এই বৃত্তে চক্রাকারে কিছুক্ষণ হাঁটবে। তারপর সারিবদ্ধ বা অর্ধবৃত্ত হয়ে দাঁড়াবে;
- শিক্ষার্থীদের নিকট শিক্ষক জানতে চাইবেন, কার কোন ফল খেতে ভালো লাগে? শিক্ষার্থীগণ উত্তরে বিভিন্ন ফলের নাম বলবে। এবার শিক্ষক বলবেন ফল খেতে হলে আমাদের কি করা উচিত? শিক্ষার্থীরা উত্তর প্রদান করলে শিক্ষক তাদের উৎসাহ প্রদান করে বৃক্ষ রোপণের নানা উপকারিতা বর্ণনা করবেন;
- এবার বৃক্ষরোপণ বিষয় একটি নাট্যিক আবহের অবতারণা করবেন। গল্পটি এরকম -

> বর্ষার শুরুতে স্কুলে বৃক্ষরোপণ কর্মসূচি শুরু হয়েছে। নানা প্রকার ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ করা হচ্ছে। শিক্ষার্থীরা সম্মিলিতভাবে বৃক্ষরোপণ করছে। কিছু শিক্ষার্থী শাবল দিয়ে গর্ত খুঁড়ছে, কিছু শিক্ষার্থী মাটি একপাশে সরিয়ে রাখছে, কিছু শিক্ষার্থী বৃক্ষ রোপণ করছে। রোপণ শেষ হলে মাটি দেওয়ার পর শিক্ষার্থীরা পানি দিবে। অতঃপর চারাটি সযত্নে বেড়ে ওঠার জন্য বেড়া দেওয়া হবে।

- শিক্ষক গল্প অনুযায়ী ছাত্রছাত্রীদের মধ্যে চরিত্র ভাগ করে দায়িত্ব বন্টন করে দিবেন। শিক্ষার্থীগণকে উৎসাহ প্রদানের জন্য শিক্ষক নিজে দৃশ্য নির্মাণে অভিনয়ে অংশগ্রহণ করবেন;
- এভাবে পরিস্থিতি অনুযায়ী অভিনয় অনুশীলনের পর বসে শিক্ষার্থীদের নিকট মতামত জানতে চাইবেন;



## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়;
- শিক্ষার্থীদের নিকট বিভিন্ন ঘটনা ও পরিস্থিতি সম্পর্কে ব্যাখ্যা করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
৩

# অভিনয়ের প্রস্তুতি: অভিনয়মূলক খেলা

### এই এই সেশনে

- অভিনয়মূলক খেলার মাধ্যমে অনুকরণ অনুশীলন করবে। বিভিন্ন পরিস্থিতি ও অভিজ্ঞতার অনুকরণ অনুশীলন করবে।

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ
- ব্ল্যাক বোর্ড/হোয়াইট বোর্ড, চক/মার্কার, ডাস্টার, থিয়েটার গেমসে ব্যবহৃত দ্রব্য সামগ্রী ইত্যাদি

### বিষয়বস্তু

চিন্তা ও কল্পনা

### শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষার্থীরা হাতে হাত ধরে অর্ধবৃত্তাকার হয়ে দাঁড়াবে। তারপর হাত ছেড়ে দেবে;
- শিক্ষক চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা সম্পর্কে সহজ ভাষায় ব্যাখ্যা করবেন। তিনি শিক্ষার্থীদের প্রশ্ন করবেন, তারা কখনও ইঁদুর ও বিড়াল দেখেছে কিনা? শিক্ষার্থীরা উত্তর প্রদান করলে তিনি তাদের উৎসাহিত করবেন। এরপর তিনি মানুষ ও বিভিন্ন প্রাণীর আচরণ, চলন-বলন, অঙ্গভঙ্গি ইত্যাদি সম্পর্কে বলবেন এবং এসব পর্যবেক্ষণের বিষয়ে অবহিত করবেন;

## শারীরিক অনুশীলন

- শিক্ষক শিক্ষার্থীদের ইঁদুর বিড়াল খেলার নিয়ম বুঝিয়ে বলবেন। কোনো শিক্ষার্থীর বুঝতে সমস্যা হলে ধৈর্য ধরে সহজ ভাষায় তাকে বুঝিয়ে বলুন। শ্রেণিকক্ষের পরিবেশ যেন সবসময় আনন্দমুখর থাকে সে বিষয়ে শিক্ষক সচেষ্ট থাকবেন;

- শিক্ষার্থীরা বৃত্তাকার হয়ে দাঁড়াবে। শিক্ষার্থী সংখ্যা বেশি হলে একাধিক দলে ভাগ করা যেতে পারে। শিক্ষার্থীদের মধ্যে একজন ইঁদুরের ভূমিকায় ও আরেকজনকে বিড়ালের ভূমিকায় নির্বাচন করতে হবে। ইঁদুর বৃত্তের ভেতরে থাকবে, এবং বিড়াল বৃত্তের বাইরে থাকবে। অবশিষ্ট শিক্ষার্থীরা হাতে হাত ধরে বৃত্ত তৈরি করবে। বিড়ালের চেষ্টা থাকবে বৃত্তের ভেতর ঢুকে ইঁদুরকে ধরা। অন্যদিকে ইঁদুর বিড়ালের হাত থেকে বাঁচার চেষ্টা করবে। হাত ধরে বৃত্ত তৈরি করা শিক্ষার্থীরা বিড়ালের হাত থেকে ইঁদুরকে বাঁচানোর চেষ্টা করবে। বিড়াল ইঁদুরকে স্পর্শ করলে উভয়ের খেলা শেষ হবে এবং নতুন দুজন শিক্ষার্থীকে ইঁদুর বিড়ালের ভূমিকায় নির্বাচন করতে হবে। এভাবে খেলা চলতে থাকবে:
- এভাবে অনুশীলনের পর শিক্ষক সবাইকে এ বিষয়ে প্রশ্ন করার জন্য আহ্বান করবেন। তাদের কেমন লেগেছে, তা জানতে চাইবেন:
- শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর প্রদান করবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়।
- শিক্ষার্থীদের নিকট বিভিন্ন ঘটনা ও পরিস্থিতি সম্পর্কে ব্যাখ্যা করুন।
- শিক্ষার্থীদের প্রশংসা করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# চতুর্থ অধ্যায়

# অভিনয়: নৈতিকতা ও মানবিকতা এবং সামাজিক দায়িত্ববোধ

এই অধ্যায়ের পাঠসমূহে শিক্ষার্থীরা অভিনয়ের মাধ্যমে পারস্পরিক শ্রদ্ধাবোধ, নৈতিকতাবোধ, মানবতাবোধ ও পরিবেশ-প্রকৃতি সম্পর্কে সচেতন হবে। তাছাড়া সামাজিক দায়বদ্ধতা, সহিষ্ণুতা এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারে স্বাচ্ছন্দ্যবোধ ও নেতৃত্বদানের গুণাবলি অভিনয়ের মাধ্যমে অর্জন করবে।

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

**৪.১ নৈতিকতা ও মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে জেনে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারবে।**

সেশন
১

## নৈতিকতা সম্পর্কে প্রাথমিক ধারণা

### এই সেশনে

নৈতিকতা সম্পর্কে প্রাথমিক জ্ঞান অর্জন করবে। বিভিন্ন পরিস্থিতি ও অভিজ্ঞতায় নৈতিকতা প্রয়োগ করে অভিনয় নৈপুণ্য দ্বারা প্রকাশ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ
- ব্ল্যাক বোর্ড/হোয়াইট বোর্ড, চক/মার্কার, ডাস্টার ইত্যাদি

### বিষয়বস্তু


নৈতিকতা ও মানবিকতা এবং সামাজিক দায়িত্ববোধ।

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক শ্রেণিকক্ষে সবার সাথে কুশল বিনিময় করবেন। তারপর শিক্ষার্থীদের প্রত্যেককে বলবেন, ভালো কাজ কী? শিক্ষার্থীরা যে উত্তরই প্রদান করুক না, শিক্ষক তাদের উৎসাহিত করবেন। এরপর তিনি প্রত্যেক শিক্ষার্থীকে একটি করে ভালো কাজের কথা বলতে বলবেন। শিক্ষার্থীরা যেন উৎসাহ নিয়ে মনোভাব ব্যক্ত করে শিক্ষক সে ব্যাপারে সচেষ্ট থাকবেন। এবার শিক্ষক সহজ ভাবে নৈতিকতা সম্পর্কে ব্যাখ্যা করবেন।

## অনুশীলন

- সব শিক্ষার্থী মিলে একটি বৃত্ত তৈরি করবে। এই বৃত্তে চক্রাকারে কিছুক্ষণ হাঁটবে। তারপর সারিবদ্ধ হয়ে বসবে;
- শিক্ষক শিক্ষার্থীদের নাট্য নির্মাণের জন্য নৈতিকতার গল্প বলবেন;
- কয়েকজন শিক্ষার্থী বিদ্যালয়ের মাঠে খেলছে। এসময় তারা কিছু টাকা খুঁজে পায়। টাকা পাওয়ার পরপরই শিক্ষার্থীরা খেলা থামিয়ে দেয়। এবার তারা টাকাগুলো নিয়ে শিক্ষকের কাছে গিয়ে জমা দেয়। শিক্ষক তখন অনুসন্ধান করে প্রকৃত মালিককে টাকা ফিরিয়ে দেয়।



- শিক্ষার্থীরা গল্প অনুযায়ী অভিনয় দৃশ্য নির্মাণ করবে;
- এভাবে অনুশীলনের পর সবাইকে মেরুদণ্ড সোজা রেখে বসে বিশ্রাম নিতে বলবেন;
- বিশ্রামরত অবস্থায় অনুশীলনটি শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন;
- ভালো লাগলে কেন ভালো লেগেছে তা জানতে চাইবেন। কোনো সমস্যা হলে সমাধান করবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়;
- শিক্ষার্থীদের নিকট নৈতিকতার ইতিবাচক দিক সম্পর্কে ব্যাখ্যা করুন এবং নৈতিক কাজের প্রতি উৎসাহিত করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন
২

# মানবিকতা সম্পর্কে প্রাথমিক ধারণা

### এই এই সেশনে

- মানবিকতা সম্পর্কে প্রাথমিক জ্ঞান অর্জন করবে। বিভিন্ন পরিস্থিতি ও অভিজ্ঞতায় শারীরিক ক্রিয়া দ্বারা প্রকাশ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ
- ব্ল্যাক বোর্ড/হোয়াইট বোর্ড, চক/মার্কার, ডাস্টার ইত্যাদি

## বিষয়বস্তু


নৈতিকতা ও মানবিকতা এবং সামাজিক দায়িত্ববোধ

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক শ্রেণিকক্ষে সবার সাথে কুশল বিনিময় করবেন;
- শিক্ষক আজকের সেশনের শিরোনাম বলবেন, বোর্ডে লিখবেন এবং সবাইকে তার সাথে উচ্চারণ করতে বলবেন;
- মানবিকতা সম্পর্কে ব্যাখ্যা করবেন।

## অনুশীলন

- শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে হাতে হাত রেখে দাঁড়াবে;
- এবার শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, তারা ফড়িং চেনে কিনা, কখনও ফড়িং দেখেছে কিনা? তারপর শিক্ষক ফড়িঙের রং, পাখা, সৌন্দর্য বিষয়ে শিক্ষার্থীদের বলবেন;
- এবার শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশ্যে একটি নাট্য পরিস্থিতি ব্যাখ্যা করবেন;
- কয়েকজন শিশু ফড়িং নিয়ে খেলা করছে। শিশুদের মধ্যে কয়েকজন ফড়িং ধরে ফড়িঙের লেজ কেটে দিচ্ছে। আবার কয়েকজন ফড়িঙের লেজে সুতা বেঁধে, সেই সুতা নিজের হাতে রেখে উড়তে বাধা দিচ্ছে। এমন সময় দুজন বয়স্ক মানুষ এসে শিশুদের সাথে কথা বলবেন। তারা শিশুদের বুঝিয়ে বলবেন ফড়িংয়ের লেজ কেটে দিলে বা সুতা দিয়ে বেঁধে রাখলে ফড়িং কষ্ট পায়। মানুষের যেমন প্রাণ আছে, অন্য প্রাণীদেরও প্রাণ আছে। তাই কোনোভাবেই পশু-পাখি, পোকামাকড় কে খেলাচ্ছলে কষ্ট দেওয়া উচিত না। শিশুরা তখন অনুতপ্ত হবে এবং কখনোই এই ধরনের কাজ করবেনা বলে সিদ্ধান্ত নেয়;



- এই ঘটনাটি অবলম্বন করে শিক্ষক শিক্ষার্থীদের মাঝে চরিত্রগুলো বন্টন করে অভিনয়ের অনুশীলন করাবেন। শিক্ষার্থীগণ যেন আনন্দপূর্ণ পরিবেশে অভিনয় ক্রিয়া সম্পাদন করতে পারে, সে বিষয়ে নজর রাখবেন;
- অনুশীলন সমাপ্ত হলে সবাইকে উৎসাহিত করবেন। শিক্ষার্থীদের সহজ ভাষায় ও মানবিকতা সম্পর্কে আরও উদাহরণ দিবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়;
- ব্যক্তিজীবনে নানা পরিস্থিতিতে কিভাবে মানবিকতা প্রয়োগ করবে, সে সম্পর্কে ব্যাখ্যা করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

সেশন ৩

# সামাজিক দায়িত্ববোধ সম্পর্কে প্রাথমিক ধারণা

### এই এই সেশনে

- সামাজিক দায়িত্ববোধ সম্পর্কে প্রাথমিক জ্ঞান অর্জন করবে। বিভিন্ন পরিস্থিতি ও অভিজ্ঞতায় সামাজিক দায়িত্ববোধ প্রয়োগ করে অভিনয় নৈপুণ্য দ্বারা প্রকাশ করতে পারবে।

### শিখন-শেখানো উপকরণ

- শুকনো ও পরিষ্কার বড়ো কক্ষ
- ব্ল্যাক বোর্ড/হোয়াইট বোর্ড, চক/মার্কার, ডাস্টার ইত্যাদি।

## বিষয়বস্তু

নৈতিকতা ও মানবিকতা এবং সামাজিক দায়িত্ববোধ।

## শিখন-শেখানো কার্যক্রম

- শিক্ষক শ্রেণিকক্ষে সবার সাথে কুশল বিনিময় করবেন;
- সামাজিক দায়িত্ববোধ সম্পর্কে শিশুদের উপযোগী সহজ ভাষায় ব্যাখ্যা করবেন।

## অনুশীলন

- সব শিক্ষার্থী মিলে একটি বৃত্ত তৈরি করবে। এই বৃত্তে চক্রাকারে কিছুক্ষণ হাঁটবে। তারপর সারিবদ্ধ হয়ে বসবে;
- শিক্ষক শিক্ষার্থীদের নিকট সামাজিক দায়িত্ববোধের গল্প বলবেন। শিক্ষার্থীদের জীবন-যাপনের সাথে পরিচিত গল্প দ্বারা শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করা যেতে পারে;
- কয়েকজন শিক্ষার্থী স্কুলের বারান্দায় টিফিন ব্রেকে তৃপ্তি সহকারে কলা ও পাউরুটি খাচ্ছে। কলা খাওয়া শেষ করে বারান্দার পাশে রাস্তায় কলার খোসা ফেলবে। এসময় আরও দুজন শিক্ষার্থী এসে কলার খোসা ফেলা শিক্ষার্থীদের বলবে, যেখানে সেখানে কলার খোসা ফেলা উচিত না। এতে যে কেউ খোসায় পা পিছলে আহত হতে পারে। তাই কলা খেয়ে খোসা ডাস্টবিন বা নির্দিষ্ট স্থানে ফেলবে। শিক্ষার্থীরা তখন রাস্তা থেকে কলার খোসা তুলে নির্দিষ্ট স্থানে ফেলে দিয়ে আসবে;



- বাবার সাথে রিকশায় করে চিপস খেতে খেতে যাবে সন্তান। চিপস খাওয়া শেষ হলে সন্তান চিপসের প্যাকেট রাস্তায় ফেলে দিবে। বাবা তখন রিকশা থামিয়ে সন্তান কে সাথে নিয়ে রিকশা থেকে নামবেন। তারপর চিপসের প্যাকেট রাস্তা থেকে সন্তানকে দিয়ে তুলে নিয়ে একটি ডাস্টবিনে ফেলবেন। সন্তানকে তিনি বুঝিয়ে বলবেন যেখানে সেখানে প্যাকেট ফেললে পরিবেশ নোংরা হবে। পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা আমাদেরই দায়িত্ব;
- শিক্ষার্থীরা সামাজিক দায়িত্ববোধের গল্প অনুযায়ী অভিনয় দৃশ্য নির্মাণ করবে। শিক্ষক দৃশ্য নির্মাণে ছাত্রছাত্রীদের সহযোগিতা করবেন এবং উৎসাহ প্রদান করবেন;
- এভাবে অনুশীলনের পর সবাইকে মেরুদণ্ড সোজা রেখে বসে বিশ্রাম নিতে বলবেন;
- বিশ্রামরত অবস্থায় অনুশীলনটি শিক্ষার্থীদের নিকট কেমন লাগলো তা জানতে চাইবেন;
- ভালো লাগলে কেন ভালো লেগেছে তা জানতে চাইবেন। কোনো সমস্যা হলে সমাধান করবেন।

## সারসংক্ষেপ

- শিক্ষার্থীদের জন্য সহজাত পরিবেশ তৈরি করুন যেন তারা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণে আগ্রহী হয়;
- শিক্ষার্থীদের নিকট সামাজিক দায়বদ্ধতার ইতিবাচক দিক সম্পর্কে ব্যাখ্যা করুন;
- শিক্ষার্থীদের উৎসাহিত করুন।

## পর্যবেক্ষণ ও মূল্যায়ন

শিখন-শেখানো কার্যাবলি চলাকালীন বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীকে পারদর্শিতার নির্দেশক ব্যবহার করে মূল্যায়ন করবেন এবং পিছিয়ে-পড়া শিক্ষার্থীদের ফলাবর্তন প্রদান করবেন।

### সেশনের সমাপ্তি

শিক্ষক আজকের সেশনের উপর সংক্ষেপে আলোচনা করে পরবর্তী সেশন সম্পর্কে ধারণা দিয়ে সেশনের সমাপ্তি ঘোষণা করবেন।

# পারদর্শিতার নির্দেশক

**বিষয়ঃ শিল্পকলা**

(চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা)

# বিষয়: শিল্পকলা

(চারু ও কারুকলা, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা)

পারদর্শিতার সূচকসমূহ ও মাত্রা

বিষয়: **শিল্পকলা** শ্রেণি: **তৃতীয়**

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| ১০.০৩.০১ | প্রকৃতির রঙ, রূপ, বৈচিত্র, সুর, ছন্দ, সৌন্দর্য অবলোকন করে চর্চার মাধ্যমে শিল্পকলার বিভিন্ন মাধ্যমের সাথে সম্পর্ক স্থাপন করতে পারা। | ১০.০৩.০১.০১ | প্রকৃতি অবলোকন করে শিল্পকলার যে কোনো শাখায় প্রকাশ করতে পারছে। | দেখে প্রকাশ করার চেষ্টা করছে। | দেখে নির্দেশনা মেনে প্রকাশ করছে। | ধারাবাহিকভাবে প্রকাশ করছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | চারু ও কারুকর্মের ব্যবহার উপযোগী উপকরণের নাম জেনেছে। | চারু ও কারুকর্মের ব্যবহার উপযোগী উপকরণ আলাদা করতে পারছে। | চারু ও কারুকর্মের উপকরণ ব্যবহার করে শিল্পকর্ম তৈরি করছে। | চারুকলা অধ্যায়: ০১ সেশন: সেশন ০১ থেকে ০২ পর্যন্ত। |
| | | | | শুদ্ধ উচ্চারণে চরণগুলো আবৃত্তি করার চেষ্টা করছে। | নির্দেশনা মেনে শুদ্ধ উচ্চারণে চরণগুলো আবৃত্তি করার চেষ্টা করছে। | স্বতঃস্ফূর্তভাবে জাতীয় সংগীত আবৃত্তি করছে। | সংগীত অধ্যায়: ০২ সেশন: ০১ জাতীয় সংগীত |
| | | | | নিজের মতো হাঁটার চেষ্টা করছে। | পারিপার্শিক প্রকৃতি, পরিবেশ ও জীবনযাপন পর্যবেক্ষণ করে হাঁটছে। | পারিপার্শিক প্রকৃতি, পরিবেশ ও জীবনযাপন গভীরভাবে পর্যবেক্ষণ করে কল্পনাশক্তির প্রয়োগ ঘটিয়ে ঋতু অনুযায়ী হাঁটছে। | নাট্যকলা অধ্যায়: ০১ সেশন: ০১ অনুসন্ধিৎসা ও কল্পনাকে ব্যবহার করে ঋতু অনুযায়ী হাঁটতে পারা। |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | নৃত্যের মাধ্যমে প্রকাশ করার চেষ্টা করেছে। | নৃত্যের মাধ্যমে সাধারণভাবে প্রকাশ করছে। | নৃত্যের মাধ্যমে ধারাবাহিকভাবে প্রকাশ করছে। | নৃত্যকলা অধ্যায়ঃ ০১ সেশনঃ ০২ নৃত্যের মাধ্যমে সৃজনশীল প্রকাশ করতে পারছে। |
| | | ১০.০৩.০৫.০২ | শিল্পকলার যে কোনো শাখায় চর্চা করতে পারছে। | চর্চা করার চেষ্টা করছে। | নির্দেশনা মেনে চর্চা করছে। | নিয়মিতভাবে চর্চা করছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | শিক্ষকের সহায়তায় আঁকা-গড়ার চর্চা করছে। | নিজে-নিজে আঁকা-গড়া করতে চেষ্টা করছে। | সাবলীলভাবে আঁকা-গড়া করছে। | চারুকলা অধ্যায়ঃ ০১ সেশনঃ সেশন ০৩ থেকে ০৫ পর্যন্ত। |
| | | | | জাতীয় সংগীত গাওয়ার চেষ্টা করছে। | নিয়ম মেনে জাতীয় সংগীত গাওয়ার চেষ্টা করছে। | দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে স্বতঃস্ফূর্তভাবে প্রতিদিন সমাবেশে জাতীয় সংগীত গাইতে পারছে। | সংগীত অধ্যায়ঃ ০২ সেশনঃ ০২ ও ০৩ জাতীয় সংগীত |
| | | | | সাধারণভাবে বাচনিক ও শারীরিক ভঙ্গি দ্বারা উপস্থাপন করার চেষ্টা করছে। | বিষয়বস্তু অনুযায়ী নির্দেশনা মেনে বাচনিক ও শারীরিক ভঙ্গি দ্বারা উপস্থাপন করছে। | নিয়মিতভাবে বাচনিক ও শারীরিক ভঙ্গি দ্বারা উপস্থাপন করছে। | নাট্যকলা অধ্যায়ঃ ০১ সেশনঃ ০১-০৪ প্রকৃতির সৌন্দর্য অনুভূতি বাচনিক ও শারীরিক ভঙ্গি দ্বারা উপস্থাপন করতে পারছে। |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | নৃত্যের শরীরচর্চা করার চেষ্টা করছে। | নির্দেশনা মেনে নৃত্যের শরীরচর্চা করছে। | আনন্দের সাথে নিয়মিতভাবে শরীরচর্চা করছে। | নৃত্যকলা অধ্যায়ঃ ০১ সেশনঃ ০১-০৩ নৃত্যের শরীরচর্চা করতে পারছে। প্রাথমিক শরীরচর্চা-১ |
| ১০.০৩.০২ | দেশীয় সংস্কৃতির এক বা একাধিক উপাদান-উপকরণকে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা। | ১০.০৩.০২.০১ | দেশীয় সংস্কৃতির বিভিন্ন শাখার উপাদান-উপকরণ সনাক্ত করতে পারছে। | উপাদান-উপকরণ সনাক্ত করার চেষ্টা করছে। | সহায়তা নিয়ে উপাদান-উপকরণ সনাক্ত করতে পারছে। | সুনির্দিষ্টভাবে উপাদান-উপকরণ সনাক্ত করতে পারছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | নিজে-নিজে আঁকা-গড়ার উপাদান সনাক্ত করার চেষ্টা করছে। | শিক্ষকের সহায়তায় আঁকা-গড়ার উপাদান সনাক্ত করছে। | সাবলীলভাবে আঁকা-গড়ার উপাদান সনাক্ত করছে। | চারুকলা অধ্যায়ঃ ০২ সেশনঃ সেশন ০১ থেকে ০৩ পর্যন্ত। |
| | | | | শুদ্ধ উচ্চারণে গানের প্রথম ১০ চরণ আবৃত্তি করার চেষ্টা করছে। | শিক্ষকের সহায়তায় শুদ্ধ উচ্চারণে গানের প্রথম ১০ চরণ আবৃত্তি করছে। | স্বতঃস্ফূর্তভাবে শুদ্ধ উচ্চারণে গানের প্রথম ১০ চরণ আবৃত্তি করছে। | সংগীত অধ্যায়ঃ ০৩ সেশনঃ ০১ ও ০৪ লোক সংগীত |
| | | | | দেশীয় খেলাধুলা খেলার চেষ্টা করছে। | শিক্ষকের সহযোগিতায় দেশীয় খেলাধুলা খেলতে পারছে। | দক্ষতার সাথে দেশীয় খেলাধুলা খেলতে পারছে। | নাট্যকলা অধ্যায়ঃ ০২ সেশনঃ ০১ দেশীয় সংস্কৃতির অন্যতম অনুষঙ্গ দেশীয় খেলাধুলা খেলতে পারা। |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | নৃত্যচর্চার মাধ্যমে নিজের মত করে উপাদান-উপকরণ শনাক্ত করার চেষ্টা করছে। | শিক্ষকের সহায়তা নিয়ে উপাদান-উপকরণ শনাক্ত করছে। | উৎসাহের সাথে সুনির্দিষ্টভাবে উপাদান-উপকরণ শনাক্ত করছে। | নৃত্যকলা অধ্যায়ঃ ০২ সেশনঃ ০১ নৃত্যচর্চার মাধ্যমে সংস্কৃতির বিভিন্ন উপাদান-উপকরণ শনাক্ত করতে পারছে। |
| | | ১০.০৩.০২.০২ | দেশীয় সংস্কৃতির বিভিন্ন উপাদান-উপকরণ ব্যবহার করতে পারছে। | উপাদান-উপকরণ ব্যবহার করার চেষ্টা করছে। | নির্দেশনা অনুযায়ী উপাদান-উপকরণ ব্যবহার করছে। | স্বাচ্ছন্দ্যের সাথে উপাদান-উপকরণ ব্যবহার করছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | চারু ও কারুকর্মের উপাদান-উপকরণ ব্যবহার করার চেষ্টা করছে। | নির্দেশনা অনুযায়ী চারু ও কারুকলার উপাদান-উপকরণ ব্যবহার করছে। | সাবলীলভাবে আঁকা-গড়ার মাধ্যমে স্থানীয় সংস্কৃতিকে ফুটিয়ে তুলছে। | চারুকলা অধ্যায়ঃ ০২ সেশনঃ সেশন ০১ থেকে ০৩ পর্যন্ত। |
| | | | | সুর ও তাল লয়ের মাধ্যমে লোক সংগীতের শেষের ৬ চরণ গাওয়ার চেষ্টা করছে। | শিক্ষকের সহায়তায় সঠিক সুর ও তাল লয়ের মাধ্যমে লোক সংগীতের শেষের ৬ চরণ গাওয়ার চেষ্টা করছে। | স্বতঃস্ফূর্তভাবে শুদ্ধ উচ্চারণে লোক সংগীতের শেষের ৬ চরণ গাইতে পারছে। | সংগীত অধ্যায়ঃ ০৩ সেশনঃ ০১ ও ০৪ লোক সংগীত |
| | | | | বৈশাখী মেলা, নবান্ন উৎসবে নিজের মতো করে অংশগ্রহণ করার চেষ্টা করছে। | বৈশাখী মেলা, নবান্ন উৎসবে নিজস্ব উপলব্ধি প্রয়োগ করে অংশগ্রহণ করছে। | বৈশাখী মেলা, নবান্ন উৎসবে দক্ষতার সাথে আবেগ, অনুভূতি এবং কল্পনাশক্তি কাজে লাগিয়ে | নাট্যকলা অধ্যায়ঃ ০২ সেশনঃ ০২ |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | | | অভিনয় ক্রিয়া দ্বারা দৃশ্য নির্মাণে অংশগ্রহণ করছে। | নিজের অভিজ্ঞতা ও উপলব্ধি থেকে গুরুত্বপূর্ণ দেশীয় সংস্কৃতি- বৈশাখী মেলা, নবান্ন উৎসবে, অভিনয় ক্রিয়া দ্বারা অংশগ্রহণ করতে পেরেছে। |
| | | | | নৃত্যভঙ্গিমার সাথে প্রকাশ করতে চেষ্টা করছে। | নির্দেশনা মেনে শিক্ষকের সহায়তা নিয়ে নৃত্যে প্রকাশ করছে। | আনন্দের সাথে সাবলীলভাবে প্রকাশ করছে। | নৃত্যকলা অধ্যায়ঃ ০৩ সেশনঃ ০২ নির্বাচিত ছড়াগান নৃত্যভঙ্গিমার সাথে প্রকাশ করতে পারছে। |
| ১০.০৩.০৩ | সামাজিক ও প্রাকৃতিক বিষয়সমূহের রঙ, রূপ, সুর, ছন্দ ইত্যাদি শিল্পচর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা। | ১০.০৩.০৩.০১ | অভিজ্ঞতা কাজে লাগিয়ে শিল্পকলার যে কোন শাখায় প্রকাশ করতে পারছে। | প্রকাশ করার চেষ্টা করছে। | সহায়তা নিয়ে প্রকাশ করছে। | সাবলীলভাবে প্রকাশ করছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | শিক্ষকের সহায়তায় আঁকতে চেষ্টা করছে। | নিজস্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আঁকতে চেষ্টা করছে। | নিজস্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সাবলীলভাবে আঁকছে। | চারুকলা অধ্যায়ঃ ০৩ সেশনঃ সেশন-০১ থেকে ০৪ পর্যন্ত। |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | ছড়া গানটি আবৃত্তি ও সুরের মাধ্যমে গাওয়ার চেষ্টা করছে। | শিক্ষকের সহায়তায় সঠিক সুর ও তাল লয়ের মাধ্যমে ছড়া গানটি আবৃত্তি ও সুরের মাধ্যমে গাওয়ার চেষ্টা করছে। | স্বতঃস্ফূর্তভাবে শুদ্ধ উচ্চারণে সঠিক সুর ও তাল লয়ের মাধ্যমে ছড়া গানটি আবৃত্তি গাইতে পারছে। | সংগীত অধ্যায়ঃ ০৪ সেশনঃ ০১-০৪ ছড়া গান |
| | | | | পারিপার্শিক অভিজ্ঞতার কথা ও সংস্কৃতি সম্পর্কে বলার চেষ্টা করছে। | পারিপার্শিক অভিজ্ঞতার কথা ও সংস্কৃতি সম্পর্কে বলতে এবং অভিনয় করছে। | পারিপার্শিক অভিজ্ঞতার কথা ও সংস্কৃতি সম্পর্কে বলতে এবং নিজের কল্পনাশক্তি প্রয়োগ করে দক্ষতার সাথে অভিনয় করছে। | নাট্যকলা অধ্যায়ঃ ০৩ সেশনঃ ০১-০৩ প্রাকৃতিক পরিবেশ থেকে প্রাপ্ত অভিজ্ঞতা অভিনয় ক্রিয়ার মাধ্যমে প্রকাশ ঘটাতে পারা। |
| | | | | নৃত্যচর্চার মাধ্যমে উপাদান-উপকরণ (প্রপস) ব্যবহার করার চেষ্টা করছে। | নির্দেশনা অনুযায়ী নৃত্যের উপাদান-উপকরণ (প্রপস) ব্যবহার করছে। | স্বাচ্ছন্দ্যের সাথে নৃত্যের উপাদান-উপকরণ ব্যবহার করছে। | নৃত্যকলা অধ্যায়ঃ ০৩ সেশনঃ ০১-০৩ নির্দিষ্ট লোক নৃত্যচর্চার মাধ্যমে বিভিন্ন উপাদান-উপকরণ ব্যবহার করতে পারছে। |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| ১০.০৩.০৪ | নৈতিকতা ও মানবতাবোধ এবং সামাজিক দায়বদ্ধতা সম্পর্কে জেনে শিল্পকলা চর্চার মাধ্যমে প্রকাশ করতে পারা। | ১০.০৩.০৪.০১ | পরিবেশনার ক্ষেত্রে সহযোগিতা করতে পারছে। | এককভাবে কাজ করছে। | অন্যকে সহায়তা করার চেষ্টা করছে। | অন্যকে সহায়তা করছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | শিক্ষকের সহায়তায় আঁকতে চেষ্টা করছে। | নিজস্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আঁকতে চেষ্টা করছে। | নিজস্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সাবলীলভাবে আঁকতে পারছে। | চারুকলা অধ্যায়ঃ ০৪ সেশনঃ সেশন-০১ থেকে ০২ পর্যন্ত। |
| | | | | শুদ্ধ উচ্চারণে চরণগুলো আবৃত্তি করার চেষ্টা করছে। | নির্দেশনা মেনে শুদ্ধ উচ্চারণে চরণগুলো আবৃত্তি করার চেষ্টা করছে। | স্বতঃস্ফূর্তভাবে শুদ্ধ উচ্চারণে সঠিক সুর ও তাল লয়ের মাধ্যমে গানটি আবৃত্তি ও গাইতে পারছে। | সংগীত অধ্যায়ঃ ০৫ সেশনঃ ০১-০৩ উদ্দীপনামূলক গান। |
| | | | | নিজের মতো অভিনয় করতে চেষ্টা করছে। | গল্প অনুযায়ী অন্যকে সহযোগিতা করে অভিনয় করতে চেষ্টা করছে। | নির্দেশনা মেনে দক্ষতার সাথে অন্যকে সহায়তা করে অভিনয় করতে পারছে। | নাট্যকলা অধ্যায়ঃ ০৪ সেশনঃ ০১-০৩ অভিনয় দ্বারা প্রকাশ করতে পেরেছে। |
| | | | | নির্ধারিত নৃত্য এককভাবে করার চেষ্টা করছে। | নৃত্যের কাজে সহপাঠীকে সহায়তা করার চেষ্টা করছে। | নৃত্যের কাজে স্বতঃস্ফূর্ত দলগত অংশগ্রহন করছে। | নৃত্যকলা অধ্যায়ঃ ০৪ সেশনঃ ০১ নির্ধারিত নৃত্যের মাধ্যমে |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | | | | পরিবেশনার ক্ষেত্রে সহযোগিতা করছে। |
| | | ১০.০৩.০৪.০২ | কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখতে পারছে। | কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখার চেষ্টা করছে। | কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখছে। | কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায়ে অগ্রণী ভূমিকা পালন করছে। | |
| | | | | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | | | | চারু ও কারুকলার কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখার চেষ্টা করছে। | চারু ও কারুকলার কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখছে। | চারু ও কারুকলার কাজের ক্ষেত্রে শৃঙ্খলা বজায়ে অগ্রণী ভূমিকা পালন করছে। | চারুকলা<br>অধ্যায়ঃ ০৪<br>সেশনঃ সেশন-০১ থেকে ০২ পর্যন্ত |
| | | | | সুর ও তাল লয়ের মাধ্যমে গানটি গাওয়ার চেষ্টা করছে। | শিক্ষকের সহায়তায় সঠিক সুর ও তাল লয়ের মাধ্যমে গানটি গাওয়ার চেষ্টা করছে। | স্বতঃস্ফূর্তভাবে শুদ্ধ উচ্চারণে সঠিক সুর ও তাল লয়ের মাধ্যমে গানটি গাইতে পারছে। | সংগীত<br>অধ্যায়ঃ ০২<br>সেশনঃ ০১-০৩<br>উদ্দীপনামূলক গান। |
| | | | | নৈতিকতা, মানবিকত্ব ও সামাজিক দায়বদ্ধতা চিহ্নিত করার চেষ্টা করছে। | নৈতিকতা, মানবিকতা ও সামাজিক দায়বদ্ধতা চিহ্নিত করে গল্প অনুযায়ী অভিনয় ক্রিয়া করছে। | নৈতিকতা, মানবিকত্ব ও সামাজিক দায়বদ্ধতা চিহ্নিত করে শ্রদ্ধাশীল আচরণ দ্বারা কল্পনাশক্তির প্রয়োগ ঘটিয়ে গল্প অনুযায়ী অভিনয় ক্রিয়া করছে। | নাট্যকলা<br>অধ্যায়ঃ ০৪<br>সেশনঃ ০১-০৩<br>নৈতিকতা ও মানবিকত্ব এবং সামাজিক দায়িত্ববোধ চিহ্নিত করতে পেরেছে। |
| | | | | নৃত্যের শারীরিক ব্যায়াম করার ক্ষেত্রে শৃঙ্খলা | নৃত্যের শারীরিক ব্যায়াম করার ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখছে। | নৃত্যের শারীরিক ব্যায়াম করার ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রেখে নেতৃত্ব দিচ্ছে। | নৃত্যকলা<br>অধ্যায়ঃ ০৪ |

| যোগ্যতা নং | শ্রেণিভিত্তিক অর্জন-উপযোগী যোগ্যতা | পিআই নং | পারদর্শিতার সূচক (পিআই) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে অধ্যায়/সেশনে পারদর্শিতার সূচক পাওয়া যাবে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভালো | খুব ভালো | উত্তম | |
| | | | | বজায় রাখার চেষ্টা করছে। | | | সেশনঃ ০১ এর শরীর চচা ০১, ০২, ০৩ নৃত্যের শারীরিক ব্যায়াম করার ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখছে। |

২০২৪ শিক্ষাবর্ষ হতে

# তৃতীয় শ্রেণির শিল্পকলা বিষয়ের শিক্ষক সহায়িকা



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য